


ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA

গৌরবের ৬৮ তম বছর

অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■ 5 June 2022 ■ আগরতলা ৫ জুন, ২০২২ ইং ■ ২১ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ, রবিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

# চার কেন্দ্রেই প্রার্থী ঘোষণা করল বিজেপি


ডাঃ মানিক সাহা
(৮- টাউন বড়দোয়ালী)


ডাঃ অশোক সিনহা
(৬- আগরতলা)


স্বপ্না দাস পাল
(৪৬- সুরমা)


মলিনা দেবনাথ
(৫৭- যুবরাজনগর)

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** ত্রিপুরায় উপনির্বাচনে প্রার্থী ঘোষণা দিয়েছে বিজেপি। আগামী ২৩ জুন চারটি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে এবং ২৬ জুন ফলাফল ঘোষণা দেবে কমিশন।

বিজেপির সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অরুণ সিং এক প্রেস বিবৃতিতে জানিয়েছেন, ৮ নম্বর টাউন বড়দোয়ালি কেন্দ্রে প্রফেসর(ডা:) মানিক সাহা, ৬ নম্বর আগরতলা কেন্দ্রে ডা: অশোক সিনহা, ৪৬ নম্বর সুরমা কেন্দ্রে স্বপ্না দাস পাল এবং ৫৭ নম্বর যুবরাজনগর কেন্দ্রে মলিনা দেবনাথ উপনির্বাচনে প্রার্থী মনোনীত হয়েছেন ।ডা: মানিক সাহা বর্তমানে ত্রিপুরার মুখ্যমন্ত্রী পদে দায়িত্ব সামলাচ্ছেন। তিনি ৮ নম্বর টাউন বড়দোয়ালি কেন্দ্রের বাসিন্দাও। ফলে, ইতিপূর্বেই তিনি ইঙ্গিত দিয়েছিলেন এই কেন্দ্রে তাঁর প্রার্থী হওয়ার সম্ভাবনা প্রবল। সূত্রের খবর, আগামী সোমবার বিজেপি প্রার্থীরা মনোনয়ন জমা দেবেন।

এদিকে, বিজেপি প্রদেশ সভাপতি তথা মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা সহ দলের সর্বভারতীয় স্তরের নেতৃত্বরা এদিন দফায় দফায় সাংগঠনিক বৈঠক করছেন। এদিন বিজেপি রাজ্য কার্যালয়ে সর্বভারতীয় সাধারণ সম্পাদক কৈলাস বিজয়বর্গীয়, রাজ্য প্রভারী বিনোদ সোনকর, সংগঠন মনহামন্ত্রী ফণীন্দ্র নাথ শর্মা সহ রাজ্য নেতৃত্বরা উপস্থিত ছিলেন। আসন্ন উপনির্বাচনে দলের রণকৌশল স্থির করা হয়েছে।

## বাড়িতে ডেকে নিয়ে সংঘবদ্ধ হামলা, ধৃত পাঁচ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** শনিবার বেলা সাড়ে নয়টা নাগাদ ঊনকোটি জেলার কৈলাসহরের ইরানি থানা এলাকার পশ্চিম ইয়াজিখাওড়া গ্রাম পঞ্চায়েতে সঙ্ঘবদ্ধ হামলায় এক ব্যক্তি গুরুতরভাবে আহত হয়েছেন। আহত ব্যক্তিকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে জেলা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনা বিরাজ করছে। ইরানি থানার পুলিশ এ ঘটনায় জড়িত পাঁচজনকে গ্রেপ্তার করেছে।

ঘটনার বিবরণে জানা গেছে, ইরানি থানা এলাকার পশ্চিম ইয়াজিখাওড়া গ্রাম পঞ্চায়েতের দুই নং ওয়ার্ডের বাসিন্দা রোশন আলীর মেয়ের জামাই বদরপুর থেকে তাদের বাড়িতে বেড়াতে এসেছেন। পার্শবর্তী এক নম্বর ওয়ার্ডের বাসিন্দা বাবুল মিয়া শনিবার সকালে রোশন মিয়ার মেয়ের জামাইকে তাদের বাড়িতে চা খাওয়ার নিমন্ত্রণ করে নিয়ে যান। চা খাওয়ানোর নিমন্ত্রণ করে বাড়িতে নিয়ে গিয়ে তাকে একটি গাছের সাথে বেঁধে কুড়াল দিয়ে কুপিয়ে হত্যার চেষ্টা করা হয়। কুড়ালের আঘাতে তার একটি পা ভেঙ্গে গেছে। শরীরের অন্যান্য স্থানেও প্রচন্ড আঘাত লেগেছে। চিৎকার শুনে তার শ্বশুরবাড়ির লোকজন ছুটে যান। তাকে সেখান থেকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে ঊনকোটি জেলা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। বর্তমানে তিনি ঊনকোটি জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার অবস্থা আশঙ্কাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।

ঘটনার খবর ছড়িয়ে পড়তেই এলাকায় তীব্র ক্ষোভ ও উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয়েছে। খবর দেওয়া হয় ইরানি থানার পুলিশকে। খবর পেয়ে গ্রাম প্রধান ঘটনাস্থলে ছুটে আসেন। তিনি ঘটনাস্থলে এসে ঘটনা প্রত্যক্ষ করে রীতিমত হতভম্ব হয়ে ☛ ৬ এর পাতায় দেখুন

## উপনির্বাচন ঃ এখন পর্যন্ত ১৩ জন প্রার্থী মনোনয়ন জমা দিলেন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** ত্রিপুরায় উপনির্বাচনে আজ আরও পাঁচজন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। এখন পর্যন্ত ১২ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

৬-আগরতলা ও ৮-টাউন বড়দোয়ালি কেন্দ্রে উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আজ ৩ জন প্রার্থী মনোনয়নপত্র পেশ করেছেন। এছাড়া ৫৭-যুবরাজনগর কেন্দ্রে একজন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

এদিন ৬-আগরতলা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য এসইউসিআই দলের প্রার্থী মলিন দেববর্মা ও নির্দল প্রার্থী ব্রজলাল দেবনাথ রিটার্নিং অফিসার ডা. শৈলেশ কুমার যাদবের কাছে তাদের মনোনয়নপত্র জমা দেন। ৮-টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আমরা বাঙালি দলের প্রার্থী রামকৃষ্ণ দেবনাথ রিটার্নিং অফিসার অসীম সাহার কাছে মনোনয়নপত্র জমা দেন।

এছাড়া, যুবরাজ নগর কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রার্থী মৃণাল কান্তি দেবনাথ ধর্মনগর মহকুমা শাসকের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন। মনোনয়ন জমা দিতে তৃণমূল কংগ্রেস বিশাল মিছিল নিয়ে গেছে ।প্রসঙ্গত, ত্রিপুরায় উপনির্বাচনে এখন পর্যন্ত বিভিন্ন রাজনৈতিক দলের ১২ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন। বামফ্রন্ট সবকটি আসনে মনোনয়ন দিয়েছে।

শাসক দল বিজেপি এবং কংগ্রেস প্রার্থীরা এখনো মনোনয়ন জমা দেননি। সূত্রের খবর, বিজেপি প্রার্থীরা আগামী সোমবার মনোনয়ন জমা দেবেন। কংগ্রেসও একই দিনে মনোনয়ন জমা দেওয়ার প্রস্তুতি নিচ্ছে। যুবরাজনগর কেন্দ্রে আমরা বাঙালী প্রার্থী বিজয় কুমার নাথ মনোনয়নপত্র দাখিল করেছেন।

### সুদীপ ও আশীষই প্রার্থী, আংশিক তালিকা এআইসিসির, মনোনয়ন দাখিল মথার

## সুরমায় বিজেপিকে পরাস্ত করতে সক্ষম দলকে সমর্থনের ইঙ্গিত কংগ্রেসের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** রাজ্যের একের পর এক রাজনৈতিক সমীকরণ প্রকাশ্যে আসছে। চার কেন্দ্রে উপনির্বাচন নিয়ে রাজনৈতিক মহলে জোর আলোচনা চলছে। রাজ্যবাসী এই চার কেন্দ্রের উপনির্বাচনকে ২৩ এর বিধানসভা নির্বাচনের সেমিফাইন্যাল হিসেবে নিচ্ছে। এরই মধ্যে প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিৎ সিনহা জানিয়ে দিলেন সুরমা বিধানসভা কেন্দ্রে বিজেপিকে পরাস্ত করতে সক্ষম দলকে সমর্থন দেবে কংগ্রেস। দেখা গিয়েছে এই কেন্দ্রে কংগ্রেস প্রার্থী দেয়নি। এখানে তিপ্রা মথা প্রার্থী দিয়েছে।


শনিবার ৪৬-সুরমা বিধানসভা কেন্দ্রের তিপ্রা মথার প্রার্থী বাবুরাম সাতনামী (উত্তরীয় পরিধান করা) মনোনয়ন জমা দিয়েছেন দলীয় নেতা কর্মীদের সাথে নিয়ে।

এদিকে, উপনির্বাচনে আংশিক প্রার্থী ঘোষণা দিয়েছে কংগ্রেস। চারটি আসনে উপনির্বাচনের মধ্যে আপাতত দুইটি আসনে প্রার্থী ঘোষণা করা হয়েছে। ধারণা করা হচ্ছে, বাকি দুইটি আসনের মধ্যে একটি আসনে জোট বেঁধে লড়বে কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি এমনটাই ইঙ্গিত দিয়েছেন।

আজ এআইসিসি সাধারণ সম্পাদক মুকুল ওয়াসনিক এক প্রেস বিবৃতিতে জানিয়েছেন, ত্রিপুরা উপনির্বাচনে ৬ নম্বর আগরতলা আসনে সুদীপ রায় বর্মন এবং ৮ নম্বর টাউন বড়দোয়ালি কেন্দ্রে আশীষ কুমার সাহা প্রার্থী মনোনীত হয়েছেন। তবে, এখনই সুরমা এবং যুবরাজনগর কেন্দ্রে কংগ্রেস প্রার্থী ঘোষণা করেনি ।প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিত সিনহার বক্তব্য, সুরমা কেন্দ্রে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে বিজেপি-কে হারাতে সক্ষম এমন দলের সাথে সমর্থনে যাওয়ার সম্ভাবনা রয়েছে। তাই, এখনই সুরমা এবং যুবরাজনগর কেন্দ্রে প্রার্থী ঘোষণা দেওয়া হয়নি। শীঘ্রই ঘোষণা দেওয়া হবে বলে তিনি দাবি করেন।

ত্রিপুরায় উপনির্বাচনে লড়াইয়ে নামল তিপরা মথাও। আজ ৪৬ নম্বর সুরমা বিধানসভা কেন্দ্রে দলীয় প্রার্থী বাবুরাম সাতনামী মনোনয়ন জমা দিয়েছেন।

এ-বিষয়ে তিপরা মথার মুখপাত্র অ্যান্থনি দেববর্মা বলেন, আমরা জনজাতি ভিত্তিক আঞ্চলিক দলের কর্মী-সমর্থক হলেও জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলেই এক ও অভিন্ন। তাই, তপশিলি জাতি সংরক্ষিত আসনে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার সিদ্ধান্ত নিয়েছে তিপরা মথা।

তিনি বলেন, খুবই শিক্ষিত বাবুরাম সাতনামী বর্তমানে প্রাইভেট টিউশনি করে সংসার প্রতিপালন করছেন। তিনি শিক্ষকতার চাকুরী পেয়েছিলেন। কিন্তু, আদালতের রায়ে চাকুরী বাতিলের তালিকায় তিনিও রয়েছেন।

অ্যান্থনি দেববর্মার দাবি, গ্রেটার তিপরাল্যান্ডের সমর্থক বাবুরাম আজ উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় মনোনয়ন জমা দিয়েছেন। তিপরা মথার কর্মী সমর্থকরা মিছিল করে কমলপুর মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসারের কাছে মনোনয়ন জমা দিয়েছেন। তিনি জানান, উপনির্বাচনে একটি আসনেই তিপরা মথা প্রতিদ্বন্দ্বিতা করবে। ২০২৩ বিধানসভা নির্বাচনে সর্ব শক্তি নিয়ে ঝাঁপাবে। প্রসঙ্গত, তিপরা মথার সুপ্রিমো প্রদ্যোত কিশোর লন্ডন থেকে ফিরে উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার আগ্রহ প্রকাশ করেছিলেন। ১ কিংবা ২টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করুক তিপরা মথা, তিনি চেয়েছিলেন। সে ☛ ৬ এর পাতায় দেখুন

## আত্মসমর্পণকারী বৈরীদের জাতীয় সড়ক অবরোধ আপাতত স্থগিত

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** ত্রিপুরার মুখ্যমন্ত্রীর সাথে দাবি নিয়ে আলোচনার প্রস্তাব পেয়ে আপাতত জাতীয় অবরোধ কর্মসূচী থেকে পিছিয়ে এসেছেন আত্মসমর্পণকারি বৈরীরা। আগামী ১৩ জুন মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা তাঁদের সাথে দাবিদাওয়া নিয়ে আলোচনা করবেন। দাবি পূরণের আশ্বাস মিললে তারা জাতীয় সড়ক অবরোধের সিদ্ধান্ত বাতিল করে দেবেন। অন্যথায় আগামী ২১ জুন তাঁরা জাতীয় সড়ক অবরোধে বসবেন। আজ সাংবাদিক সম্মেলনে একথা সাফ জানিয়েছেন তাঁদের সংগঠন ডিপ্রাইভ রিটার্নিস মুভমেন্ট কমিটির সাধারণ সম্পাদক অমৃত রিয়াং।

প্রসঙ্গত, ৯ দফা দাবি আদায়ে ডিপ্রাইভ রিটার্নিস মুভমেন্ট কমিটি আগামী ৫ জুন অসম-আগরতলা জাতীয় সড়কের চম্পকনগর ব্রীজ সংলগ্ন এলাকায় অবরোধের ডাক দিয়েছিল। সংগঠনের বক্তব্য অনুযায়ী, ৪৮ টি গ্রুপের ৮৫৯ জন আত্মসমর্পণকারী বৈরী নানান সুযোগ সুবিধা ☛ ৬ এর পাতায় দেখুন

## সিঁড়ি থেকে পড়ে তিন বছরের শিশুর মর্মান্তিক মৃত্যু

**নিজস্ব প্রতিনিধি, বক্সনগর, ৪ জুন।।** সিঁড়ি থেকে নিচে পড়ে তিন বছরের শিশুর মর্মান্তিক মৃত্যু হয়েছে। সোনামুড়া নগর পঞ্চায়েতের ৯ নম্বর ওয়ার্ডে ওই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে।

জানা গেছে, তিন বছরের শিশু সাদ্দাম হুসেন সিঁড়ি থেকে পড়ে মারা গেছে। ঘটনার সময় তার বাবা কর্মসূত্রে বাড়ির বাইরে ছিলেন। তাঁর ম রান্না করছিলেন। পরিবারের সকলের নজর এড়িয়ে শিশুটি সিঁড়িতে উঠে যায় এবং উপর নিচে পড়ে যায়। সিঁড়ি থেকে পড়েই শিশুটি অজ্ঞান হয়ে পড়েছিল। তাঁর ম দেখতে পেয়ে চিতার শুরু করলে প্রতিবেশীরা এসে তাকে সোনামুড়া হাসপাতালে নিয়ে যান। কিন্ত তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে চিকিতকরা মেলাঘর হাসপাতালে স্থানান্তর করেন। কিন্ত শেষ রক্ষা হয়নি। মেলাঘর হাসপাতালের চিকিতকরা তাকে মৃত বলে ঘোষণা দেন।

শিশু মৃত্যুর সংবাদে এলাকায় ☛ ৬ এর পাতায় দেখুন

## কাঁটাতারের বেড়া কেটে গবাদী পশু চুরি খোয়াই সীমান্ত গ্রামের মানুষ দুঃশ্চিন্তায়

**নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ৪ জুন।।** খোয়াইয়ের সীমান্ত গ্রাম উত্তর দুর্গানগরে কাঁটাতারের বেড়া কেটে সীমান্ত ডিঙিয়ে এসে বাংলাদেশের গরু চোরেরা একটি বাড়ি থেকে দুটি গরু চুরি করে নিয়ে গেছে। ঘটনা শুক্রবার গভীর রাতে। পরিবারের লোকজনরা ঘটনা টের পেয়ে ঘর থেকে বেরিয়ে আসেন। বাড়ির মালিকের নাম হারাধন গোপ।

বাড়িটি উত্তর দুর্গানগরে ভারত-বাংলাদেশ সীমান্তে কাঁটাতারের বেড়া সংলগ্ন এলাকায়। ঘর থেকে বের হয়ে পরিবারের লোকজন লক্ষ্য করেন গোয়াল ঘরের দরজা খোলা। গোয়াল ঘরে ঢোকে তারা দেখেন দুটি গরু নিয়ে গেছে চোরেরা। এরপরই তারা লক্ষ্য করেন কাঁটাতারের বেড়া কাটা। সীমান্তের ওপারে একটি গরু দেখতে পান তারা। সঙ্গে সঙ্গে কাঁটাতারের বেড়া পেরিয়ে ওপার থেকে একটি গরু উদ্ধার করে নিয়ে আসেন পরিবারের লোকজনরা। অপর একটি গরু উদ্ধার করা সম্ভব হয়নি।

পরিবারের লোকজনদের চিৎকারে সীমান্তবর্তী এলাকার অন্যান্য বাসিন্দারা বের হয়ে আসেন। কিন্তু গরু চোরদের আটক করা সম্ভব হয়নি। ঘটনাকে কেন্দ্র করে সীমান্ত এলাকায় বসবাসকারী জনগণের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। সীমান্ত সুরক্ষার দায়িত্বে থাকা বিএসএফ এর ভূমিকা নিয়েও এলাকাবাসীর ক্ষোভ প্রকাশ করেছেন। ☛ ৬ এর পাতায় দেখুন

## বোনকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ঘায়েল করল ভাই

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** বিশালগড় থানা এলাকার রাঙ্গাপানিয়ায় ভাইয়ের ধারালো অস্ত্রের আঘাতে গুরুতর ভাবে আহত হয়েছে বোন। আহত বোনের নাম রিপা সিনহা। অভিযুক্ত ভাইয়ের নাম প্রবীর সিনহা। আহত মহিলাকে আশঙ্কাজনক অবস্থায় প্রথমে বিশালগড় হাসপাতালে নিয়ে আসা হয়।

তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় বিশালগড় হাসপাতাল থেকে তাকে হাপানিয়া ত্রিপুরা মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করা হয়। ঘটনার বিবরণে জানা যায় শুক্রবার রাত সাড়ে দশটা নাগাদ প্রবীর সিনহা নামে ওই যুবক তার বোন রিপা সিনহার বাড়িতে যায়। সেখানে গিয়ে তার বোনকে ধারাল অস্ত্র দিয়ে আঘাত করে।

ধারালো অস্ত্রের আঘাতে রক্তাক্ত অবস্থায় মাটিতে লুটিয়ে পড়ে বোন রিপা সিনহা। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। পরিবারের লোকজনদের চিৎকারে প্রতিবেশীরা ঘটনাস্থলে ছুটে আসেন। ঘটনাস্থল থেকে রক্তাক্ত অবস্থায় মহিলাকে উদ্ধার করে বিশালগড় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। কেন এই ঘটনা সংঘটিত হয়েছে সে বিষয়ে বিস্তারিত তথ্য জানা না গেলেও আশঙ্কা করা হচ্ছে পারিবারিক কলহের জেরে রক্তাক্ত ঘটনা ☛ ৬ এর পাতায় দেখুন

## তাজা কার্তুজ সহ তিন যুবক পুলিশের জালে

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** শুক্রবার গভীর রাতে তিন রাউন্ড তাজা কার্তুজ সহ তিন যুবককে আটক করলেন নূতন বাজার থানার পুলিশ। তবে একজন পালিয়ে যেতে সক্ষম হয়েছে।

ঘটনার বিবরণে জানা গেছে, নূতন বাজার ইট ভাট্টার সামনে নাকা চেকিং করার সময় এএস১১ডি৭৭৫৬ নম্বরের একটি গাড়ী আটক করে তল্লাশী চালিয়ে তিন রাউন্ড তাজা কার্তুজ উদ্ধার করেছে পুলিশ। ওই গাড়ীতে চারজন যুবক ছিলেন। তিনজনকে আটক করলেও একজন আরক্ষা কর্মীদের চোখে ধুলো দিয়ে পালিয়ে গেছে বলে দাবি পুলিশের।

পুলিশের বক্তব্য অনুযায়ী, নতুনবাজার থানার পুলিশ শুক্রবার রাতে স্থানীয় ইট ভাট্টা সংলগ্ন এলাকায় নাকা চেকিং-এ বসে। গভীর রাতে গাড়িটি দ্রুত গতিতে অমরপুরের দিক থেকে করবুকের দিকে যাচ্ছিলো। গাড়িটি দেখে সন্দেহ হয় পুলিশের। গাড়ি দাঁড় করিয়ে তল্লাশি চালাতেই গাড়ি থেকে তিন রাউন্ড তাজা কার্তুজ উদ্ধার হয়েছে। সাথে গাড়িতে থাকা চারজনের মধ্যে তিনজনকে আটক করে পুলিশ। তবে একজন পালিয়ে যেতে সক্ষম হয়। শনিবার সকাল থেকেই চলছে জিজ্ঞাসাবাদ। তাঁদের কাছ থেকে অবশ্য কোন অস্ত্র উদ্ধার হয়নি। এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকায়।

## ২টি লোকসভা ও ৭টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের প্রার্থী ঘোষণা বিজেপির

**নয়াদিল্লি, ৪ জুন(হি.স) ।।** শনিবার বিভিন্ন রাজ্যের দুটি লোকসভা এবং সাতটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের প্রার্থী ঘোষণা করল বিজেপি। এর মধ্যে উত্তরপ্রদেশের আজমগড় ও রামপুর দুটি লোকসভা আসন, ত্রিপুরার চারটি বিধানসভা, অন্ধ্রপ্রদেশ, দিল্লি ও ঝাড়খণ্ডে একটি করে বিধানসভা আসন রয়েছে।

নবনিযুক্ত ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডঃ মানিক সাহা টাউন বর্দোয়ালি বিধানসভা কেন্দ্র থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন। আজমগড় লোকসভা আসন থেকে লড়বেন ভোজপুরি তারকা দীনেশ লাল যাদব "নিরহুয়া"। কেন্দ্রীয় মন্ত্রী মুখতার আব্বাস নকভি রাজ্যসভায় ফের মনোনয়ন না পাওয়ায় তিনি হয়তো রামপুর লোকসভা থেকে টিকিট পেতে পারেন। কিন্তু বিজেপি ঘনশ্যাম লোধিকে এই কেন্দ্র থেকে প্রার্থী করেছে। শনিবার এক ☛ ৬ এর পাতায় দেখুন

## মিছিলের অনুমতি না দেওয়ায় মধুপুর থানা ঘেরাও সিপিএমের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** মিছিল করার অনুমতি না দেওয়ায় বিরোধীদল সিপিআইএম শনিবার মধুপুর থানা ঘেরাও করে বিক্ষোভ প্রদর্শন করেছে। সংবাদ সূত্রে জানা যায় সিপিআইএমের পক্ষ থেকে মধুপুর এলাকায় মিছিল করার অনুমতি চেয়েছিল। মধুপুর থানার পুলিশ মিছিল করার অনুমতি দেয়নি। তাতে তীব্র ক্ষোভের সঞ্চার হয়।

মিছিল করার অনুমতি না দেওয়ায় এলাকার বিধায়ক নারায়ণ চৌধুরীর নেতৃত্বে সিপিআইএম কর্মীসমর্থকরা শনিবার সকালে মধুপুর থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায়। বিক্ষোভ স্থলে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সিপিআইএম নেতা সিদ্দিকী রহমান বলেন মানুষের অর্জিত অধিকার হরণ করার চেষ্টা করছে পুলিশ।

পুলিশের এ ধরনের কার্যকলাপ এর তীব্র প্রতিবাদ জানানো হয়। তিনি বলেন রাজ্যের মানুষের গণতান্ত্রিক অধিকার কেড়ে নেওয়ার ☛ ৬ এর পাতায় দেখুন

## জমেছে জামাই ষষ্ঠীর বাজার

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** বাঙালির বারো মাসে তেরো পার্বণ। আর এই তেরো পার্বণ এর মধ্যে অন্যতম একটি অনুষ্ঠান হল জামাইষষ্ঠী। প্রত্যেকটি বাঙালি বাড়িতেই একেবারে বাঙালিয়ানা মতেই দিনটির জমজমাট আয়োজন হয়ে থাকে। ষষ্ঠী পুজো থেকে শুরু করে একেবারে ভুরিভোজ — সবেতেই আয়োজন থাকে একেবারে জমজমাট।

তাই বাজারেও তার প্রত্যক্ষ প্রভাব লক্ষ্য করা যাচ্ছে। রবিবার জামাই ষষ্ঠী। তাই, চাহিদার জোগান দিতে সময় মতো বাজারে হাজির হয়ে যায় প্রতিবারই প্রয়োজনীয় জিনিসগুলো। শনিবারও এর ব্যতিক্রম হল না। শনিবার সকাল থেকেই রাজ্যের বাজারগুলিতে ষষ্ঠী পূজার বিভিন্ন সরঞ্জাম সহ পুজোতে ব্যবহৃত বিভিন্ন সামগ্রী নিয়ে পসরা সাজিয়ে বসেন দোকানিরা। ব্যবসা-বাণিজ্য সম্পর্কে বলতে গিয়ে জনৈক দোকানি জানান, মোটামুটি ভালই হচ্ছে এবারের বিকিকিনি।



বাঙালি ভুরিভোজে বা জামাইষষ্ঠীর অন্যতম উপাদান বলা যেতে পারে ইলিশ মাছ। এদিন রাজধানী আগরতলার বাজারে ইলিশ মাছেরও যথেষ্ট চাহিদা রয়েছে। এবার রাজ্যের বাজারে হাজির হয়েছে বাংলাদেশের চাঁদপুরের ইলিশ। অন্যান্য বছরের তুলনায় এবারের ইলিশ গুলি যথেষ্ট ভাল বলে অভিমত দোকানির। বড় মাপের ইলিশ গুলি প্রায় ১৬০০ টাকা দরে বিক্রি হচ্ছে বাজারে। ছোট মাপের ইলিশ বিক্রি হচ্ছে ১৪০০ থেকে ১৫০০ টাকা দরে। বাজারে চাহিদা ও যথেষ্ট রয়েছে বলে জানিয়েছেন ইলিশ বিক্রেতারা। সব মিলিয়ে বলা যায় এবারের জামাইষষ্ঠীর বাজার যথেষ্ট ভালো চলছে রাজধানীতে।

এদিকে,ইলিশ ছাড়াও অন্যান্য মাছের দামও বেড়ে গিয়েছে। মুরগীর মাংস এবং পাঠার মাংসের দামও বেড়ে গিয়েছে। সব মিলিয়ে বাজারগুলিতে জিনিষপত্রের দাম অনেকটাই বেড়ে গিয়েছে। সেই সাথে পোশাক পরিচ্ছদের দাম বাড়লেও দোকানগুলিতে তেমন বিকিকিনি নেই। অনেকেই আগে থেকে অনলাইন শপিংয়ের পন্থা অবলম্বন করেছেন বলে জানা গিয়েছে।

জাগরণ আগরতলা ◘ বর্ষ-৬৮ ◘ সংখ্যা২৪৭ ◘ ৫ জুন ২০২২ইং ◘২১ জ্যৈষ্ঠ◘রবিবার ◘১৪২৯ বঙ্গাব্দ

# আজ জামাই ও শাশুড়ির পবিত্র উৎসব

কথায় আছে, বাঙালির বারো মাসে তেরো পার্বণ। সেই পয়লা বৈশাখ দিয়া শুরু হয় বাঙালির পার্বণ, তাহার পর প্রতি মাসেই কোনও না কোনও উৎসব লাগিয়াই থাকে। এর মধ্যে অন্যতম জনপ্রিয় পার্বণ হইল জামাইষষ্ঠী। জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের ষষ্ঠী তিথিতে দেবী ষষ্ঠীর পূজার মধ্য দিয়া এই ব্রত পালন করা হয়। বিবাহিত মেয়ে এবং জামাইকে নিমন্ত্রণ করিয়া আদর-আপ্যায়ন করা এই ব্রতের রীতি। জামাইয়ের মঙ্গল কামনায় শাশুড়ি মায়েরা এই ব্রত পালন করেন। এককথায়, আদরের কন্যার সুখী দাম্পত্য জীবন কামনার উদ্দেশ্যে পালনীয় ব্রত জামাইষষ্ঠী,।ষষ্ঠীপুজো উপলক্ষ্যে শাশুড়িদের সকালে স্নান সারিয়া শুদ্ধ বস্ত্র পরিধান করিয়া পুজোর আয়োজন করিতে হয়। ঘটে জল ভরিয়া তাহার ওপর আম্রপল্লব দিয়া স্থাপন করিতে হইবে। সঙ্গে তালপাতার পাখাও রাখিতে হইবে। এই পুজোয় ১০৮টি দূর্বা ঘাস লাগে। করমচা ফল-সহ পাঁচ থেকে নয় রকমের ফল কাটিয়া কাঁঠাল পাতার ওপর সাজাইয়া রাখিতে হয়। একটি সুতোয় হলুদ মাখাইয়া তাহাতে ফুল, বেলপাতা দিয়া গিট বাধিয়া রাখিতে হয়। জামাই আসিলে তাঁহাকে বসাইয়া সুতোটা হাতে বাধিয়া দিতে হয়।পাখার হাওয়া দিয়া বলিতে হয় "ষাট-ষাট-ষাট" ।জামাইয়ের কপালে মা ষষ্ঠীর ফেঁটা এবং হাতে হলুদ মাখানো সুতো

বাধিয়া মেয়ে-জামাইয়ের কল্যাণ কামনা করেন শাশুড়িরা। কপালে তেল-হলুদের ফেঁটা দিয়া তালপাতার পাখা দিয়া বাতাস করা হয়। ধান-দূর্বা দিয়া আশীর্বাদ করা হয়। জামাইয়ের জন্য শাশুড়ি মায়েরা নিজের হাতে পঞ্চব্যাঞ্জন রান্না করেন। বিভিন্ন ধরনের মাছ, মাংস, মিষ্টির এলাহি আয়োজন থাকে। এছাড়াও, উপহার দেওয়ারও একটা পর্ব থাকে।জামাইষষ্ঠী মূলত লোকায়ত প্রথা। ষষ্ঠীদেবীর পার্বণ থেকেই এই প্রথার উদ্ভব। ষষ্ঠীদেবী মাতৃত্বের প্রতীক। তাই মেয়ের মুখ দেখিতে এবং মেয়ে-জামাইয়ের দ্রুত সন্তান লাভের কামনায় জামাইষষ্ঠীর উৎসব পালন করা হয়। বিশেষত যে পরিবারে সদ্য বিবাহিতা কন্যা রহিয়াছে সেই পরিবারে ঘটা করিয়া এই পার্বণ পালন করা হয়।

ডটকম এর যুগে জামাইষষ্ঠীর সহ বিভিন্ন পূজা পার্বণ কৃষ্টি-সংস্কৃতি অনেকটাই হ্রাস পাইয়াছে। সমাজব্যবস্থা ক্রমশই সংকুচিত হইতেছে। হিন্দু বাঙ্গালীদের চিরাচরিত প্রথা রীতিনীতি ক্রমশ লোপ পাইতেছে। জামাইষষ্ঠীর মত আচার-অনুষ্ঠান অনেকাংশেই লোপ পাইয়াছে। পরিস্থিতি এমন এক পর্যায়ে আসিয়া শুরু করিয়াছে তাহাতে অদূর ভবিষ্যতেই বাঙ্গালীদের চিরাচরিত কৃষ্টি সংস্কৃতি ও ঐতিহ্য বজায় থাকিবে কিনা তাহা নিয়া যথেষ্ট সন্দেহ দেখা দিয়াছে। আমাদের গ্রামে ত্রিপুরায় জামাইষষ্ঠীকে কেন্দ্র করে গত কয়েক বছর আগেও যে উদ্দীপনা পরিলক্ষিত হইল বর্তমানে সেই উদ্দীপনা অনেকাংশে হ্রাস পাইয়াছে। ইহার দায় আমরা কোনভাবেই অস্বীকার করিতে পারিব না। জামাইষষ্ঠীর মতো ঐতিহ্যবাহী অনুষ্ঠানকে চিরকাল অক্ষুন্ন রাখিবার জন্য সকলকে উদ্যোগী হওয়া প্রয়োজন। অন্যতায় অদূর ভবিষ্যতেই পরিস্থিতি এমন এক পর্যায়ে আসিয়া দাঁড়াইবে তাহাতে জামাই শাশুড়ির মধ্যে দূরত্ব আরো বাড়িয়া যাইবে। ইহা হিন্দু বাঙালি সমাজ ব্যবস্থায় কোনভাবেই কাম্য

হইতে পারে না। গ্রাম ত্রিপুরার গ্রাম গঞ্জে এখনো জামাইষষ্ঠী যেভাবে পালন হয় শহর এলাকায় কিন্তু ইহার ভিন্নরূপ পরিলক্ষিত হইতেছে।

# মেটেলি চা বাগানে বাইসন আতঙ্ক, বন্ধ কাজ

মেটেলি, ৪ জুন (হি. স.) : শনিবার সাত সকালে জলপাইগুড়ির মেটালি চা বাগানে ঢুকে পড়ল বাইসন। শনিবার সকালে বাইসন আতঙ্কে চা বাগানের কাজ বন্ধ করে দেয় শ্রমিকরা।এদিন বাইসনটি চাপরামারি জঙ্গল থেকে বের হয়ে মূর্তি নদী পেরিয়ে চলে আসে মেটেলি চা বাগানের ৪ নম্বর সেকশনে। বাইসনটিকে দেখতে পেয়ে আতঙ্কে কাজ বন্ধ করে দেন শ্রমিকরা। খবর পেয়ে এলাকায় যায় মেটেলি থানার পুলিশ ও বন দফতরের খুনিয়া স্কোয়াডের কর্মীরা। এরপর বাইসনটি সেখান থেকে চলে যায় চালসা চা বাগানের ৪ এ নম্বর সেকশনে। সেখান থেকে বাইসনটি যায় চালসা চা বাগানের মূর্তি নদীর ধারে। দীর্ঘক্ষণ বাইসনটি মূর্তি নদীর ধারে ঘোরাফেরা করে। বনকর্মীরা বাইসনটির ওপর নজর রাখতে থাকে। দুপুরের দিকে বাইসনটি মূর্তি নদী পেরিয়ে চাপরামারি জঙ্গলে চলে যায়। বাইসনটি জঙ্গলে চলে যাওয়ায় স্বস্তি ফেরে বনকর্মীদের।

# রামপুর, আজমগড় উপনির্বাচনে প্রার্থীর নাম ঘোষণা করল বিজেপি

নয়াদিল্লি, ৪ জুন(হি.স) : সমস্ত জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে শনিবার ভারতীয় জনতা পার্টি(বিজেপি) আজমগড় লোকসভার পাশাপাশি উত্তরপ্রদেশ রাজ্য বিধানসভা উপনির্বাচনের রামপুর আসনে প্রার্থী ঘোষণা করল।

আজমগড় থেকে উত্তরপ্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী এবং সমাজবাদী পার্টির প্রধান অখিলেশ যাদবের পদত্যাগের ফলে আসনটি শূন্য হয়েছে। লোকসভা শূন্য পদের জন্য বিজেপি ব্রাহ্মণ প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। ভোজপুরি অভিনেতা দীনেশ লাল যাদবকে 'নিরহুয়া' আসন থেকে প্রার্থী করেছে। প্রাক্তন সমাজবাদী পার্টি (সপা) নেতা ঘনশ্যাম লোধিকে রামপুর থেকে প্রার্থী করেছে। উল্লেখ্য, রামপুর আসনে বহুজন সমাজবাদী দল প্রার্থী দেয়নি। কিন্তু আজমগড়ের লোকসভা উপনির্বাচনে প্রার্থী দিয়েছে।

# রাজ্য বিজেপি-র শীর্ষস্তরে তৃণমূলের চর

কলকাতা, ৪ জুন (হি. স.) : রাজ্য বিজেপিতে যে তাদের চর রয়েছে তা প্রকাশ্যে স্বীকার করে নিলেন তৃণমূল নেতা কুণাল ঘোষ। শনিবার এক সাংবাদিক বৈঠকে খোলাখুলি তিনি জানান, বিজেপির লোকেরাই খবর দিচ্ছে তৃণমূলকে। এমনকী বিজেপির ৮০ শতাংশ লোক তৃণমূলে আসতে চায় বলেও দাবি করেন তিনি।

শুক্রবার রানাঘাটের বিজেপি সাংসদ জগন্নাথ সরকার দলের ভিতরে তৃণমূলের চর রয়েছে বলে দাবি করেন। কল্যাণী এইমসে বেআইনি নিয়োগের অভিযোগ উঠেছে জগন্নাথবাবুর বিরুদ্ধে। সিআইডিকে এই অভিযোগের তদন্তভার দিয়েছে রাজ্য সরকার। এই নিয়ে মন্তব্য করতে গিয়ে জগন্নাথবাবু বলেন, 'এটা দলের অনুশাসনের ঘাটতির জন্য হচ্ছে। যারাই করুক তারা সত্যিকারের তৃণমূল কংগ্রেসের চর। ভারতবর্ষে বা অন্য দেশের লোকের মধ্যেও চরবৃত্তির কাজ চলে। কেন্দ্রীয় গোয়েন্দা সংস্থা র—এর লোক যেমন থাকে, তেমন অন্য গোয়েন্দা সংস্থার লোকও থাকে। তা দলের মধ্যেও কিছু খোচর, কিছু দালাল থাকে। তৃণমূল কংগ্রেসের মধ্যেও থাকে। বিজেপির মধ্যেও থাকে। একে অপরকে খবর দেয়।'

শনিবার বেলা গড়াতে না গড়াতে এক সাংবাদিক বৈঠকে জেপি নড্ডার আসন্ন পশ্চিমবঙ্গ সফর নিয়ে কুণাল ঘোষকে প্রশ্ন করেন সাংবাদিকরা। জবাবে কুণালবাবু বলেন, 'জেপি নড্ডা যে রাজ্যের নেতাদের সঙ্গে বৈঠক করবেন, তিনি কি জানেন যে বৈঠক চলাকালীনই হোয়াটসঅ্যাপে তাঁর বক্তব্য আমাদের কাছে পৌঁছে যাবে কি না?' কুণাল ঘোষের স্পষ্ট ইঙ্গিত রাজ্য বিজেপির শীর্ষস্তরেও রয়েছে তৃণমূলের চর।কুণালবাবু আরও বলেন, 'বিধানসভা ভোটের আগে তো ওনারা ডেলিপ্যাসেঞ্জারি করেছিলেন। তাতে কি কোনও ফল হয়েছে? ওনাদের দলের ৮০ শতাংশ লোক তৃণমূলে যোগদান করতে চায়।'

# আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনী

## কামনা দেব

আমি চিনি গো চিনি তোমারে, ওগো বিদেশিনী গানটি লেখার প্রায় ৩০ বছর পর লাতিন আমেরিকার আর্জেন্টিনায় যান। তখন কবি তার সেই বিদেশিনীকে খুঁজে পান। সেই বিদেশিনী হলেন, আর্জেন্টিনার এক নারীবাদী লেখিকা ও সাহিত্যিক 'ভিক্টোরিয়া ওকাম্পো'।

রবীন্দ্রনাথ ঠাকুরের সাথে সাহিত্যের হাত ধরেই সেই বিদেশিনীর পরিচয়। যদিও কবি সেই বিদেশিনীকে 'বিজয়া' নামে পরিচয় করান। সেই বিদেশিনী *বিজয়া*-ই হোক বা 'ভিক্টোরিয়া' তবে রবিঠাকুরের সঙ্গে এক গভীর বন্ধুত্ব ছিল। অনেকে অবশ্য তখন এই বন্ধুত্বকে প্রেম বলেও আখ্যা দিয়েছিলেন। সাত সমুদ্র তেরো নদী পারের এক বিদেশিনীর সাথে রবীন্দ্রনাথ ঠাকুরের কখন কীভাবে এমন রহস্যময় সম্পর্ক গড়ে উঠেছিল,তা আজও রহস্যে ঘেরা। তবে এই রহস্যের উত্তর জানতে গিয়ে যতটুকু অতীত নজরে আসে তা হলো, রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পাওয়ার পর ভিক্টোরিয়ার হাতে এসে পৌঁছয় 'গীতাঞ্জলী'- বইটির ইংরেজি, স্প্যানিশ ও ফরাসি ভাষার অনুবাদ। সেই গীতাঞ্জলী পড়ে ভিক্টোরিয়া বা বিজয়া রবীন্দ্রনাথ ঠাকুরের একজন পরম ভক্ত হয়ে যান রীতিমত। সেই সময় 'ভিক্টোরিয়া' 'রবীন্দ্রনাথ পড়ার আনন্দ' নামে একটি লেখাও লিখে ফেলেন। ব্যক্তি রবীন্দ্রনাথ ঠাকুরকে চেনার আগেই রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যের সঙ্গে পরিচয় ঘটে যায় ভিক্টোরিয়ার।

এরই মধ্যে ১৯২৪ সালে পেরুর স্বাধীনতা সংগ্রামের শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে পেরুর দিকে সমুদ্রযাত্রা শুরু করেন রবীন্দ্রনাথ ঠাকুর। কিন্তু হঠাৎই মাঝপথেই অসুস্থ হয়ে পড়েন। ফলে বাধ্য হয়ে কিছুদিন আর্জেন্টিনার 'প্লাসা হোটেল'-এ থাকার সিদ্ধান্ত নিতে হয় কবিকে। এদিকে কবি আর্জেন্টিনায় রয়েছেন সেকথা জানতে পেরেই পরম ভক্ত ভিক্টোরিয়া এ সুযোগ হাতছাড়া করতে চাননি। তখন নভেম্বরের শুরুতেই একদিন ভিক্টোরিয়া ওকাম্পো, রবীন্দ্রনাথের সাথে দেখা করতে চলে আসেন 'প্লাসা হোটেল'।

এরপর সেই হোটেল থেকে 'মিলারিও'তে পৌঁছে ভিক্টোরিয়া ওকাম্পো একটি বাড়ি ভাড়া নেন।নিজের হীরের টায়রা বিক্রি করে। সেই বাড়ির পাশ দিয়েই লা-প্লাতা নদী বয়ে গেছে। রবীন্দ্রনাথ ঠাকুর যেদিন মিলারিওর ভাড়া বাড়িতে পৌঁছলেন, সেদিনই ভিক্টোরিয়া ওকাম্পো 'বিদেশী ফুল' নামে একটি কবিতাটি লিখেন। এরপরে ভিক্টোরিয়া পর পর আরো তিনটি কবিতা লিখেন , 'অন্তর্হিতা', 'আশঙ্কা' এবং 'শেষ বসন্ত'।

এই তিনটি কবিতায় এতই তীব্র প্রেমের প্রকাশ ছিল যে, কবিতাগুলি রবীন্দ্রনাথ ঠাকুর দেশে তার পুত্র ও পুত্রবধূদের পাঠাতেও নিষেধ করেছিলেন।

রবীন্দ্রনাথ এবং ভিক্টোরিয়া, মিলারিওর বাড়ির বারান্দায় একসাথে বসে কখনও সেই নদীর বয়ে চলা দেখতেন। আবার কখনও বাড়ির নিকট তিপা গাছের নিচে বসে আড্ডাও দিতেন। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর বাংলা কবিতা বিজয়াকে আবৃত্তি করে শোনাতেন। বিজয়াও শোনাতেন শার্ল বোদলেয়ারের কবিতা। সেই সময়টাকে তখন রবীন্দ্রনাথ ঠাকুর পুরোদমে উপভোগ করেছিলেন। ১৯২৫ সালে 'ভিক্টোরিয়া ওকাম্পো'-কে রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর প্রকাশিত 'পূরবী' কাব্যগ্রন্থটি উৎসর্গ করেন। সেই উৎসর্গপত্রে কবি লিখেছিলেন- 'বিজয়ার করকমলে'। রবীন্দ্রনাথ ঠাকুর যে 'পূরবী' বইটি ভিক্টোরিয়া ওকাম্পোকে উৎসর্গ করেছেন সেই খবরটি আর্জেন্টিনায় চিঠি লিখেও জানিয়েছিলেন এবং আক্ষেপ করে লিখেও ছিলেন, 'বইখানা তোমায় উৎসর্গ করা, যদিও এর ভিতরে কী রয়েছে তা তুমি জানতেও পারবে না।'

ভিক্টোরিয়া ওকাম্পোও রবীন্দ্রনাথকে নিয়ে Tagore en las barrancas de San Isidro একটি পুরো একটি বই লিখে ফেলেন। ১৯৬১ সালে সেই বই প্রকাশিত হয়। ভিক্টোরিয়া ওকাম্পোর সেই বই বাংলায় 'সান ইসিদ্রোর উপত্যকায় ঠাকুর' বা 'সান ইসিদ্রোর উপত্যকায় রবীন্দ্রনাথ ঠাকু'। রবীন্দ্রনাথ ঠাকুরের বায়োপিক 'থিঙ্কিং অব হিম' সিনেমাতেও ভিক্টোরিয়া ওকাম্পো বা বিজয়ার সঙ্গে তাঁর সেই সখ্যতার কাহিনী উঠে এসেছিলো। ১৯২৪ সালে আর্জেন্টিনায় রবীন্দ্রনাথ ঠাকুর ও ভিক্টোরিয়া ওকাম্পোর দেখা হওয়ার পর ১৯৩০ সালে আবার প্যারিসে দেখা হয় তাঁদের। প্যারিসে রবীন্দ্রনাথ একটি চিত্র প্রদর্শনীর আয়োজন করতে চেয়েছিলেন। সেই সময়ে এটি ছিল অত্যন্ত খরচ-সাপেক্ষ এবং অনুমতি-সাপেক্ষ একটি বিষয়।

শোনা যায় এক বছর আগে থেকে আবেদন করলেই মিলত সেই প্রদর্শনী আয়োজনের অনুমতি। কিন্তু ভিক্টোরিয়া ওকাম্পো মাত্র এক মাসের মধ্যে সেই অনুমতি সহ প্রদর্শনী আয়োজনের ব্যবস্থা করে দেন। সেখানে রবি ঠাকুরের ১২৫ টি ছবিই বিক্রি হয়। ছবি বিক্রির টাকা বিশ্বভারতী তহবিলে দেওয়া হয়। রবীন্দ্রনাথ ভিক্টোরিয়া ওকাম্পোকে বারবার শান্তিনিকেতনে আসার আমন্ত্রণ জানিয়েছিলেন এবং একাধিক বার ভিক্টোরিয়া ওকাম্পো শান্তিনিকেতনেও আসেন বলে শোনা যায়। এরমধ্যে একবার শান্তিনিকেতন ভ্রমণের কথা ভিক্টোরিয়া ওকাম্পো নিজেই লিখেছেন তাঁর লেখাতে। তবে দেখা না হলেও দুজনেই নিয়মিতই টেলিগ্রামে বার্তা আদান-প্রদান করতেন। একেবারে শেষ চিঠিতে রবীন্দ্রনাথ ভিক্টোরিয়া ওকাম্পোকে লিখেছিলেন, -'এতোদিন পরে তোমার আমাকে মনে পড়ল — কী যে ভালো লাগছে! পৃথিবীর সব রঙ ফিকে হয়ে আসছে যখন, বিমর্ষ মন কেবল তাদের নৈকট্যই কামনা করে যাদের স্মৃতি সুখময় দিন গুলোর সাথে জড়িয়ে আছে। যতো দিন যায়, সেই স্মৃতিগুলো যেন গাঢ় হতে থাকে।'

এরপর রবীন্দ্রনাথ ঠাকুর যখন অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হন, তখন তার পরিবারের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখেছিলেন ভিক্টোরিয়া ওকাম্পো। নিজের গাড়িতে বসেই রেডিওর মাধ্যমে ঠাকুরের মৃত্যু সংবাদ জানতে পেরেছিলেন ভিক্টোরিয়া। মৃত্যুর চার মাস আগে ভিক্টোরিয়া ওকাম্পোকে ভেবে লেখা রবীন্দ্রনাথের কবিতাটি তাঁর পুত্র রথীন্দ্রনাথ পৌঁছে দিয়েছিলেন ভিক্টোরিয়া ওকাম্পোর কাছে। রবীন্দ্রনাথ ঠাকুর ও ভিক্টোরিয়া ওকাম্পোর বন্ধুত্ব বা সখ্যতা কেমন ছিল তা সত্যিই আর জানা যায় নাই। যদি তা বন্ধুত্ব হয় বা প্রেমই হয়, তবে সেটা ছিল এক নিষ্পাপ প্রেম বা প্লেটোনিক প্রেম। যা দুরত্ব আর বয়সের কাছে হার মেনেছিল। বাঁধনহীন এ প্রেম বা বন্ধুত্ব ছিল এক ঐতিহাসিক সম্পর্ক। তাতে এতটুকু অন্য কিছুরই ছোঁয়াও ছিল না।

# বিশ্ব পরিবেশ দিবস

**বিশেষ প্রতিবেদন।।** এখন প্রয়োজন পরিবেশ সচেতনতা বাড়ানোর। সাধারণ মানুষ হিসেবে আমাদের হাতে যেটুকু ক্ষমতা আছে, তা দিয়েই প্রকৃতিকে সুস্থ করে তোলার চেষ্টা করতে পারি। দূষণের মধ্যেই রোজ শ্বাস নিচ্ছি আমরা প্রত্যেকে। ক্রমেই অসুস্থ হয়ে পড়ছে পৃথিবী। দূষণ একটি স্লো পয়জানের মতো মৃত্যুর মুখে ঠেলে দিচ্ছে মানবজাতিকে। তাই এখন প্রয়োজন পরিবেশ সচেতনতা বাড়ানোর। সাধারণ মানুষ হিসেবে আমাদের হাতে যেটুকু ক্ষমতা আছে, তা দিয়েই প্রকৃতিকে সুস্থ করে তোলার চেষ্টা করতে পারি। ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস। এই দিনটি থেকেই শুরু হোক পরিবেশ রক্ষার নতুন অভিযান। কী ভাবে? জেনে নিন

১. ইলেকট্রিক্যাল অ্যাপলায়েন্সের ব্যবহারে রাশ টানুন- এর মাধ্যমে বিদ্যুৎ শক্তি বাঁচানো যাবে। এমন অ্যাপলায়েন্স কিনুন যা পরিবেশবান্ধব হওয়ার পাশাপাশি অধিক পরিমাণে বিদ্যুৎ সাশ্রয় করতে পারে। আবার কাজ শেষ হয়ে গেলে লাইট, পাখা, টিভি, এসির সুইচ বন্ধ করে রাখুন। এমনকি ছোটখাটো কাজের জন্য সোলার পাওয়ার ব্যবহার করা যেতে পারে।

২. কাঠের উনুনের ব্যবহারও কম করুন- কাঠের উনুন থেকে অত্যধিক পরিমাণে ধোঁয়া নির্গত হয়। যা বায়ুর সঙ্গে মিশে গিয়ে স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। তাই গার্ডেন পিকনিক বা ট্রেকিংয়ে এই কাঠের উনুন ব্যবহারের পরিবর্তে বিদ্যুৎ সাশ্রয়কারী সস্তার অ্যাপলায়েন্স ব্যবহার করতে পরেন।

৩. পরিবেশবান্ধব যানবাহনের ওপর জোর দিন- গাড়ি ব্যবহারের ফলে, তা থেকে নির্গত ধোঁয়া বায়ুর সঙ্গে মিশে দূষণ ঘটাতে পারে।



দিনে দিনে পথেঘাটে গাড়ির সংখ্যা বেড়ে চলেছে। তার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে দূষণ। তাই দূষণ নিয়ন্ত্রণে আনার জন্য পরিবেশবান্ধব যানবাহন ব্যবহার করুন। এর সবচেয়ে ভালো উদাহরণ সাইকেল। এক কালে এই সাইকেলই ছিল আমাদের পথ চলার সাথী। সময়ের দৌড়ে এই বাহনটি পিছিয়ে গেলেও, এখনও একে ছোট করে দেখার কোনও কারণ নেই। বরং বৃদ্ধিপ্রাপ্ত দূষণ নিয়ন্ত্রণ করতে সাইকেলের জুড়ি মেলা ভার। তাই আবার সেই দুইচাকার ওপর ভর করে অফিসে বা কাজে যেতে ক্ষতি কী। পরিবেশ ও শরীর উভয়ের সুস্থতার ক্ষেত্রেই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এটি।

৪. বাস্তুতন্ত্রকে সুস্থ রাখুন- গ্লোবাল ওয়ার্মিং ও বায়ু দূষণের কারণে বাস্তুতন্ত্র প্রভাবিত হচ্ছে। প্রভাব পড়ছে গাছপালা, পশুপাখির ওপর। একটি সুস্থ পরিবেশে গাছপালা ও পশুপাখির সঙ্গে বাস্তুতন্ত্রের যোগাযোগ স্থাপন প্রয়োজনীয়। তাই বাস্তুতন্ত্রকে সুস্থ রাখার বিষয় জোর দিন।

৫. কীটনাশক ও কেমিক্যালের ব্যবহার কম করুন- বাড়িতে পরিস্কার-পরিচ্ছন্নতার কাজে কেমিক্যাল যুক্ত সামগ্রীর ব্যবহার কম করুন। এর পরিবর্তে বেকিং সোডা, ভিনিগার ও লেবুর মিশ্রণ সাফাইয়ের কাজে লাগান। বাজারে প্রথাগত ও পরিবেশবান্ধব নানান সামগ্রী পাওয়া যায়। আবার কীটনাশকের ব্যবহারও যথাসম্ভব কম করা উচিত।

৬. কার্বন ফুটপ্রিন্ট ও বায়ুদূষণ কম করুন- কার্বন ফুটপ্রিন্ট বৃদ্ধির কারণে বাড়তে থাকে বায়ু দূষণ। কার্বন ফুটপ্রিন্ট কম করতে ওয়াটার হিটারের ব্যবহার বা টেম্পারেচার কমিয়ে দিতে পারেন। বাড়িতে ডিশওয়াশার থাকলে, সেই মেশিনে বাসন না-ধুয়ে হাত দিয়ে বাসন ধোয়া শুরু করুন। আবার এয়ার কন্ডিশনারের ব্যবহারও কম করা উচিত।

৭. বর্জ্য পদার্থ রিসাইকেল করুন- কাঁচ, প্লাস্টিক, অ্যালুমিনিয়াম বা খবরের কাগজ ফেলে দেওয়ার পরিবর্তে রিসাইকেল করতে পারেন। এর ফলে আবর্জনা জমে দূষণ ছড়াবে না। এমনকি এই বর্জ্যগুলি পোড়ানোর ফলে নির্গত ধোঁয়া পরিবেশের ক্ষতি করতে পারবে না। তাই প্লাস্টিক বা কাঁচের বোতল, এমনকি খবরের কাগজ না-ফেলে পুনর্ব্যবহার যোগ্য করে তুলতে পারেন। যেমন- কাঁচের বোতল বা গ্লাসে কারকার্য করে সুন্দর ফুলদানি বানিয়ে ফেলতে পারেন।

৮. স্থানীয় এলাকাতেই ফল-সবজি উৎপাদন করুন- এর ফলে ফল-সবজি সরবরাহের জন্য যে গাড়ি চলাচল করা হয়, তা কমানো যাবে। পাশাপাশি ফল ও সবজি দীর্ঘ সময় পর্যন্ত সংরক্ষণের জন্য কীটনাশক ও প্রিসারভেটিভের ব্যবহারও কম করা যাবে। এই প্রিসারভেটিভগুলি সরাসরি বায়ু দূষণ ঘটায়। অর্গ্যানিক খাদ্য বস্তুর ওপর জোর দেওয়া ভালো। সংরক্ষিত ফল ও সবজির তুলনায় অর্গ্যানিক খাদ্যবস্তু অধিক টেকসই হয়। কারণ এতে ক্ষতিকর কীটনাশক ও কেমিক্যাল কম ব্যবহৃত হয়। তাই অর্গ্যানিক ফল সবজি কেনার ওপর জোর দিতে পারেন। এমনকি নিজের বাগানে এগুলি উৎপাদন করতে পারেন।

৯. দূষিত জিনিসের ব্যবহার কম করুন- বাড়িতে দূষিত ও টক্সিক জিনিসের ব্যবহার কম করাই সবচেয়ে ভালো। বাড়ি থেকেই একটি সুস্থ পরিবেশ গড়ে তোলার যাত্রা শুরু করা যায়। প্লাস্টিক টুথব্রাশ, ক্যান, বোতলের পরিবর্তে কাঠের জার, ক্যানন বা বোতল ব্যবহার করা যেতে পারে। আবার বাড়িতে মশা বা আরশোলা মারার জন্য কেমিক্যাল যুক্ত স্প্রে ব্যবহারের পরিবর্তে কিছু প্রাকৃতিক বা ঘরোয়া উপায়ে তৈরি সামগ্রী দিয়ে পোকামাকড় তাড়াতে পারেন।

১০. নির্দিষ্ট স্থানে আবর্জনা ফেলুন- যেখানে সেখানে ময়লা-আবর্জনা ফেলবেন না। বায়োডিগ্রেডেবেল ও নন- বায়োডিগ্রেডেবেল আবর্জনা ফেলার জন্য পৃথক পৃথক ডাস্টবিন রাখুন। আবায় বায়ু বা জলদূষণের কারণে পরিবেশকে দূষিত করে তোলার পাশাপাশি পরিবারের সদস্যদের অসুস্থ করে তুলতে পারে।

প্রত্যেকে যদি এই ছোটোখাটো অভ্যাস গড়ে তুলতে পারি, তা হলে পরিবেশকে সুস্থ রাখা যাবে।

# জল বিপর্যয় ও সচেতনতা

## তন্ময় সিংহ রায়

ছোটোবেলায়/প্রায় ছেলেবেলায় শেখা সেই অর্থপূর্ণ শব্দগুচ্ছের সমষ্টি 'জলের অপর নাম জীবন।' একবিংশের ক্যানভাসে, আমাদের রঙিন এক জ্বলন্ত চিত্র আজ এরূপ..... আত্মকেন্দ্রিকতা আটলান্টিক আর আমরা?.... হিমশৈলে ধাক্কা লাগা টাইটানিকের ভূমিকায় অবতীর্ণ। চারিদিকে প্রেমের জোয়ারে পরিবেশ প্রেমময়! খাদ্য প্রেমী, পোষাক প্রেমী, ভ্রমণ প্রেমী, নারী প্রেমী, সুরা প্রেমী, সাহিত্য প্রেমী, সংগীত প্রেমী, নায়ক-নায়িকা প্রেমী।

শুধু পরিবেশপ্রেমীগুলো আজ ইলেক্ট্রন মাইক্রোস্কোপ-এর নিচে, ব্যাকটেরিয়াগুলোর সাথে অসহায় সহাবস্থানে!

বৈচিত্র্যময় অমূল্য প্রাকৃতিক সম্পদগুলো আজ, জাতে ইহুদী ও "সর্বশ্রেষ্ঠ জীব" ডিগ্রীধারী আমরা আজ হিটলারের মূখ্য ভূমিকায়, চুড়ান্ত নির্দয় ও পাশবিক হয়ে নির্দ্বিধায় নানাভাবে হত্যা করেছি ও করে চলেছি তাদের, যার মধ্যে বিশেষত পানীয় জল এক রাজকীয় ভূমিকায় অবতীর্ণ। পৃথিবীর মোট একশ ভাগের সাতানব্বই ভাগই সমুদ্রের নোনা জল। বাকি তিন ভাগের দুই ভাগ হিমবাহের বরফ আর মাত্র এক ভাগ হল পানযোগ্য বিভিন্ন নদী, হ্রদ, এবং ভূ-গর্ভের জল।

একদিকে পৃথিবী থেকে ক্রমশ নিশ্চিহ্ন হয়ে আসার অকৃত্রিম সংকেত বহন করে চলেছে মিষ্টি জলের উৎস, অপরদিকে ক্রমবর্ধমান জনসংখ্যানুযায়ী বেড়েই চলেছে সেই জলের"ই চাহিদা(বিবেচনাধীন)।

প্রয়োজন অনুযায়ী সচেতনতাকে নিষ্ক্রিয় না রেখে জলের ইচ্ছেস্বাধীন ব্যবহারে যদি দাঁড়ি টানা সম্ভব না হয়, আগামী পঁচিশ থেকে ত্রিশ বছরের মধ্যে বিশ্বের বোধকরি অর্ধেক বা দুই-তৃতীয়াংশ মানুষকে গুণতে হবে এর চুড়ান্ত মাশুল অর্থাৎ তীব্র জল-সংকটে



এ সভ্যতার অস্তিত্বকে পড়তে হবে ভয়াবহ চ্যালেঞ্জ-এর মুখে!

বলাবাহুল্য, স্ফুলিঙ্গের দাবানলে রূপান্তরের অগ্রিম সংকেত ইতিমধ্যে আমরা পাওয়া শুরু করে দিয়েছি আফ্রিকাসহ ভারতের বেশ কিছু স্থানে। উপগ্রহ পর্যবেক্ষণে দেখা গেছে, গোটা বিশ্বেই ভূগর্ভস্থ স্বচ্ছ জলের মাত্রা ক্রমশই কমছে। উত্তর ও পূর্ব ভারতে জলের অত্যধিক ব্যবহারের ফলে ভূগর্ভস্থ স্বচ্ছ জলের স্তর আশঙ্কাজনকভাবে হ্রাস পাচ্ছে। সঙ্গে যুক্ত হয়েছে আর্সেনিকের বিষক্রিয়া!

যুক্তরাষ্ট্রের "নাসা" এবং জার্মানির "অ্যারো-স্পেস" সেন্টারের এক যৌথ প্রকল্পে উঠে এসেছে এই তথ্য। জানা গেছে, যে সব দেশে জলের অত্যধিক ব্যবহারের ফলে ভূগর্ভস্থ স্বচ্ছ জলের ভাণ্ডার বিপদের মুখে, তার মধ্যে ভারত অন্যতম। স্বচ্ছ জলের লভ্যতা ক্রমশই কমে যাচ্ছে এ দেশে উদ্বেগজনকভাবে!

'নেচার" পত্রিকায় প্রকাশিত এক সমীক্ষায় বলা হয়েছে, জলের যথেচ্ছ ব্যবহার, জলবায়ুর পরিবর্তন ও প্রাকৃতিক বিবর্তনের ফলে আর্দ্র এলাকা হয়ে উঠছে আরও বেশি আর্দ্র এবং খরাপ্রবণ এলাকা হয়ে উঠছে আরও বেশি শুষ্ক।

জলের অভাবের সত্যতা রাষ্ট্রসংঘ স্বীকার করে নিয়েছেন তাই, .২০০৫ থেকে ২০১৫ সাল পর্যন্ত ঘোষণা করেছিলেন।

বলাবাহুল্য অসম বন্টন, জলদূষণ এবং জলের অনিয়ন্ত্রিত ব্যবহার-ই যুক্তিসংগত ও মূখ্য কারণ হিসাবে আমার কাছে প্রতিষ্ঠিত।।

সোসাল মিডিয়াতে পছন্দের বার্তার কালবৈশাখী"তে, নগ্ন/অর্ধনগ্ন ছবির পুষ্টিরস তৃপ্তিসহকারে শোষণ করার মানুষ আজ ক্রমবর্ধমান কিন্তু "গাছ লাগান, প্রাণ বাঁচান"/ "জল সংরক্ষণ করুন, সচেতনতা বাড়ান"-এ আজ বিজ্ঞাপন জারি করতে হচ্ছে..... "যথাসম্ভব শেয়ার করুন।" "সচেতনতা" শব্দটা যদি ব্যক্তিগত স্বার্থ চরিতার্থের উদ্দেশ্যেই আ-মৃত্যু ব্যবহৃত হয় তবে সে ধরণের সচেতনতা"র সামাজিক মূল্য কি হতে পারে আশা রাখি তা আর বিশ্লেষণ করে বোঝাবার কোনো অপেক্ষাই রাখেনা।

**সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।**

## আগামী এক মাস একাধিক লোকাল ট্রেন বাতিল করল পূর্ব রেল

কলকাতা, ৪ জুন (হি. স.) : জরুরি কাজের জন্য আগামী এক মাস একাধিক লোকাল ট্রেন বাতিল করল পূর্ব রেল। শনিবার রাত থেকে পর্যায়ক্রমে রূপায়িত হচ্ছে এটি। এর প্রভাব পড়ার আশঙ্কা রয়েছে ব্যান্ডেল, কাটোয়া ও বর্ধমান শাখায়। জানা যাচ্ছে বন্ধ রাখা হচ্ছে ১০টি লোকাল ট্রেন।পূর্ব রেলের তরফে জানানো হয়েছে ব্যান্ডেল স্টেশনে যে ইলেকট্রনিক ইন্টারলকিং সিস্টেমের কাজ হচ্ছিল তা শেষ হয়েছে। এছাড়াও ব্যান্ডেল থেকে শক্তিগড় পর্যন্ত থার্ড লাইনের কাজও শেষ হয়েছে। ওই কাজ শেষ হওয়ার পর ট্রেন চলাচল শুরু হলেও কিছু টেকনিক্যাল সমস্যা হচ্ছে। সেই সমস্যা দূর করার জন্য আগামী ১ মাস ১০টি ট্রেন বাতিল করা হয়েছে। স্বভাবতই এতে যাত্রীদের ভোগান্তির একটা আশঙ্কা থেকেই যাচ্ছে।

উল্লেখ্য, গত ১৩ মে থেকে যখন এই কাজ শুরু হয় তখন রোজ ৩-৪ ঘণ্টা ট্রেন বন্ধ করা হচ্ছিল। পরে টানা ৩ দিন ব্যান্ডেল স্টেশন বন্ধ রাখা হয়। সেই কাজ শেষ। হওয়ার পর রেলের তরফে দাবি করা হয় ট্রেন চলাচলে গতি আসবে। কিন্তু তা বাস্তবে হচ্ছে না। এখন রেলের তরফে বলা হচ্ছে যাত্রীদের নিরাপত্তার কথা ভেবেই ওই ত্রুটি দূর করার চেষ্টা হচ্ছে। তাই কিছু ট্রেন বাতিল করা হচ্ছে। নিত্যযাত্রীদের কথায়, ইন্টারলকিং সিস্টেম ঠিক করা হল। বলা হয়েছিল, ট্রেন ক্যানসেল করা হবে না, ট্রেনের গতি বাড়বে। দাঁড়িয়ে থাকতে হবে না। এখন তো শুনছি উল্টো কথা।

এদিকে, লোকনাথ ব্রিজে কাজ হওয়ার জন্য তারকেশ্বর লাইনে বন্ধ রাখা হচ্ছে ট্রেন চলাচল। আজ রাত দশটা পঁয়তাল্লিশ থেকে রবিবার বেলা একটা পর্যন্ত তারকেশ্বর লাইনেও ট্রেন বন্ধ থাকবে। নালিকুল থেকে লোকনাথ পর্যন্ত কাজ চলছে। এনিয়ে পূর্ব রেলের সিপিআরও একলব্য চক্রবর্তী বলেন, বেশিরভাগ ট্রেনই অফ টাইমে বাতিল করা হয়েছে। ইলেকট্রেনিক ইন্টার লকিং সিস্টেমটা একবারে নতুন প্রযুক্তি। তাই এই কাজের শেষে কিছু সমস্যার মধ্যে দিয়ে যেতে হচ্ছে।

## মধ্যপ্রাচ্যের তিনটি দেশে নিষিদ্ধ অক্ষয়ের ছবি সম্রাট পৃথ্বীরাজ

মুম্বাই, ৪ জুন (হি. স.) : প্রায় সাড়ে তিন হাজারের বেশি পর্দায় শুক্রবার মুক্তি পেয়েছে অক্ষয় কুমারের বহুল প্রতীক্ষিত ছবি 'সম্রাট পৃথ্বীরাজ'। কিন্তু মধ্যপ্রাচ্যের তিনটি দেশে নিষিদ্ধ করা হয়েছে অক্ষয় অভিনীত এই ছবি।বলিউডের বক্স-অফিস বিশ্লেষক গিরিশ জোহর তার টুইটারে এমনটাই জানিয়েছেন। মধ্যপ্রাচ্যের তিনটি দেশের স্থানীয় সরকার তাদের দেশে ছবিটির মুক্তির নিষেধাজ্ঞা আরোপ করেছে। মধ্যপ্রাচ্যের এই তিনটি দেশ হল ওমান, কুয়েত এবং কাতার। ছবিটিতে অক্ষয় কুমারের বিপরীতে রয়েছেন মিস ওয়ার্ল কথা অভিনেত্রী মানুসী চিল্লার। পরাক্রমী সম্রাট পৃথ্বীরাজ চৌহান এর জীবনের আধারে তৈরি হয়েছে এই ছবি। শুক্রবার বড়পর্দায় ছবিটি মুক্তির আগে দর্শকদের বিশেষ বার্তা দিয়েছিলেন অক্ষয় কুমার। সোশ্যাল মিডিয়ায় তিনি লিখেছিলেন,'যারা পৃথ্বীরাজ চৌহান দেখবেন তাদের সকলকে বিনীত অনুরোধ ছবিটি নিয়ে কোনও স্পয়লার দেবেন না। এই ছবি তৈরি করতে আমাদের চার বছর সময় লেগেছে। ইতিহাস যাতে অক্ষত থাকে সেদিকে যথেষ্ট নজর রাখা হয়েছে। ছবিতে অনেক অজানা তথ্য রয়েছে। বিশেষত্ব যুবসম্প্রদায় ছবিটি দেখে অনেক কিছু শিখতে পারবে।

## দোহালিয়ার পুলিশি এডি ক্যাম্প স্থানান্তরিত পার্শবর্তী শিববাড়ি এলাকায়

পাথারকান্দি (অসম), ৪ জুন (হি.স.) : স্থানীয়দের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে অবশেষে করিমগঞ্জ জেলাধীন দোহালিয়া-ফরিদকোণা গ্রাম পঞ্চায়েতের এক নম্বর ওয়ার্ডের ১২৬১ নম্বর প্রভাসিনী এলপি স্কুল লাগোয়া বাড়িতে বির্তকিত পুলিশি এডি ক্যাম্প অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে। এই খবরে এলাকার জনগণ খুশি ব্যক্ত করেছেন।জানা গেছে, জেলার সাধারণ ও পুলিশ প্রশাসনের নির্দেশে এডি ক্যাম্পটিকে স্থায়ীভাবে শিববাড়ি লাগোয়া স্থানে মহিলা সমিতির নবনির্মিত ভবনের দ্বিতীয় তলায় স্থানান্তরিত করা হয়েছে।উল্লেখ্যে, বিগত চার বছর আগে এলাকার নানা স্থানে অসামাজিক কার্যকলাপ বেড়ে যাওয়ায় স্থানীয়দের দাবিতে তৎকালীন পুলিশ সুপারের নির্দেশে ওই এডি ক্যাম্পকে অস্থায়ী ভাবে ১২৬১ নম্বর প্রভাসিনী এলপি স্কুল লাগোয়া বাড়িতে স্থাপন করা হয়। এতে শুরু থেকেই আপত্তি জানিয়ে আসছিলেন সংশ্লিষ্ট স্কুল কর্তৃপক্ষ। পরবর্তীতে এডি ক্যাম্পের কর্তব্যরত একাংশ কর্মীর অশালীন আচরণে স্কুল পড়ুয়াদের ভবিষ্যত নিয়ে স্থানীয় অভিভাবকদের মধ্যে ক্ষোভের সঞ্চয় হয়।

স্পর্শকাতর বিষয়টি এক সময় পঞ্চায়েত সভাপতি সহ বিধায়ক ও পুলিশ সুপারের কানে পৌঁছে। কিন্তু কোনও এক অজ্ঞাত কারণে সৃষ্ট সমস্যা এতদিন সমাধান হয়নি।এদিকে বির্তকিত এডি ক্যাম্পের দরুন সম্প্রতি স্কুলের শিক্ষার পরিবেশ নিয়ে নানা অভিযোগের ভিত্তিতে এলাকার কয়েকজন অভিভাবক তাঁদের সন্তান-সন্ততির ভবিষ্যতের কথা চিন্তা করে উদ্বিগ্ন হয়ে পড়েন। পরবর্তীতে তাঁরা তাঁদের সন্তানদের ওই স্কুল থেকে সরিয়ে পার্শবর্তী গ্রামের ৫৬১ নম্বর দোহালিয়া প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে ভরতি করেন। এই খবর যায় জেলা প্রশাসনের কানে। ফলে জেলার সাধারণ ও পুলিশ প্রশাসনের হস্তক্ষেপে পুলিশের এডি ক্যা স্পটিকে অন্যাত্র সরিয়ে স্থায়ীভাবে স্থাপন করা হয়।

## বিদেশ সফরের অন্তিম পর্যায়, কাতারে একাধিক কর্মসূচি উপ-রাষ্ট্রপতির

কাতার, ৪ জুন (হি.স.): বিদেশ সফরের অন্তিম পর্যায়ে কাতার সফরে রয়েছেন উপ-রাষ্ট্রপতি এম ভেঙ্কাইয়া নাইডু। দুই দেশের কূটনৈতিক সম্পর্কের স্বর্ণ জয়ন্তীতে উপ-রাষ্ট্রপতির এই সফর যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলেই মনেই করা হচ্ছে। এই সফরের মধ্য দিয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও প্রসারিত হবে বলেই আশা করা হচ্ছে। উপ-রাষ্ট্রপতি এই সফরে কাতারের ডেপুটি আমীর শেখ আব্দুল্লাহ বিন হামাদ আল থানির সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে কথা বলবেন। এছাড়া কাতারের বিভিন্ন স্তরের প্রতিনিধিদের সঙ্গে তাঁর বৈঠক করার কথা রয়েছে। বাণিজ্য রাউন্ড টেবিল আলোচনায় তিনি ভাষণ দেবেন।

## রবিবার ছায়া শূন্য দিবস

কলকাতা, ৪ জুন (হি. স.) : ছায়া শূন্য দিবস হল এমন একটি দিন, যাতে সূর্যের রোদে দুপুরে কোন বস্তুর ছায়া পড়ে না। এই সময়ে সূর্য ঠিক শীর্ষ অবস্থানে থাকে। অর্থাৎ মাথার একেবারে উপরে চলে আসবে সূর্য। রবিবার জামাইষষ্ঠীর দিন এক মজার অভিজ্ঞতার সাক্ষী থাকবে কলকাতা-সহ দক্ষিণবঙ্গ। এদিন দুপুরে কিছুক্ষণের জন্য পড়বে না কোনও ছায়া।

জ্যোতির্বিজ্ঞানী দেবীপ্রসাদ দুয়ারি জানিয়েছেন আগামী ৫ জুন, ''জিরো শ্যাডো ডে''-র সাক্ষী থাকবে কলকাতা ও শহরতলির বিস্তীর্ণ অঞ্চল। বেলা সাড়ে ১১টার সামান্য পরে এই কাণ্ডটা হবে। ১১টা ৩৪ মিনিটে এটা সুস্পষ্ট বোঝা যাবে। কিন্তু এর পিছনে বৈজ্ঞানিক কারণ কী? সূর্যের উত্তরায়ণ ও দক্ষিণায়ণের সময়ে কর্কটক্রান্তি রেখার দক্ষিণে এমনটা ঘটে। সূর্যের কৌণিক অবস্থানের কারণে ছায়া বস্তুর একেবারে নিচে চলে যায়। ফলে সেটা সেভাবে দেখা যায় না। এই সময়টাকে বলা হয় 'জিরো শ্যাডো মোমেন্ট' অর্থাৎ ছায়া শূন্য মুহূর্ত। ২৩.৫ এবং -২৩.৫ ডিগ্রি অক্ষাংশের (যথাক্রমে কর্কট ও মকরক্রান্তি রেখার মধ্যে) অবস্থানের জন্য বছরে দু''বার ছায়া শূন্য দিবস হয়। পৃথিবীর বিভিন্ন স্থানের হিসাবে তারিখ পরিবর্তিত হয়।প্রতি বছরই বিভিন্ন দিনে বিভিন্ন স্থানে এমন ছায়াশূন্য দিবস হয়। আবার আগামী ৭ জুলাইতেই বেলা ১১টা ৪১ মিনিটে এমনটা হবে।

## উন্নত রেল সংযোগ ও যাত্রী স্বাচ্ছন্দ্যের লক্ষ্যে অসমে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের একাধিক উন্নয়নমূলক পদক্ষেপ

গুয়াহাটি, ৪ জুন (হি.স.) : পর্যটনের বিকাশ ও সংযোগ ব্যবস্থার উন্নয়নের জন্য উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে (এনএফ রেল)-র পক্ষ থেকে অসমে একাধিক উন্নয়নমূলক, পরিকাঠামোমূলক কাজ করেছে। ২০১৪-২২ থেকে রেলওয়ে খণ্ডে বৃহৎ উন্নয়নমূলক কাজ প্রত্যক্ষ করেছে অসম।

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে এ সম্পর্কে জানান, অসমের সমগ্র রেলওয়ে নেটওয়ার্ক ২০১৪-১৯-এর মধ্যে ব্রডগেজে রূপান্তর করা হয়েছে। ফলে অসমের সমস্ত মিটারগজ রেলওয়ে লাইন লুপ্ত হয়ে গেছে। সংযোগ ব্যবস্থা বৃদ্ধি করতে অরুণাচল প্রদেশের নাহরলগুন ও মিজোরামের ভৈরবীকে অসমের হারমতি ও কাটাখালে ব্রডগজ লাইনের সাথে সংযুক্ত করা হয়েছে। মেঘালয়ে প্রথমবারের জন্য ট্রেন সংযোগ প্রতিষ্ঠা করা হয়েছিল যখন ২০১৪ সালে মেঘালয়ের মেন্দিপথারের সাথে অসমের দুধনৈকে ব্রডগজ লাইন দ্বারা সংযুক্ত করা হয়। ২০১৪ থেকে ২০২২ পর্যন্ত সময়ে অসমে ১৪৯ কিলোমিটার নতুন ব্রডগজ লাইন চালু করা হয়।

তিনি আরও জানান, এই ১৪৯ কিলোমিটারের মধ্যে ৮২.৮৪ কিলোমিটার পথ ২৮৯ কিলোমিটার দীর্ঘের ময়নাগুড়ি-যোগীঘোপা নতুন লাইন প্রকল্পের অংশ। এই প্রকল্পটি স্থলবেষ্টিত অসম রাজ্য ও উত্তরপূর্বের অন্যান্য ছয়টি রাজ্যকে একটি বিকল্পমূলক সংযোগ প্রদান করেছে এবং নিরবচ্ছিন্ন সংযোগ নিশ্চিত করেছে। ২০১৪-২২ সালে নিউ বঙাইগাঁও-অভয়াপুরী, পঞ্চরত্ন-দুধনৈ ও ডিগারু-লামডিঙের মধ্যে ডাবল ব্রডগজ লাইনসম্পন্ন করা হয়।

এছাড়া ১০০ শতাংশ বৈদ্যুতিকীকরণের জন্য রেলমন্ত্রকের নীতির অংশ হিসেবে অসমে ৪৩৪ কিলোমিটার বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ করা হয়েছে। ২০২২-২৩-এর মধ্যে আরও ৮২৫ কিলোমিটার চালু করার লক্ষ্য ধার্য করা হয়েছে। কামাখ্যা থেকে চাপরমুখ পর্যন্ত বৈদ্যুতিকীকরণ সম্পূর্ণ করা হয়েছে। লামডিং হয়ে ডিব্রুগড় পর্যন্ত বৈদ্যুতিকীকরণের কাজ অগ্রগতির পথে। উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের গো-গ্রিন মিশনের অংশ হিসেবে ২০১৪-২২-এর মধ্যে অসমের সমস্ত স্টেশনে ১০০ শতাংশ এলইডি লাইটের ব্যবস্থা করা হয়েছে।

২০১৪-২২-এর মধ্যে উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের অসমের স্টেশন ও ট্রেনগুলিতে একাধিক নতুন সুযোগ-সুবিধা প্রদান করেছে। ২০১৪-২২-এর মধ্যে অসমের বিভিন্ন স্টেশনে ৬৪টি ফুট ওভারব্রিজ, ২২০টি দিব্যাঙ্গ টয়লেট, ৫৯টি টয়লেট, ২৫টি নতুন প্ল্যাটফর্ম, ২৮টি লিফট ও ১৭টি এসক্যালেটর নির্মাণ করা হয়েছে। ২০২১-২২-এর মধ্যে পঞ্চরত্ন, গোয়ালপাড়া টাউন, কৃষ্ণাই, দুধনৈ, চাপরমুখ, থেকেরাগুড়ি, ধরমতুল, আজুরি, জাগিরোড, ধনশিরি, চাপর, বেসিমারি স্টেশনে ১২টি নতুন বিল্ডিঙেরও উদ্বোধন করা হয়েছে। ৪৯টি ট্রেনে আধুনিক সুযোগ-সুবিধা সহ দ্রুতগতির এলএইচবি কোচ চালু করা হয়েছিল। অসম থেকে যাত্রা শুরু করা সমস্ত ট্রেনে কোচের যান্ত্রিক পরিষ্কারকরণ ব্যবস্থা চালু করা হয়েছে। অসম থেকে যাত্রা শুরু করা সমস্ত ট্রেনে পরিবেশ অনুকূল বায়ো-টয়লেট স্থাপন করা হয়েছে। অসমের ২১৮টি স্টেশনে বিনামূল্যের ওয়াইফাই প্রদান করা হয়েছিল। রেলওয়ে সম্পত্তি ও যাত্রীদের সুরক্ষা বৃদ্ধির লক্ষ্যে ২০১৪-২২-এর মধ্যে ১৫টি স্টেশনে সিসিটিভি মনিটরিং সিস্টেম প্রদান করা হয়েছে, জানান উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক সব্যসাচী দে।

## আপডেট : তৃণমূল নেতার বাড়ি লক্ষ্য করে পর পর বোম, তপ্ত দিনহাটায় পথ অবরোধ

কোচবিহার, ৪ জুন (হি. স.) : কোচবিহারের দিনহাটায় তৃণমূল কংগ্রেস নেতার বাড়ি লক্ষ্য করে বোমাবাজির করা হয়েছে বলে অভিযোগ। এই অভিযোগ প্রকাশ্যে আসতেই প্রতিবাদে পথ অবরোধ করেন তৃণমূল কংগ্রেস কর্মীরা।অভিযোগ, শনিবার ভোররাতে দিনহাটার ভেটাগুড়ির তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি মনোরঞ্জন বর্মণের বাড়ি লক্ষ্য করে তিনটি বোমা ছোড়া হয়। বিজেপি আশ্রিত দুষ্কৃতীরাই এই বোমা ছুড়েছে বলে দাবি তৃণমূল কংগ্রেসের। পাল্টা শাসকদলের গোষ্ঠী কোন্দলকে দায়ী করেছে গেরুয়া শিবির।স্থানীয় সূত্রে খবর, মনোরঞ্জন বর্মণের বাড়িতে বোমাবাজির ঘটনায় পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে দিনহাটা—কোচবিহার রাজ্য সড়কের ভেটাগুড়ি বাজারে পথ অবরোধ শুরু করে তৃণমূল কংগ্রেস। শনিবার বেলা সাড়ে ১০টা নাগাদ এই অবরোধ শুরু হয়।তৃণমূল কংগ্রেসের ভেটাগুড়ি ১নম্বর অঞ্চল সভাপতি অনন্ত বর্মণ বলেন, 'দিনের পর দিন বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা বোমাবাজি করছে। পুলিশকে জানানো হয়েছে অথচ পুলিশ দুষ্কৃতীদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেয়নি। ভেটাগুড়ি বাজার বুথ সভাপতি মনোরঞ্জন বর্মণের বাড়িতে বোমাবাজি হয়। অথচ পুলিশ নিষ্ক্রিয়। পুলিশি নিষ্ক্রিয়তার বিরুদ্ধে এই পথ অবরোধ।'সামনে পঞ্চায়েত নির্বাচন আসছে। তার আগে এই ঘটনা বেশ আতঙ্ক ছড়িয়েছে। মনোরঞ্জন বর্মণ বলেন, 'আমার বাড়িতে রাতে বোমাবাজি হয়। আমি উঠতেই তিন---চারজন লোক পালিয়ে যায়। মন্দিরে বোমাবাজি হয়েছে। বিজেপি দুষ্কৃতীরাই এই বোমাবাজি করেছে। পুলিশ দ্রুত অপরাধীদের গ্রেফতার করুক।'

## কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করলেন সিধুর অভিভাবকরা, শুনলেন সমস্ত কথা

চণ্ডীগড়, ৪ জুন (হি.স.): চণ্ডীগড়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে দেখা করলেন দুষ্কৃতী হামলায় নিহত পঞ্জাবি গায়ক ও কংগ্রেস নেতা সিধু মুসওয়ালার অভিভাবকরা। শনিবার কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করেছেন সিধুর বাবা। চণ্ডীগড়ের টেকনিক্যাল এয়ারপোর্টে সিধুর অভিভাবকের সঙ্গে সাক্ষাৎ করেছেন অমিত শাহ।এর আগে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে দেখা করার অনুরোধ জানিয়েছিলেন সিধুর বাবা। সেই আবেদনে মান্যতা দিয়ে এদিন নিহত গায়কের পরিজনদের সঙ্গে দেখা করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী, শুনেছেন তাঁদের সমস্ত কথা। প্রসঙ্গত, গত ২৯ মে খুন হয়েছিলেন সিধু মুসওয়ালা। লখনউ থেকে গ্রেফতার কানপুর হিংসার মূলচক্রী জাফর হায়াত হাশমি

লখনউ, ৪ জুন(হি.স) : কানপুর হিংসার ঘটনার মূলচক্রী হায়াত জাফর হাশমিকে লখনউ থেকে গ্রেফতার করল এসটিএফ। কানপুর কমিশনারেট তার গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করেছে।কানপুর হিংসার মাস্টারমাইন্ড হায়াত জাফর হাশমির স্ত্রী জারা জাফর হাশমি শনিবার সিএমএম আদালতে তার স্বামীর নিখোঁজ হওয়ার অভিযোগ করেন। আদালতে আবেদন করে তিনি বলেন, তার স্বামী শুক্রবার নমাজ পড়ার কথা বলে বাড়ি থেকে বের হয়েছে। স্ত্রী দাবি করেন, তার স্বামীকে লখনউ থেকে এসটিএফ তুলে নিয়ে গেছে। তার চারটি ফোনই বন্ধ আসছে। যদিও বোনের অভিযোগ, তার ভাইকে জোর করে ফাঁসানো হচ্ছে। হায়াত জাফর হাশমির গ্রেফতারের বিষয়ে এসটিএফের অতিরিক্ত মহাপরিচালক অমিতাভ যশের জনসংযোগ আধিকারিক (পিআরও) বলেন, এই বিষয়ে এখনও কোনও তথ্য নেই। তবে এমনও হতে পারে কানপুরের এসটিএফ ইউনিট তাকে গ্রেফতার করেছে।

## কলকাতায় করোনায় মহিলার মৃত্যু

কলকাতা, ৪ জুন (হি. স.) : ফের করোনা আক্রান্ত হয়ে এক জনের মৃত্যু হল কলকাতায়। শনিবার ভোরে বেলেঘাটা আইডি হাসপাতালে করোনা আক্রান্ত হয়ে এক মহিলার মৃত্যু হয়। এর আগে করোনায় এ শহরে মৃত্যু হয়েছিল ২৯ মে।শুক্রবার রাজ্যে দৈনিক করোনা আক্রান্তের সংখ্যা ছিল ৪২। যা প্রায় প্রতিদিনই কমছে। এরই মধ্যে জানা গেল, শনিবার ভোরে এক করোনা আক্রান্তের মৃত্যু হয়েছে। সূত্রের খবর, উত্তর ২৪ পরগনার বাসিন্দা ওই মহিলা বেশ কিছুদিন ধরেই গুরুতর শারীরিক অসুস্থতা নিয়ে তেঘরিয়ার একটি বেসরকারি হাসপাতালে ভর্তি ছিলেন।সূত্রের খবর, ২ জুন তাঁর অবস্থার অত্যন্ত অবনতি হওয়ায় স্থানান্তরিত করা হয় বেলেঘাটা আইডি হাসপাতালে। তার পর থেকে আইডি হাসপাতালেরই ভেন্টিলেশনে ছিলেন তিনি। শনিবার ভোরে তাঁর মৃত্যু হয়। রাজ্যের ইদানীং করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুর সংখ্যা ক্রমশ কমছে। শেষ মৃত্যু নথিভুক্ত হয়েছিল গত ২৯ মে। তার পর শনিবার আবার করোনায় আক্রান্ত হয়ে মৃত্যু হল এক জনের।

## কয়লাবোঝাই সাতটি ডাম্পার আটক আসানসোলে

আসানসোল, ৪ জুন (হি. স.) : পশ্চিম বর্ধমানের আসানসোলের ইসিএল সাতগ্রাম ডিপো থেকে কয়লাবোঝাই সাতটি ডাম্পার আটক করা হয়। শনিবার ইসিএলের শ্রীপুর এলাকার কালিপাহাড়ি ওসিপি থেকে ডাম্পারের সংখ্যার কারসাজি করে কয়লাবোঝাই করে সাতগ্রাম ডিপো থেকে ডাম্পারগুলি নিয়ে যাওয়া হচ্ছিল। এরিয়া জেনারেল ম্যানেজার এম কে যোশীর নেতৃত্বে হওয়া এই অভিযানে কয়লাবোঝাই সাতটি ডাম্পার ধরা পড়ে।

জানা গিয়েছে, কালিপাহাড়ি থেকে কয়লা চুরির অভিযোগের খবর আগে থেকেই ইসিএলের কাছে ছিল। এদিন যে নম্বরের ডাম্পারগুলো আটক করা হয়, সেইসব নম্বর ইসিএলের কালো তালিকাভুক্ত। নম্বরগুলি গোপন করে অন্য নম্বর লাগিয়ে কয়লা নিয়ে যাওয়া হচ্ছিল। কয়লাবোঝাই সাতটি ডাম্পার পরে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। ইসিএলের অভিযোগের ভিত্তিতে আইন অনুযায়ী পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে পুলিশ জানিয়েছে।

## রাঁচিতে খুনের অভিযোগে দিল্লি থেকে গ্রেফতার ৪

নয়াদিল্লি, ৪ জুন(হি.স) : ঝাড়খণ্ডের রাজধানী রাঁচিতে একটি খুনের মামলায় পলাতক চার অভিযুক্তকে রাজধানী দিল্লি থেকে গ্রেফতার করল পুলিশ। শনিবার পুলিশ জানিয়েছে, দিল্লি পুলিশের স্পেশাল সেল ও ঝাড়খণ্ড পুলিশের সঙ্গে যৌথ অভিযানে পূর্ব দিল্লির গাজীপুর থেকে শুক্রবার রাতে অভিযুক্ত - রাহুল কুজুর (২২), মুনাওয়ার আফাক (২৩), কাভিশ আদমান (২৬) এবং ডাবলু কুজুর (৪৭) -কে গ্রেফতার করা হয়েছে।পুলিশের ডেপুটি কমিশনার (স্পেশাল সেল) জসমিত সিং বলেন, দিল্লির বিভিন্ন এলাকায় যৌথ অভিযান চালিয়ে গ্রেফতার করা হয়েছে। ধৃতরা সকলে রাঁচির বাসিন্দা।অভিযুক্তরা স্বীকার করেছে, তাদের সহযোগীদের সঙ্গে ষড়যন্ত্রে তারা সোমবার রাঁচির রাতু রোডের গ্যালাক্সি মলের কাছে ভারত ভূষণকে লক্ষ্য করে গুলি চালিয়েছিল বলে ডিসিপি বলেন। ধৃতরা আগে ঝাড়খণ্ডে তোলাবাজি, খুন, খুনের চেষ্টা, হুমকি, ষড়যন্ত্র, আক্রমণ, আঘাত এবং ভয় দেখানো সহ অনেক ফৌজদারি মামলায় গ্রেফতার করা হয়েছিল বলে পুলিশ জানিয়েছে।

## মহারাষ্ট্রে আবারও বাধ্যতামূলক মাস্ক

মুম্বই, ৪ জুন (হি. স.) : মহারাষ্ট্রে ফের নতুন করে চোখ রাঙাচ্ছে করোনা। গত ২৪ ঘন্টায় দৈনিক সংক্রমণ হাজারের গণ্ডি ছাড়াতেই ফের প্রকাশ্য স্থানে মাস্ক পরা বাধ্যতামূলক করা হল। শনিবার রাজ্যের অতিরিক্ত মুখ্যসচিব প্রদীপ ব্যাস সব জেলাশাসককে চিঠি দিয়ে প্রকাশ্যস্থানে মাস্ক পরা বাধ্যতামূলক করার নির্দেশ দিয়েছেন। চিঠিতে তিনি লিখেছেন, 'ট্রেন, বাস, সিনেমা হল, অডিটোরিয়াম, বিভিন্ন অফিস, হাসপাতাল, কলেজ ও স্কুলগুলিতে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে হবে। সাধারণ মানুষ যাতে নির্দেশ মেনে চলেন, তার জন্য সতর্ক নজরদারি চালাতে হবে।' উল্লেখ্য, টানা তিন মাস বাদে শুক্রবারই মহারাষ্ট্রে করোনার দৈনিক সংক্রমণ ফের হাজারের গণ্ডি ছাড়িয়েছে। বাণিজ্যনগরী মুম্বই ও থানেতে করোনার সংক্রমণ পাল্লা দিয়ে বাড়ছে। তবে আপাতত মাস্ক পরা বাধ্যতামূলক হলেও, মাস্ক না পরলে জরিমানা আদায়ের মতো কঠিন পথে হাঁটা হচ্ছে না।প্রসঙ্গত, চলতি মাসের শুরু থেকেই দেশে আচমকা করোনার সংক্রমণ ঊর্ধ্বমুখী হয়ে উঠেছে।

## হায়দরাবাদে নাবালিকাকে ধর্ষণ মামলায় তৃতীয় অভিযুক্ত ধৃত

হায়দরাবাদ, ৪ জুন (হি. স.) : হায়দরাবাদে নাবালিকাকে ধর্ষণ মামলায় তৃতীয় অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ। শুক্রবারই গ্রেফতার করা হয়েছিল সাদুউদ্দিন মালিক নামে এক অভিযুক্তকে, এরপই শনিবার দুপুরের মধ্যে গ্রেফতার করা হয়েছে আরও দুই অভিযুক্তকে। এই নিয়ে মোট ধৃতের সংখ্যা বেড়ে হল ৩। পুলিশ জানিয়েছে, 'সাদুউদ্দিন মালিক গ্রেফতার হওয়ার পর শনিবার দুই জুভেনাইলকে গ্রেফতার করেছে জুবলি হিলস থানার পুলিশ। তাদের হেফাজতে নেওয়ার আবেদন জানানো হবে।'এদিকে, হায়দরাবাদ ধর্ষণ মামলায় সিবিআই তদন্ত চাইল বিজেপি। তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী কে চন্দ্রশেখর রাও-কে চিঠি লিখে সিবিআই তদন্তের দাবি জানিয়েছেন তেলেঙ্গানার বিজেপির রাজ্য সভাপতি বান্দি সঞ্জয়। সমস্ত অভিযুক্তকে গ্রেফতার করে মামলার তদন্তভার সিবিআই-এর হাতে তুলে দেওয়ার দাবি জানিয়েছেন সঞ্জয়।' এদিকে, হায়দরাবাদ গণধর্ষণ মামলায় শনিবার জুবলি হিলস থানার বাইরে বিক্ষোভ দেখায় জনসেনা পার্টি। পরে কয়েকজনকে আটক করেছে পুলিশ।

## পাকিস্তান থেকে ভারতে ফের ঢুকে পড়ল ড্রোন

অমৃতসর, ৪ জুন (হি.স.): পাকিস্তান থেকে ভারতে ফের ঢুকে পড়ল একটি ড্রোন। তবে, সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ)-র জওয়ানরা সতর্ক থাকায় কোনও কার্যকলাপের আগেই পাকিস্তানের দিকে পালিয়ে যায় ওই ড্রোনটি। পঞ্জাবের অমৃতসরের চৌকি রাজাতাল এলাকার ঘটনা। এএসআই হরজিন্দর সিং জানিয়েছেন, চৌকি রাজাতাল আমাদের থানার অন্তর্গত এলাকা। শনিবার ভোররাত তিনটে থেকে ৩.১৫ মিনিটের মধ্যে পাকিস্তানের দিক থেকে একটি ড্রোনের গতিবিধি নজরে আসে। সন্দেহজনক কিছুই পাওয়া যায়নি, ড্রোনটি পাকিস্তানের দিকে চলে যায়। আমরা তাও সীমান্তের দিকে কড়া নজরদারি রাখছি। ওই ড্রোনটি লক্ষ্য করে বিএসএফ গুলিও চালিয়েছিল।

## কাশ্মীরের বর্তমান পরিস্থিতির জন্য দেশবাসী উদ্বিগ্ন : কেজরিওয়াল

নয়াদিল্লি, ৪ জুন (হি.স.): কাশ্মীরে এখন টার্গেট করে খুন করা হচ্ছে সংখ্যালঘু হিন্দুদের। ভয়ে ও আতঙ্কে কাশ্মীর ছেড়ে পালিয়ে যাচ্ছেন কাশ্মীরি পণ্ডিতরা, এমনই ছবি ধরা পড়েছে। কাশ্মীরের বর্তমান এই পরিস্থিতির জন্য উদ্বেগ প্রকাশ করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। তাঁর মতে, কাশ্মীরের বর্তমান পরিস্থিতির জন্য দেশবাসী উদ্বিগ্ন। এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের হস্তক্ষেপ দাবি করেছেন তিনি। শনিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে কেজরিওয়াল বলেছেন, 'কাশ্মীরের পরিস্থিতি নিয়ে উদ্বিগ্ন দেশ। যা যা ব্যবস্থা নেওয়া দরকার, কেন্দ্রকে তাই করতে হবে এটাই আমাদের দাবি। তাঁরা (কাশ্মীরি পণ্ডিতরা) অনেক সময় পর আশা নিয়ে (উপত্যকায়) ফিরে গিয়েছেন। তাঁদের নিরাপত্তা নিশ্চিত করা উচিত।'উল্লেখ্য, কাশ্মীরে এখন হিন্দুদের টার্গেট করে খুন করছে জঙ্গিরা। সরকারি করণীক, শিক্ষিকা, অভিনেত্রী জঙ্গিদের গুলিতে প্রাণ হারিয়েছেন, সন্ত্রাসীদের গুলিতে মৃত্যু হয়েছে ভিন রাজ্যের বাসিন্দাদেরও। এদিকে, জম্মু ও কাশ্মীরের পরিস্থিতি নিয়ে শুক্রবারই পর্যালোচনা বৈঠক করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

## কর্মসংস্থানে বিশেষ দৃষ্টি দিচ্ছে উত্তর প্রদেশ সরকার : রাষ্ট্রপতি

কানপুর, ৪ জুন (হি.স.): বিনিয়োগে উৎসাহদানের পাশাপাশি কর্মসংস্থানে বিশেষ দৃষ্টি দিচ্ছে উত্তর প্রদেশ সরকার। শনিবার উত্তর প্রদেশের কানপুরে মার্চেন্ট চেম্বার্সের ৯০ তম বর্ষ উদযাপন অনুষ্ঠানে একথা বলেছেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ। শনিবার রাষ্ট্রপতির উত্তর প্রদেশ সফরের দ্বিতীয় দিন, এদিন মার্চেন্ট চেম্বার্সের গৌরবজনক ৯০ বছরের বিভিন্ন উল্লেখযোগ্য দিকের কথা উল্লেখ করেছেন রাষ্ট্রপতি। তিনি বলেন, এমএসএমই ক্ষেত্রে উত্তর প্রদেশ গুরুত্বপূর্ণ কাজ করেছে।রাষ্ট্রপতি এদিন আরও বলেছেন, দেশের অর্থনীতি ও কর্মসংস্থান সৃষ্টির সঙ্গে শিল্পের বিকেন্দ্রীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এমএসএমই, ভারত সরকার ""'আত্মনির্ভর ভারত"" এবং " মেক ইন ইন্ডিয়া""-এর অধীনে এমএসএমই-কে উন্নীত করার জন্য বেশ কয়েকটি নীতি সংস্কার করেছে।উল্লেখ্য, রবিবার সন্ত কবির দাসের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন রাষ্ট্রপতি। পাশাপাশি সন্ত কবির একাডেমি ও গবেষণা কেন্দ্রের উদ্বোধন করবেন। স্বদেশ দর্শন যোজনায় অংশ নেবেন তিনি।

## মাধ্যমিকে ৩৫ শতাংশ পেলেই বিজ্ঞান পড়া যাবে

কলকাতা, ৪ জুন (হি. স.) : মাধ্যমিকের ফল প্রকাশের পর দিনই একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি জারি করল উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ। সর্বাধিক ৪০০ আসনে ভর্তি করতে পারবে স্কুলগুলি। ২৭৫ থেকে আসন সংখ্যা বাড়িয়ে করা হল ৪০০।পাশাপাশি, এবার থেকে ৩৫ শতাংশ নম্বর পেলেই নেওয়া যাবে বিজ্ঞান বিষয়। আগের নির্ধারিত ৪৫ শতাংশ নম্বরের মাপকাঠি কমিয়ে করা হয়েছে ৩৫ শতাংশ। এ নিয়েও পৃথক একটি বিজ্ঞপ্তি জারি করেছে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ।শনিবার মোট দু'টি বিজ্ঞপ্তি জারি করে উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ। তার মধ্যে একটিতে স্কুলে পড়ুয়াদের আসন বাড়ানোর কথা জানানো হয়। শিক্ষা সংসদ সূত্রে জানা গিয়েছে, এ বছর মাধ্যমিকে ৮৬.৬০ শতাংশ পড়ুয়া পাশ করেছেন। সংখ্যাটা প্রায় সাড়ে ন'লক্ষের কাছাকাছি। এত সংখ্যক ছাত্রছাত্রী যাতে ভর্তি হতে পারেন, তার জন্যই এমন নির্দেশিকা।দ্বিতীয় বিজ্ঞপ্তিতে বিজ্ঞান শাখার বিষয় নিয়ে মাপকাঠি কমিয়ে এনেছে শিক্ষা সংসদ। সেই অনুযায়ী, উচ্চমাধ্যমির স্তরে গণিত, জীববিদ্যা, রাশিবিজ্ঞান, কম্পিউটার সায়েন্স-সহ বিজ্ঞান শাখার যে কোনও বিষয় নিয়ে পড়তে গেলে ন্যূনতম ৩৫ শতাংশ নম্বর থাকলেই হল।

## মুখোশ খুলবে আপ, বিস্ফোরক টুইট কেজরিওয়ালের

নয়াদিল্লি, ৪ জুন(হি.স) : কোনও এক বড় মাপের বিজেপি নেতার মুখোশ খুলে দেবেন মণীশ সিসোদিয়া। টুইট করে এমনই দাবি করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। দিল্লির স্বাস্থ্যমন্ত্রী সত্যেন্দ্র জৈনকে গ্রেফতারের ঘটনায় রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ তুলেছে কেজরিওয়ালের আপ। এদিন টুইটের সঙ্গে অরবিন্দ কেজরিওয়াল একটি খবরের কাগজের রিপোর্ট জুড়ে দিয়েছেন। ওই রিপোর্ট সত্যেন্দ্র জৈন সংক্রান্ত। শুক্রবার এই মামলার শুনানি হয় দিল্লি হাইকোর্টে। আদালতে এনফোর্সমেন্ট ডায়রেক্টরেট বা ইডি জানায়, আপ-এর নেতা এই মামলায় অভিযুক্ত না। ইডি-র এই বক্তব্যকে সামনে রেখেই বিজেপি'র বিরুদ্ধে সরাসরি সংঘাতে নেমেছেন অরবিন্দ কেজরিওয়াল। সত্যেন্দ্র জৈনকে গ্রেফতারির ঘটনা নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।

## উত্তরপ্রদেশের হাপুরে কারখানায় বয়লার বিস্ফোরণ, মৃত ছয়

লখনউ, ৪ জুন(হি.স) : শনিবার বিকেলে পশ্চিম উত্তর প্রদেশের হাপুর জেলায় একটি রাসায়নিক কারখানায় বয়লার বিস্ফোরণে অন্তত ছয়জন শ্রমিকের মৃত্যু হয়েছে বলে জানা গিয়েছে। ঢোলনা এলাকায় অবস্থিত কারখানায় বিস্ফোরণে আরও কয়েকজন শ্রমিক আহত হয়েছেন।এই খবরে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন, তাঁর অফিস হিন্দিতে একটি টুইট বার্তায় জানিয়েছে।

# হরেকরকম  হরেকরকম  হরেকরকম

## কোন সময় ফল খাওয়া উচিত কখন ফল খাওয়া মারাত্মক ক্ষতিকর



খাবার অন্তত এক ঘণ্টা পর ফল খাওয়া উচিত। কারণ খাওয়ার পরেই ফল খেলে খাবারের আগে ফল হজম হয়ে যায়। ফলের পুষ্টিগুণ শরীরে দ্রুত পৌঁছে যায় এবং খাবারের অনেক পুষ্টিগুণ শরীরে শোষিত হয় না।

অন্যদিকে, রাতে ঘুমানোর আগে ফল খাওয়ার সবচাইতে খারাপ সময়। কারণ ঘুমানোর আগে রক্তে শর্করার মাত্রা বেড়ে ঘুম আসবে না। এমনকি রাতের খাবারটাও ঘুমানোর কমপক্ষে দুই ঘণ্টা আগে খাওয়া উচিত। অন্যথায় বদহজম দেখা দিতে পারে।

এছাড়াও অন্যান্য খাবার খাওয়ার পরপরই ফল খাওয়ার মাঝখানে কমপক্ষে এক ঘণ্টার ব্যবধান রাখা উচিত। কারণ এক্ষেত্রেও বদহজম হতে পারে এবং ফলের পুরোপুরি পুষ্টিগুণ শরীরে শোষিত হবে না। ডায়াবেটিসে আক্রান্ত রোগিদের ক্ষেত্রে এই ব্যবধান হওয়া উচিত অন্যান্য খাবার খাওয়ার আগে কমপক্ষে দুই ঘণ্টা।

আর অন্যান্য খাবারের সঙ্গে ফল খেলে হজম পদ্ধতি ধীর করে দেয়। অর্থাত ফল দীর্ঘসময় পাকস্থলিতে থেকে যায়। যা ফলটির ''ফার্মেন্টেশন''র দিকে নিয়ে যেতে পারে। আঁশ বেশি থাকায় ফল এমনিতেই হজম হতে সময় লাগে। অন্য খাবারের সঙ্গে মিশিয়ে খেলে তা আরও ধীরে হজম হয়।

ফলের সর্বোচ্চ পুষ্টি গ্রহণের জন্য নির্দিষ্ট সময়ে ফল খাওয়া উচিত। বিশেষজ্ঞদের মতে, দিনে একবাটি তাজা ফল আপনাকে সুস্থ রাখবে। তবে তা খেতে হবে সূর্যাস্তের আগেই। এছাড়াও সূর্যাস্তের পর আমাদের বিপাক ধীর হয়ে যায় এবং কার্বস হজম করা কঠিন হয়ে পড়ে।

খাবারের সঙ্গেও ফল যোগ করা উচিত নয় বা খাবারের পরপরই খাওয়া উচিত নয়। খাবার এবং ফল খাওয়ার মাঝে অন্তত দুই-তিন ঘণ্টা অপেক্ষা করতে হবে। বেশিরভাগ ফলই কার্বোহাইড্রেট সমৃদ্ধ। দ্রুত শক্তির একটি দুর্দান্ত উতস হচ্ছে ফল, তবে এটি রক্তে শর্করার মাত্রাও বাড়িয়ে তোলে। রক্তে শর্করার মাত্রা বৃদ্ধির কারণে এটি ঘুমকে ব্যাহত করতে পারে।

## চুলের দুর্গন্ধ কিভাবে সুগন্ধে রূপান্তরিত করবেন

মানুষের ব্যক্তিত্বের বিশেষ অংশ চুল। শুষ্ক, দুর্গন্ধযুক্ত চুল আমরা কেউই পছন্দ করি না। চুলে দুর্গন্ধ হলে তা অনেক সময় বিরক্তির কারণও হয়। এই সমস্যা থেকে মুক্তির উপায় কি? আপনারো যদি একই প্রশ্ন থাকে তবে এ প্রতিবেদনটি আপনাকে সাহায্য করবে। চুলের জন্য সুগন্ধযুক্ত বিশেষ সিরাম ও শ্যাম্পু তৈরি করা যায়। এগুলো খুব সহজেই আপনি চাইলে বাসায় তৈরি করতে পারেন। এই চুলের সুগন্ধি বানানো খুব সহজ ও সাশ্রয়ীর পাশাপাশি পুষ্টিকর এবং বিষমুক্তও।

একটি কাচের বাটিতে, ১ টেবিল চামচ ভেষজ তেল নিন। এর সঙ্গে ১০-১২ ফেঁটা প্রয়োজনীয় সুগন্ধি তেল যোগ করুন। পছন্দমতো ল্যাভেন্ডার বা জুঁই ফুলের সুগন্ধি দিতে পারেন। এর পর এর সঙ্গে আধা কাপ পরিশোধিত গোলাপ জল মেশান। ভালোভাবে নাড়ুন এবং একটি স্প্রে বোতলে ঢেলে রাখুন। বাইরে বেরোনোর আগে বা যখনই আপনার মনে হবে 'আপনার চুলে সুগন্ধ ও চমক প্রয়োজন, এটি স্প্রে করুন।

ভেষজ তেল চুলকে ময়েশ্চারাইজ এবং পুষ্ট করে, পাশাপাশি চুলের আগা ফাটা প্রতিরোধ করে। শুধু তাই নয়, এতে থাকা সুগন্ধি তেল চুলের দুর্গন্ধ দূর করে ও চুল পুনর্জীবিত করতে সহায়তা করে। ঘুমাতে যাওয়ার আগে সুগন্ধি ছড়িয়ে নিলে এটি ভাল ঘুমের আমেজ তৈরিতেও সহায়তা করে। অন্যদিকে গোলাপ জল মাথার ত্বকের শুষ্কতার সঙ্গে খুশকি এবং চুলকানি কমায়।



## গুড় খাওয়ার ফলে যে উপকার গুলি পাবেন জেনেনিন



সারা দিনের নানা কাজকর্মের শেষে অনেক সময় শরীরে আর শক্তি থাকে না। অসম্ভব ক্লান্ত আর অবসন্ন লাগে সারাদিন। এমন অবস্থায় হাতের কাছে একটি পানীয় হতে পারে আপনার সকল ক্লান্তির চিকিতসা। হালকা গরম পানিতে গুড় মিশিয়ে খেলেই দূর হবে সব ক্লান্তি।

গুড়ে কার্বোহাইড্রেট আছে, তাই এটি শরীরে তাতক্ষণিক এনার্জি জোগাতে সক্ষম হয়। শুধু এনার্জির জোগান দেওয়া নয়, গুড় শরীরের পক্ষে নানা দিক দিয়েই ভালো। আয়ুর্বেদ শাস্ত্রেও গুড়ের নানা উপযোগিতার কথা বলা আছে। ওষুধের উপর নির্ভরশীল না হয়ে প্রাকৃতিক ভাবে সুস্থ থাকতে হলে গুড়ই যথেষ্ট। তবে রিফাইন করা চিনির চেয়ে আখ বা খেজুরের রস দিয়ে তৈরি গুড় স্বাস্থ্যের পক্ষে অনেক ভালো। এনার্জির জোগান দেওয়া ছাড়া গুড় জল আর কি কি করে উপকার করে শরীরের, সেটা একবার দেখে নেওয়া যাক।

মেটাবলিজম ও রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ায় :
ম্যাগনেসিয়াম, ভিটামিন বি ১, বি ৬ ও ভিটামিন সি দ্বারা পরিপূর্ণ হল গুড়। এছাড়াও এতে আছে জিঙ্ক, সেলেনিয়াম ইত্যাদির মতো খনিজ। তাই সকালে বা রাত্রে শুতে যাওয়ার আগে গুড় জল পান তা মেটাবলিজম বাড়িয়ে দেয় আর রোগপ্রতিরোধ ক্ষমতাও দৃঢ় করে।

ওজন কমায় : বেশিরভাগ সময়ই আমরা ভুল ধারণার বশবর্তী হয়ে বলি যে মিষ্টি খেলেই ওজন বাড়ে। কিন্তু মিষ্টি খেলেও যে ওজন কমে, এটা কী ভাবে সম্ভব? গুড়ের ক্ষেত্রে এটা সম্ভব। গুড়ে পটাসিয়াম আছে বলে এটি শরীরে ইলেকট্রোলাইট সমতা বজায় রাখে। তাই জল ধরে রাখার ক্ষমতা অনেকটাই কমে যায় আর বাড়তি মেদও কমে। পেশি গঠনেও সাহায্য করে গুড়। শরীর সুস্থ রাখে : গুড় প্রাকৃতিকভাবে লিভার পরিস্রুত করে এবং রক্তও পরিষ্কার করে। নিয়মিত গুড় খেলে ত্বকের উজ্জলতা বাড়বে এবং শরীর টক্সিনমুক্ত হবে।

## জানেন কি লেবুর রসে নয়, উপকার বেশি খোসায়!

যে কোন খাবারের স্বাদ বাড়াতে লেবুর কোন জুড়ি নেই। এর সাথে লেবুর আছে সুঘ্রাণ। যা খাবারে তৃপ্তি দেয়। অনেকে আবার সুস্থতার জন্য সকালে লেবু জল পান করে থাকে। তবে আমরা লেবুর রস রেখে খোসাটা ফেলে দেই। কারণ আমরা জানিই না যে এই খোসাতে আছে কত অজানা ও চমতকার সব উপকারিতা। লেবুর রসের চেয়ে ৫-১০ গুণ বেশি ভিটামিন আছে লেবুর খোসায়। লেবু আমাদের স্বাস্থ্য, ত্বক এবং চুলের জন্যেও খুবই উপকারি। খোসাতে আছে ক্যালসিয়াম ও পটাসিয়ামের মত খনিজ উপাদান, ফাইবার ও ভিটামিনে সমৃদ্ধ।

চলুন জেনে নেই লেবুর খোসার জাদুকরী উপকারিতা সম্পর্কে।

১. ত্বকের সানবার্ন প্রতিরোধ করতে লেবুর খোসা সরাসরি ত্বকে প্রয়োগ করলে বেশ উপকার পাওয়া যায়। এতে ত্বকের পোড়াভাব সহজেই দূর হয়। পাশাপাশি ত্বকের সৌন্দর্য বাড়াতে এতে আছে অ্যান্টিঅক্সিডেন্ট উপাদান।

২. লেবুর খোসা হজম শক্তি এবং রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায় খুব সহজেই।

৩. দেহের অতিরিক্ত মেদ কমাতেও লেবুর খোসা অনেক উপকারী।


৪. এতে প্রচুর পরিমাণের ভিটামিন সি থাকায় দাঁতের জন্য বেশ কার্যকর ভূমিকা রাখে। লেবুর খোসা দাঁতের বিভিন্ন অসুখ থেকে রক্ষা করে। হাড়ের বিভিন্ন অসুখ যেমন, পলি আর্থারাইটিস, অস্টিওপরোসিস এবং বিভিন্ন প্রকার আর্থারাইটিস প্রতিরোধ করে।

৫. প্রত্যহ লেবুর খোসা খেলে শরীরে সাইট্রিক অ্যাসিডের মাত্রা বৃদ্ধি পায়। যার ফলে কিডনিতে পাথর হওয়ার ঝুঁকি কমায়।

৬. লেবুর খোসা শরীর থেকে স্ট্রেস কমাতে সহায়তা করে।

৭. লেবুর খোসাতে আছে সয়ালভেসস্ট্রল কিউ ৪০ ও লিমোনেন্স, যা ক্যান্সারের কোষ ধ্বংস করে, বাকটেরিয়াল ও ছত্রাক সংক্রমণের প্রকোপ কমায়।

৮. আমদের শরীরে কোলেস্টেরলের মাত্রা বজায় রাখে লেবুর খোসা, যা রক্তচাপ নিয়ন্ত্রণে রাখে এবং বিভিন্ন হৃদরোগ যেমন স্ট্রোক এবং হার্ট অ্যাটাক প্রতিরোধ করতে সহায়তা করে।



## সোনামণির বাহারি মশারি

ডেঙ্গু, চিকুনগুনিয়াসহ নানা রোগে এখন আক্রান্ত হচ্ছে সব বয়সী মানুষ। শিশুরা তো আরও ঝুঁকিতে। মশারি ব্যবহার করলে মশার এই অত্যাচার থেকে নিজে যেমন বাঁচতে পারবেন, তেমনি বাঁচাতে পারবেন আপনার সন্তানকেও। তাই ব্যাঘাতহীন ঘুমের জন্য মশারি ব্যবহার উত্তম এবং নিরাপদও। বাজারে শিশুদের জন্য আছে বাহারি মশারি। এসব মশারি যেমন শিশুকে নিরাপদ রাখবে, তেমনি রঙিন মশারি ঘরে যোগ করবে বাড়তি সৌন্দর্য।

মশা থেকে বাঁচতে


নিজ ঘরে মশা থেকে বাঁচার সবচেয়ে সস্তা, দীর্ঘস্থায়ী, কার্যকর এবং নিরাপদ উপায়টির নাম মশারি। কয়েল বা ওষুধে মশা না—ও মরতে পারে, তবে চারদিক গুঁজে নিয়ে এবং ভেতরে মশা নেই, সেটা নিশ্চিত করে মশারির ভেতর ঢুকে বসে থাকলে মশা যে কামড়াতে পারবে না, সে ব্যাপারে কোনো সন্দেহ নেই। নিউমার্কেটের মশারি ও পর্দার দোকান মায়ের দোয়া স্টোরের বিক্রয়কর্মী আশিক হোসেন জানান, সারা বছর ছোট মশারি কমবেশি চলে।

ছোটদের মশারি

ঢাকার গুলশান ১ নম্বরের এনডিসিসি মার্কেটে মশারি কিনতে এসেছেন গৃহিণী ফারজানা খন্দকার। তিনি বলেন, 'আমার আট মাসের সন্তানের জন্য বাহারি মশারি কিনতে এসেছি। দিন দিন মশাবাহিত রোগ বাড়ছে। আমার সন্তান যেহেতু সারাক্ষণ শুয়েই থাকে, তাই দেখতে সুন্দর, এমন মশারি কিনতেই মার্কেটে আসা।' ছোট শিশুদের জন্য আলাদা মশারি বেশ জরুরি। কারণ, শিশুরা একটু আগে ঘুমিয়ে পড়ে। আর তখন বড় মশারি টানিয়ে রাখা বেশ ঝামেলার। আর না টানালে মশার উৎপাতে আপনার সোনামণি আরামে ঘুমাতে পারবে না। তা ছাড়া ডেঙ্গু জ্বরের প্রকোপ বাড়ায় শিশুদের দিনের বেলায় ঘুম পাড়ালেও মশারি টানানো জরুরি। এ ক্ষেত্রে শিশুদের জন্য ছোট মশারি ব্যবহারই সুবিধাজনক। আর এখন বাজারে শিশুদের জন্য বাহারি সব মশারিও পাওয়া যায়। এর মধ্যে কোনোটি চেইন দিয়ে তৈরি ঘরের মতো। একে স্প্রিং মশারি বলে। কোনোটি আবার লোহার দণ্ডের সঙ্গে নেট প্যাঁচানো। কোনোটি আবার ছাতার মতো খোলা যায়। কিছু আবার আছে বিছানাসহকারে তৈরি বেড সেটিং মশারি।

আপনি চাইলে মশারি রেডিমেড কিনতে পারেন আবার বানিয়েও নিতে পারেন। তবে রেডিমেডের চেয়ে বানানো মশারিই বেশি টেকসই। অবশ্য এ জন্য খরচাপাতিও একটু বেশি গুনতে হবে। সাধারণত মশারির নেট কাপড় এবং সাইজের ওপর নির্ভর করে এর দরদামের পার্থক্য।

## ঘুমের ওষুধ খেয়েও চোখে ঘুম নেই? ওষুধ ছাড়াই ঘুম আসবে যেভাবে জানুন



সমস্যার নাম ঘুমের অসুখ। আক্রান্তের হিসেব শুনলে আঁতকে ওঠার কথা! শিশু থেকে বয়স্ক, বিশ্বে শতকরা প্রায় ৪৫ শতাংশ মানুষ ঘুমের অসুখে আক্রান্ত। সারাদিন পরিশ্রমের পরেও রাতে ঘুম না আসার সমস্যা নতুন নয়। এপাশ ওপাশ করতে করতেই রাত শেষ হয় অনেকের। এমন সমস্যা কি আপনারও? ঘুমের ওষুধ খেতে হচ্ছে প্রায়ই? কিন্তু জানেন কি, ঘুমাতে যাওয়ার আগে যদি মানেন সহজ কিছু নিয়ম, তাতেই ঘুম হবে গাঢ়।

১. পা ভিজে রেখে ঘুমতে যাবেন না। চিকিতসকদের মতে, শরীরের তাপমাত্রার একাংশ নিয়ন্ত্রণ করে পা। তাই পা ভেজা থাকলে শরীরের তাপমাত্রায় ভারসাম্য থাকে না। কাজেই ভাল করে পা মুছে, শুকনা পায়ে উঠুন বিছানায়।

২. প্রতিদিন নির্দিষ্ট সময়ে ঘুমাতে যাওয়ার চেষ্টা করুন। ফোন থেকে দূরে থাকুন। ঘুমের সবচেয়ে ব্যাঘাত ঘটায় বৈদ্যুতিক সরঞ্জাম। তাই ঘুমাতে যাওয়ার ঠিক আগ মুহূর্তে গ্রুপ চ্যাট, হোয়াটসঅ্যাপ, ফেসবুক ব্যবহার থেকে বিরত থাকুন।

৩. রাতে ঘুমাতে যাওয়ার আগে ল্যাপটপ বা মোবাইলে ওয়েব সিরিজ-ছবি না দেখে, বরং কিছুক্ষণ বই পড়ুন। বই পড়লে মাথা শান্ত হয়। ফলে নিমেষেই ঘুম আসে। খবরের কাগজও পড়তে পারেন।

৪. ঘুমাতে যাওয়ার দু-ঘণ্টা আগে সারুন রাতের খাওয়া। চার ঘণ্টা আগেই নিয়ে নিন সেদিনের শেষ কফি বা চা। এই দুই নিয়মে অভ্যস্ত হতে পারলে ঘুম আসবে সহজেই।

৫. তোষক ও বিছানাও কিন্তু ঘুমে ব্যাঘাত ঘটানোর অন্যতম কারণ। খেয়াল রাখুন, সেসবের গুণগত মান যেন উন্নত হয়। আরামদায়ক তোষকে শরীরে রক্ত সঞ্চালন ভালভাবে হয়। স্নায়ু ও পেশী আরাম পায়। ঘুম আসে নিমেষে।

৬. ঘুমনোর আগে স্নান করুন। ঠান্ডা লাগার অভ্যাস না থাকলে এটি করে দেখুন। কাজে আসবে দারুণ। ঘুমের মানও ভালো হবে। শরীর থাকবে ঝরঝরে।

## পনিরের এই সাধারণ রেসিপিই অনেকের পছন্দের তালিকায় প্রথমে থাকে

পনিরের রেসিপি সব সময়ই আমাদের মন ভাল করে দিতে পারে। পনিরকে স্বাস্থ্যকর খাবারের তালিকার মধ্যেই ধরা হয়। এমনকি পনিরকে নিয়ে অনেক রকমের ভাল ভাল রেসিপি তৈরি করা যায় খুব সহজেই। অনেকেই মনে করেন, পনিরের জন্য আলাদা করে খরচ করার কি মানে! কিন্তু পনিরের স্বাদে একটা বিশেষ বৈশিষ্ট্য আছে। আজ, সাধারণ মটর পনিরের এই রেসিপি দেখে নিন। এই রেসিপি খুব সাধারণ মানের কিন্তু শুধুমাত্র পনিরের জন্যই অসাধারণ সুন্দর হয়ে যায়।

উপকরণ: ২০০ গ্রাম পনির পরিমাণ মতো কড়াইশুঁটি পরিমাণ মতো তেল একটি মাঝারি সাইজের পেঁয়াজ কুচি দেড় চা চামচ আদা-রসুন পেস্ট ২ টো মাঝারি সাইজের টমেটো কুচি স্বাদ মতো নুন দুটো কাঁচা লঙ্কা চেরা দেড় চা চামচ জিরে দেড় চা চামচ লাল লঙ্কা গুঁড়ো ২ চা চামচ ধনে গুঁড়ো হাফ চা চামচ হলুদ গুঁড়ো ১ চা চামচ গরম মশলা ধনে পাতা কুচি পরিমাণ মতো জল

পদ্ধতি:

গ্যাসে প্যান বসিয়ে ২ টেবিল চামচ তেল গরম করে নিন। তাতে একটি মাঝারি সাইজের পেঁয়াজ কুচি দিয়ে ভাজতে থাকুন। হালকা করে ভাজলেই হবে।

পেঁয়াজ হালকা ভাজা হলে তাতে দেড় চা চামচ আদা-রসুন পেস্ট দিয়ে মেশান ভাল করে। তারপর তাতে ২টো মাঝারি সাইজের টমেটো কুচি দিন। এবার নুন দিয়ে নাড়তে থাকুন, তাহলে টমেটো দ্রুত গলে যাবে। তাতে দুটো কাঁচা লঙ্কা চিরে দিয়ে দিন। ২-৩ মিনিট ঢাকা দিয়ে রান্না করুন। টমেটো পুরোপুরি গলিয়ে ফেলবেন না, হালকা নরম হলেই হবে।

এবার পেঁয়াজ-টমেটোর এই মিশ্রণটি গ্যাস থেকে নামিয়ে ঠান্ডা করে নিন। তারপর ব্লেন্ডারে দিয়ে ভালভাবে পেস্ট বানিয়ে নিন।

আবার গ্যাসে কড়াই বসিয়ে ২ টেবিল চামচ তেল দিয়ে দেড় চা চামচ জিরে ফোড়ন দিন। তারপর তাতে দেড় চা চামচ লাল লঙ্কা গুঁড়ো দিয়ে পেঁয়াজ-টমেটোর পিউরিটা ঢেলে ভাল করে মেশান। কিছুক্ষণ নেড়ে নিয়ে তাতে ২ চা চামচ ধনে গুঁড়ো ও হাফ চা চামচ হলুদ গুঁড়ো দিয়ে মিশিয়ে দিন। তারপর ২-৩ মিনিটের জন্য ঢেকে দিন। ঢাকনা খুলে মশলাটি ভাল করে নাড়তে থাকুন। আঁচ বাড়িয়ে প্রায় ৫-৭ মিনিট নাড়তে থাকুন, মশলার কালার আরও ডার্ক হবে এবং মশলা থেকে তেল ছেড়ে আসবে।

## ব্রকলি খাওয়ার উপকারিতাগুলি জেনেনিন



শীতকালীন সবজি ব্রকলি। অনেকটা ফুলকপির মতো দেখতে সবুজ রঙের এই সবজির চাহিদা এখন সর্বত্র। চায়নিজ খাবারের সঙ্গে দেশি খাবারেও ব্যবহৃত হচ্ছে ব্রকলি। কাঁচা বা রান্না করে খাওয়া যায় ব্রকলি।

ওজন কমাতে : ব্রকলিতে ক্যালোরির পরিমাণ কম, তাই অনেক খেলেও ওজন নিয়ন্ত্রণে থাকে। ওজন কমানোর জন্য ক্ষুধা লাগলে ব্রকলি খাওয়া যেতে পারে।

সুস্বাদু : সালাদে এবং দেশি বা বিদেশি স্টাইলে রান্না করলে ব্রকলি খেতে অনেক সুস্বাদু মনে হয়।

ক্যান্সার প্রতিরোধ : নিয়মিত ব্রকলি খেলে ক্যান্সার হওয়ার আশঙ্কা একেবারেই কমে যায়।

পুষ্টিগুণ : ক্যালোরির পরিমাণ কম হলেও ব্রোকলিতে যে ভিটামিন ও খনিজ রয়েছে, তা শরীরের জন্য অনেক গুরুত্বপূর্ণ।

হাড় সুস্থ রাখতে : ব্রকলিতে ক্যালসিয়াম বেশি থাকায় হাড় শক্তিশালী ও মজবুত হয়।

অ্যান্টি-অক্সিডেন্ট : ব্রকলিতে ভিটামিন কে, আয়রন আর পটাশিয়ামের পাশাপাশি প্রচুর পরিমাণ ফ্ল্যাভিনয়েড, লিউটেন, ক্যারোটিনয়েড, বিটা-ক্যারোটিনসহ উচ্চমানের নানা অ্যান্টি-অক্সিডেন্ট থাকে। এ সময় সুস্থতার জন্য তাই খাদ্যতালিকায় ব্রকলি রাখুন।

বিপাকক্রিয়া : ব্রকলি এমন একটি সবজি, যা পেটে কোনো সমস্যা তৈরি করে না এবং সহজেই হজম হয়।

ত্বক সুন্দর রাখতে : ব্রকলিতে থাকা ভিটামিন ''সি'' ত্বক সুন্দর ও মসৃণ রাখে। এ ছাড়া ব্রকলি খেলে বয়সের ছাপ চেহারায় পড়ে না। রোগ প্রতিরোধ ক্ষমতা : ব্রকলিতে প্রচুর পরিমাণে ভিটামিন ''এ'' থাকায় তা রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ায়। এ ছাড়া ঠাণ্ডা কাশিও প্রতিরোধ করে ব্রকলি।

# হাইকোর্টে রদবদলে এসএসসি মামলা কি ধাক্কা খেতে পারে, প্রশ্ন নানা মহলে

কলকাতা, ৪ জুন (হি. স.) : কলকাতা হাইকোর্টের বিচারপতিদের বিচার্য বিষয়ে বদল। বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে সরানো হল এসএসসি সংক্রান্ত মামলা থেকে। অর্থাৎ, এসএসসি মামলায় রায় দেবেন না তিনি। এতে এসএসসি মামলা কি ধাক্কা খেতে পারে, প্রশ্ন উঠেছে নানা মহলে।

আদালত সূত্রে খবর, বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের এজলাসে এসএসসি সংক্রান্ত কোনও মামলা আর পাঠানো হবে না। এবার থেক এসএসসি সংক্রান্ত মামলা বিচার করবেন বিচারপতি রাজাশেখর মান্থা। বিচারপতি গঙ্গোপাধ্যায় প্রাথমিক শিক্ষা ও মাদ্রাসা সার্ভিস সংক্রান্ত বিচারের কাজ করবেন। পাশাপাশি, বিচারপতি কৌশিক চন্দ বিচার করবেন কলেজ, বিশ্ববদ্যালয়ের বিভিন্ন বিচারের কাজ। পুলিসি নিষ্ক্রিয়তা, অতিসক্রিয়তার মামলার দায়িত্বভার দেওয়া হয়েছে বিচারপতি শম্পা সরকারকে। এমন বিচার্য বিষয় বদল রুটিন বলে হাইকোর্ট সূত্র খবর।আদালত সূত্রে খবর, এসএসসির যে মামলাগুলি সিবিআই তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে, আপাতত তা সবই থাকবে বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের হাতেই। পাশাপাশি, এতদিন পুলিসের নিষ্ক্রিয়তা ও অতিসক্রিয়তার মামলাগুলি শুনতেন বিচারপতি রাজাশেখর মান্থা। তবে এখন থেকে সেইসব মামলা শুনবেন বিচারপতি শম্পা সরকার। আদালত সূত্রের খবর, সোমবার থেকে এই বিচার্য বিষয় বদল কার্যকর হচ্ছে।

এসএসসি-তে নিয়োগ সহ দুর্নীতি সংক্রান্ত একাধিক মামলায় কড়া রায়দান করেছেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। এখনও পর্যন্ত সেই মামলাগুলির অধিকাংশরই আংশিক শুনানি হয়েছে। অর্থাৎ সম্পূর্ণ রায়দান এখনও বাকি রয়েছে। যদিও এখনও পর্যন্ত এসএসসি সংক্রান্ত আটটি মামলায় সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছেন বিচারপতি গঙ্গোপাধ্যায়। অর্থাৎ মামলার আংশিক শুনানিই হয়েছে। তাই ওই আটটি মামলা আপাতত বিচারপতি গঙ্গোপাধ্যায়ের হাতেই থাকছে। তবে এসএসসি নিয়ে নতুন কোনও মামলা দায়ের হলে, তার শুনানি করতে পারবেন না বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়।

উল্লেখ্য, সাম্প্রতিক অতীতে একাধিক মামলার ক্ষেত্রে বারবারই শিরোনামে উঠে এসেছে এই বিচারপতির নাম। অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের নির্দেশেই সিবিআই দফতরে হাজিরা দিতে হয়েছে রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে। রাজ্যের বর্তমান শিক্ষা প্রতিমন্ত্রী পরেশ অধিকারীকেও জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই। এদিকে, মেধাতালিকায় নাম না থাকা সত্ত্বেও মন্ত্রীর মেয়ে অঙ্কিতা অধিকারীর স্কুলের চাকরি নিয়ে প্রশ্ন উঠেছিল। এরপর বিচারপতির নির্দেশেই অঙ্কিতা অধিকারীকে চাকরি থেকে বরখাস্ত করা হয়।

## চিনের গুইঝো প্রদেশে বুলেট ট্রেন লাইনচ্যুত হয়ে মৃত্যু চালকের, বেশ কয়েকজন আহত

বেজিং, ৪ জুন (হি. স.) : কাঁদাধসের কারণে চিনের গুইঝো প্রদেশে লাইনচ্যুত হয়ে গেল বুলেট ট্রেনের দু""টি বগি। বুলেট ট্রেন লাইনচ্যুত হয়ে মৃত্যু চালকের, আহত হয়েছেন ৭ জন। দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় চিনের গুইইয়াং প্রদেশ থেকে দক্ষিণাঞ্চলীয় গুইঝো প্রদেশে যাচ্ছিল বুলেট ট্রেনটি (ডি২৮০৯)।শনিবার সকাল ১০.৩০ মিনিট নাগাদ কাঁদাধসের কারণে বুলেট ট্রেনটি লাইনচ্যুত হয়ে যায়। দুর্ঘটনায় বুলেট ট্রেনের চালকের মৃত্যু হয়েছে, ৭ জন যাত্রী আহত হয়েছেন। যাত্রীদের জীবনহানির কোনও খবর নেই। শনিবারের এই দুর্ঘটনার ফলে দীর্ঘ সময় বুলেট ট্রেন পরিষেবা বন্ধ থাকে।

## দীর্ঘ আন্দোলনের পর নলহাটির স্কুলে কাজে যোগ ক্যানসার আক্রান্ত সোমা-র

বীরভূম, ৪ জুন (হি. স.) : হাইকোর্টের নির্দেশ অনুসারে নিয়োগপত্র পেয়ে চাকরিতে যোগ দিলেন ক্যানসার আক্রান্ত নলহাটির সোমা দাস। শনিবার সকালে বাবা-মায়ের আশীর্বাদ নিয়ে নলহাটি মধুরা হাইস্কুলে যোগ দেন তিনি। দীর্ঘদিন আন্দোলনের পর মেয়ে চাকরি পাওয়ায় খুশি বাবা মা।

সোমা বলেন, আজ চার বছর পর আমি চাকরিতে যোগ দিলাম। খুব ভাল লাগছে। কিন্তু আমার যে সঙ্গীরা আছেন, তাঁরাও যদি আজ কাজে যোগ দিতে পারতেন তাহলে এই আনন্দটা আজ পরিপূর্ণ হত। আনন্দ হচ্ছে, কিন্তু সেটা পরিপূর্ণ নয়। আমি ঘরে বসে সামাজিক মাধ্যমে আমার সঙ্গীদের হয়ে প্রচার করব। এছাড়া যখনই সময় পাব ধর্মতলায় গিয়ে আন্দোলনে যোগ দেব।

দিনকয়েক আগেই আন্দোলনরত চাকরিপ্রার্থী সোমা দাসকে ৭ দিনের মধ্যে সহকারী শিক্ষকের চাকরি দিতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা বলা হয়। স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যানকে নির্দেশ দেন স্কুল শিক্ষা দফতরের প্রধান সচিব। পাশাপাশি ব্যবস্থা গ্রহণের অগ্রগতির রিপোর্টও দিতে বলা হয়। দীর্ঘদিন গাঁধীমূর্তির পাদদেশে অবস্থান, বিক্ষোভ চলছে এসএসসি-র নবম থেকে দ্বাদশ শ্রেণির চাকরিপ্রার্থীদের। তাঁদেরই একজন বীরভূমের নলহাটির বাসিন্দা সোমা দাস। ক্যানসার আক্রান্ত এই চাকরিপ্রার্থী কলকাতা হাইকোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের দেওয়া চাকরির প্রস্তাব ফিরিয়ে সবার নজর কেড়েছিলেন।

২০১৯ সালে ক্যানসার ধরা পড়ে সোমার। কিন্তু সঙ্গতি নেই চিকিৎসার বিরাট খরচ বহন করার। তার মধ্যেই কষ্ট করে চলে চিকিৎসা। এই পরিস্থিতিতেই কিছুটা সুস্থ হয়ে চাকরিপ্রার্থীদের আন্দোলনে যোগ দিতে কলকাতা চলে আসেন সোমা। ক্যানসারের যন্ত্রণা ঢেকেই আন্দোলন শুরু করেন।

## কেরলে বাড়ছে করোনা-সংক্রমণ ভয়ের কোনও কারণ নেইঃ স্বাস্থ্যমন্ত্রী

তিরুবনন্তপুরম, ৪ জুন (হি.স.): কেরলের তিনটি জেলায় বিগত কয়েকদিন ধরে করোনা-সংক্রমণ বেড়েই চলেছে। এই তিনটি জেলা হল-এর্নাকুলাম, তিরুবনন্তপুরম ও কোট্টায়াম। কোভিড সংক্রমণ বৃদ্ধি সত্ত্বেও কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীনা জর্জ আশ্বস্ত করেছেন, ভয়ের কোনও কারণ নেই। রাজ্যবাসীকে কোভিড আচরণবিধি মেনে চলার অনুরোধ জানিয়েছেন তিনি।

কোভিড পরিস্থিতি নিয়ে শুক্রবারই পর্যালোচনা বৈঠক করেছেন কেরলের স্বাস্থ্যমন্ত্রী বীনা জর্জ। পরে তিনি জানান, 'রাজ্যের করোনা-পরিস্থিতি নিয়ে পর্যালোচনা বৈঠক করেছি আমরা। এর্নাকুলাম, তিরুবনন্তপুরম ও কোট্টায়াম জেলায় আক্রান্তের সংখ্যা সবচেয়ে বেশি। এই তিনটি রাজ্যের ক্ষেত্রে বেশি মনোনিবেশ করতে হবে। যাঁদের মৃদু উপসর্গ রয়েছে, তাঁদের পরীক্ষার ওপর জোর দিতে বলা হয়েছে।' রাজ্যবাসীকে মাস্ক পরার অনুরোধ করেছেন বীনা জর্জ। পাশাপাশি কোভিড আচরণবিধি মেনে চলার অনুরোধ জানিয়েছেন।

## কোচি থেকে উড়ল হজযাত্রীদের প্রথম উড়ান

কোচি, ৪ জুন (হি.স.): হজযাত্রীদের নিয়ে কেরলের কোচি বিমানবন্দর থেকে উড়ল প্রথম বিমান। শনিবার সকালে কোচি বিমানবন্দর থেকে হজযাত্রীদের নিয়ে সৌদি আরবের মদিনার উদ্দেশে রওনা হয়েছে প্রথম বিমান। সৌদি আরব এয়ারলাইন্সের এসভি ৫৭৪৭ ফ্লাইটে ৩৭৭ জন যাত্রী রওনা হয়েছেন। কেরলের ওয়াকফ এবং হজ তীর্থযাত্রী মন্ত্রী ভি আবদুরহিমান বিমানটিকে পতাকা নেড়ে সৌদি আরবের উদ্দেশে রওনা করেছেন।এদিন কেন্দ্রীয় হজ কমিটির চেয়ারম্যান এ পি আবদুল্লাকুট্টি বলেছেন, 'ভারতীয় হজ তীর্থযাত্রীদের প্রথম ব্যাচ শনিবার রওনা হয়েছে এবং শেষ বিমানটি ৩ জুলাই মুম্বই থেকে যাত্রা করবে। আমরা আত্মবিশ্বাসী যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে আমরা মক্কা ও মদিনায় সফলভাবে সমস্ত আচার-অনুষ্ঠান সম্পাদন করব।'

## রাজারহাটে পারিবারিক বিবাদের জেরে মৃত্যু খুদের

কলকাতা, ৪ জুন (হি. স.) : রাজারহাটের রাইগাছিতে পারিবারিক বিবাদের জেরে মৃত্যু হল এক দুধের শিশুর। শনিবার সকালে মৃত্যু হয় শিশুটির। অভিযোগ, মায়ের কোল থেকে টেনে নিয়ে মাটিতে আছড়ে খুন করেছে শিশুর কাকিমা। অভিযুক্তকে পুলিশের হাত ছিনিয়ে নিয়ে মারধরের চেষ্টা স্থানীয়রা। জানা গিয়েছে, বেশ কয়েকদিন ধরেই রাজারহাটের রাইগাছির দু'টি পরিবারের মধ্যে ঝগড়াঝাটি লেগেছিল। শুক্রবার রাতে তা ব্যাপক আকার ধারণ করে।অভিযোগ, সেই সময় শিশুটিকে তার মায়ের কোল থেকে টেনে নেয় কাকিমা।মায়ের চোখের সামনেই মাটিতে আছড়ে ফেলা হয় তাকে।আশঙ্কাজনক অবস্থায় শিশুটিকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এরপর এদিন সকালে মৃত্যু হয় শিশুটির। মৃত্যু সংবাদ এলাকায় পৌঁছান মাত্রই কার্যত ফুঁসে ওঠেন স্থানীয়রা।রাজারহাট থানার পুলিশের কাছে খবর পৌঁছয়। পুলিশ তড়িঘড়ি রাইগাছি এলাকায় যায়। শিশুর কাকিমাকে পাকড়াও করে।তবে ওই মহিলাকে পাকড়াও করে নিয়ে যাওয়ার সময় স্থানীয়রা পুলিশের কাছ থেকে তাকে ছিনিয়ে নেয়। মারধরও করে তাকে।পরে পুলিশ ক্ষুব্ধ এলাকাবাসীর হাত থেকে তাকে উদ্ধার করে।জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে যাওয়া হয় ওই মহিলাকে।শিশুমৃত্যুর ঘটনায় আরও চারজনকে আটক করা হয়েছে।আপাতত ধৃতদের জোর জিজ্ঞাসাবাদ চলছে।এলাকায় উত্তেজনা থাকায় মোতায়েন করা হয়েছে পুলিশ।

## উত্তরপ্রদেশ হাইওয়েতে দুর্ঘটনায় দুজন হত, জখম তিন

গোন্ডা (উত্তরপ্রদেশ), ৪ জুন(হি.স) : শনিবার ভোররাতে গোন্ডা-বলরামপুর হাইওয়েতে একটি রোডওয়েজ বাস এবং একটি গাড়ির সংঘর্ষে দুজন নিহত এবং তিনজন আহত হয়েছেন বলে পুলিশ জানিয়েছে। আহতদের চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। মৃতদের নাম চাঁদ বাবু (৩০) এবং খুদ্দন (৫৮)। মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়েছে।

## খুনের পর যুবতীর দেহ বিচ্ছিন্ন তীব্র চাঞ্চল্য বাসন্তীতে

বাসন্তী, ৪ জুন (হি. স.) : এক মহিলার মুণ্ডহীন দেহ উদ্ধার হয়েছে দক্ষিণ ২৪ পরগনার বাসন্তীততে। ঘটনায় উত্তেজনা ছড়িয়ে এলাকায়। মহিলার পরিবারের দাবি, মৃতার স্বামী এবং তাঁর প্রথম পক্ষের স্ত্রী মিলে খুনের ঘটনা ঘটিয়েছেন। বিষয়টি খতিয়ে দেখছে পুলিশ। আপাতত অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করা হয়েছে। দক্ষিণ ২৪ পরগনার বাসন্তী এলাকায় পুকুর থেকে উদ্ধার হয় মহিলার কাটা মুন্ডু। দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায় পুলিশ। শুরু হয়েছে তদন্ত। পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেছেন এসডিপিও। জানা গিয়েছে, শুক্রবার গভীর রাতে বাসন্তীর একটি ধানখেতে কিছু একটা পড়ে থাকতে দেখেন স্থানীয়রা। বিষয়টা চাউর হতেই বহু মানুষ জড়ো হয়ে যান সেখানে। দেখা যায়, পড়ে রয়েছে এক মহিলার মুণ্ডহীন দেহ। ঘটনাকে কেন্দ্র করে স্বাভাবিকভাবেই তীব্র উত্তেজনা ছড়ায় এলাকায়। খবর দেওয়া হয় থানায়। প্রথমে মহিলার পরিচয় জানা যায়নি। দেহটি উদ্ধারের পর এলাকায় তল্লাশি চালায় পুলিশ। সেই সময় একটি পুকুর থেকে উদ্ধার হয় কাটা মুন্ডু। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, দেহ ও কাটা মুন্ডুটি এলাকারই বাসিন্দা তমিনা সরকারের। বাসন্তী এলাকারই বাসিন্দা বছর ২৫ -এর ওই যুবতী।

## বাংলাদেশে পাচারের পথে পাথারকান্দি পুলিশের জালে আটক পাঁচটি মহিষ, ধৃত দুই

পাথারকান্দি (অসম), ৪ জুন (হি.স.) : বাংলাদেশে পাচারের পথে পাথারকান্দি পুলিশের হাতে উদ্ধার হয়েছে পাঁচটি মহিষ। গবাদি পশু পাচারের অভিযোগে দুই ব্যক্তিকে গ্রেফতার করেছে পুলিশ। উদ্ধারকৃত মহিষগুলো পুলিশের জিম্মায় রয়েছে। পাশাপাশি ধৃত স্থানীয় থানাধীন সোনাতোলার বাসিন্দা নাজিম উদ্দিন (৩৫) এবং কটারগুলের আলি হুসেন (৩০)-কে আজ করিমগঞ্জের বিচারবিভাগীয় আদালতে হাজির করা হয়েছে।পাথারকান্দি থানার এসআই রাজপ্রতাপ সিং জানান, গোপন সূত্রের ভিত্তিতে স্থানীয় পুলিশের একটি দল পাথারকান্দির কটারগুল এলাকায় হানা দিলে তাঁদের নজরে পড়ে একটি পাচার চক্র বেশ কয়েকটি মহিষ সঙ্গে নিয়ে পায়ে হেঁটে বাংলাদেশ সীমান্তের দিকে অগ্রসর হচ্ছে। পুলিশ পাচারকারীদের কাছে গিয়ে মহিষগুলোকে ছেড়ে দিতে বলে। তারা মহিষগুলোকে ছেড়ে রাতের অন্ধকারে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। বাকিরা পালিয়ে যেতে সক্ষম হলেও পাঁচটি মহিষ সহ ধরা পড়ে দুই পাচারকারী নাজিম উদ্দিন এবং আলি হুসেন।

## ছত্তিশগড় সরকারের প্রতি জনগণ অসন্তুষ্ট : কিরেন রিজিজু

রায়পুর, ৪ জুন(হি.স) : শনিবার ছত্তিশগড় সফরে গিয়েছেন কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু। তিনি বলেন, জনগণ ছত্তিশগড় সরকারের কাজে অসন্তুষ্ট। তিনি বিজেপি কর্মী ও পদাধিকারীদের সঙ্গে আলোচনা করে জয়ের মূলমন্ত্র দেন।কেন্দ্রীয় আইনমন্ত্রী কিরেন রিজিজু এদিন সকালে বিমানে এখানে আসেন। রিজিজু ভিআইপি রোডের বাড়িতে প্রাক্তন মুখ্যমন্ত্রী ও দলের সর্বভারতীয় সহ-সভাপতি ড় রমন সিংয়ের সঙ্গে দেখা করেন। বিমানবন্দরে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন কেন্দ্রীয় মন্ত্রী। তিনি বলেন, রায়পুরে এসে খুব খুশি, কারণ এটা এত সুন্দর জায়গা। এখানকার মানুষগুলো খুব ভালো। রাজ্য সরকারের কাজকর্মের কড়া সমালোচনা করেন তিনি। এদিন বিজেপি নেতা-কর্মীদের সঙ্গেও দেখাও করেন কেন্দ্রীয় মন্ত্রী।

## স্বামী অভিমুক্তেশ্বরানন্দকে জ্ঞানবাপী যেতে বাধা দিল পুলিশ

বারাণসী, ৪ জুন(হি.স) : জ্যোতিষী এবং দ্বারকা-শারদা পীঠধীশ্বর শঙ্করাচার্য স্বামী স্বরূপানন্দ সরস্বতীর শিষ্য স্বামী অভিমুক্তেশ্বরানন্দ সরস্বতীকে জ্ঞানবাপী মসজিদ প্রাঙ্গনে সমীক্ষা চলাকালীন পাওয়া শিবলিঙ্গের পূজার অনুমতি না পাওয়ায় ক্ষুব্ধ। পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী, শনিবার স্বামী আভিমুক্তেশ্বরানন্দ জ্ঞানবাপী কমপ্লেক্সে প্রার্থনা করার জন্য কেদারঘাটে শ্রী বিদ্যামঠ ত্যাগ করার আগে প্রশাসন তাঁকে থামিয়ে দেয়। তা দেখে স্বামী অভিমুক্তেশ্বরানন্দ অন্ন-জল ত্যাগ করে মঠেই উপবাসে বসেন। খবর পেয়ে আধিকারিকরাও সেখানে পৌঁছে যান। আধিকারিকদের সঙ্গে কথাবার্তা বলার সময়, স্বামী অভিমুক্তেশ্বরানন্দ বলেন, যতক্ষণ না জ্ঞানবাপী প্রাঙ্গণে পাওয়া শিবলিঙ্গের পূজা না করেন, ততক্ষণ তিনি অন্ন-জল গ্রহণ করবেন না।

## রাষ্ট্রপতিকে স্বাগত জানাতে প্রস্তুত গোরক্ষপুর

গোরক্ষপুর, ৪ জুন(হি.স) : রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দকে স্বাগত জানাতে প্রস্তুত গোরক্ষপুর। রাষ্ট্রপতি দুদিনের সফরে শনিবার তিনি গোরক্ষপুর আসছেন। তাঁকে স্বাগত জানাতে শুক্রবার পৌঁছেছেন মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। রাষ্ট্রপতি গীতা প্রেসের শতবর্ষ উদযাপনের উদ্বোধন করবেন। রাষ্ট্রপতি ভবন থেকে প্রকাশিত কর্মসূচি অনুসারে, রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ ২০ মিনিটের জন্য গীতা প্রেসের শতবর্ষ উদযাপনে ভাষণ দেবেন। এ উপলক্ষে নির্বাচিত ব্যক্তিদের গীতা প্রেসে আমন্ত্রণ জানানো হয়েছে। জেলাশাসক বিজয় কিরণ আনন্দ জানান, রাষ্ট্রপতির আগমনের সব প্রস্তুতি সম্পন্ন হয়েছে। প্রতিটি পয়েন্টে পুলিশ মোতায়েন করা হয়েছে। তিনি জানান, এদিন সন্ধ্যা ৭টার পর সপরিবারে রামগড়তালে পৌঁছাবেন রাষ্ট্রপতি। সেখানে আপনি একটি লাইট অ্যান্ড সাউন্ড শো দেখবেন। ওই অনুষ্ঠানে রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল এবং মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথও উপস্থিত থাকবেন।

## জামাইষষ্ঠীর আগে অগ্নিমূল্য বাজার আয়োজনে পকেট খালি হচ্ছে শ্বশুরদের

কলকাতা, ৪ জুন (হি.স.): ফল-মিষ্টি থেকে ভুরিভোজের সমস্ত কিছুই অগ্নিমূল্য! জামাইষষ্ঠীর আগের দিন বাজারে গিয়ে এই অভিজ্ঞতা হল শ্বশুরদের, জামাইষষ্ঠীর আয়োজনে রীতিমতো খালি হয়ে হচ্ছে পকেট। জামাইষষ্ঠী মানেই ভুরিভোজ, পাতে রকমারি পদ। জামাইষষ্ঠীর আগের দিন মাছ থেকে ফল-মিষ্টি, যাতেই হাত, তাতেই দামের ছ্যাঁকা। চড়া দাম মাছের। শনিবার গড়িয়াহাট বাজারে ২ কেজির ইলিশ বিক্রি হয়েছে ২ হাজার টাকায়। এক থেকে দেড় কেজি ইলিশের দাম দেড় হাজার টাকা। ৮০০ থেকে দেড় হাজারের মধ্যে ঘোরাফেরা করছে বাগদা চিংড়ির দাম।

গলদা চিংড়ি বিক্রি হয়েছে ৬০০ থেকে ৮০০ টাকায়। ছোট ভেটকি ৪০০ থেকে সাড়ে ৪০০, বড় ভেটকি ৬০০ টাকায় বিক্রি হচ্ছে। মাছের মতোই আগুন ফলের বাজারও। হিমসাগর আম ১০০ টাকা প্রতি কেজি, ল্যাংড়া আর গোলাপখাস বিক্রি হচ্ছে ১২০ টাকায়। লিচু বিকোচ্ছে ৭০ থেকে ৮০ টাকা কেজি দরে। গোটা কাঁঠালের দাম ১০০ থেকে দেড়শো টাকা। কাটা মুরগি বিক্রি হচ্ছে ২৪০ থেকে আড়াইশো টাকায়। তবে সবজিতে খানিকটা স্বস্তি পেয়েছেন শ্বশুররা।

## গুগল ডুডলে শ্রদ্ধা সত্যেন্দ্র নাথ বসুকে

কলকাতা, ৪ জুন (হি. স.) : গুগল শনিবার একটি ডুডলের মাধ্যমে ভারতীয় পদার্থবিদ ও গণিতবিদ সত্যেন্দ্র নাথ বসুকে শ্রদ্ধা জানিয়েছে।১৯২৪ সালের ৪ জুন, তিনি আলবার্ট আইনস্টাইনের কাছে তাঁর কোয়ান্টাম সূত্রগুলি পাঠিয়েছিলেন। কণাগুলির গণনার ওপর ভিত্তি কোয়ান্টাম পদার্থবিদ্যায় একটি উল্লেখযোগ্য আবিষ্কার হয়ে ওঠে। গুগল এভাবে সত্যেন্দ্রনাথ বোসের অবদান, বিশেষ করে কোয়ান্টাম পদার্থবিদ্যা আবিষ্কার উদযাপন করল।প্রসঙ্গত, সত্যেন্দ্রনাথ বসুর (১লা জানুয়ারি ১৮৯৪ --- ৪ঠা জুন ১৯৭৪) গবেষণার ক্ষেত্র ছিল গাণিতিক পদার্থবিজ্ঞান। তিনি আলবার্ট আইনস্টাইনের সঙ্গে যৌথভাবে বোস-আইনস্টাইন পরিসংখ্যান পেশ করেন, যা পদার্থবিজ্ঞানের অন্যতম গুরুত্বপূর্ণ আবিষ্কার বলে বিবেচিত হয়। ছাত্রজীবনে অত্যন্ত মেধাবী সত্যেন্দ্রনাথ কর্মজীবনে যুক্ত ছিলেন বৃহত্তর বাংলার চার শ্রেষ্ঠ শিক্ষায়তন ঢাকা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ, কলকাতা বিশ্ববিদ্যালয় ও বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সঙ্গে। সান্নিধ্য পেয়েছেন রবীন্দ্রনাথ ঠাকুর, প্রফুল্লচন্দ্র রায়, মারি ক্যুরি প্রমুখ মনীষীর। আবার অনুশীলন সমিতির সঙ্গে প্রত্যক্ষ সম্পর্ক ও স্বাধীনতা আন্দোলনের সশস্ত্র বিপ্লবীদের সঙ্গে গোপনে যোগাযোগও রাখতেন দেশব্রতী সত্যেন্দ্রনাথ।কলকাতায় জাত সত্যেন্দ্রনাথ শুধুমাত্র বাংলায় বিজ্ঞানচর্চার প্রবল সমর্থকই ছিলেন না, সারা জীবন ধরে তিনি বাংলায় বিজ্ঞানচর্চার ধারাটিকেও পুষ্ট করে গেছেন।

## রাজ্যসভা নির্বাচন পিছিয়ে দেওয়ার পক্ষে সওয়াল রাউতের, বললেন ঘোড়া কেনাবেচা রুখতে চাই

**মুম্বই, ৪ জুন (হি.স.) :** রাজ্যসভা নির্বাচন পিছিয়ে দেওয়ার পক্ষে সওয়াল করলেন শিবসেনা নেতা সঞ্জয় রাউত। কেন এই দাবি তিনি জানিয়েছেন, সেটাও খোলসা করেছেন। রাউতের কথায়, আমরা ঘোড়া কেনাবেচা রুখতে চাই। একইসঙ্গে বিজেপির বিরুদ্ধে তোপ দেগে সঞ্জয় রাউত বলেছেন, বিজেপির উদ্দেশ্য পরিষ্কার, তাঁরা পরিবেশ নষ্ট করতে অর্থ ও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ব্যবহার করতে চায়।

আগামী ১০ জুন রাজ্যসভার ভোট। এই ভোটই পিছিয়ে দেওয়ার দাবি জানালেন শিবসেনার নেতা সঞ্জয় রাউত। শনিবার সকালে সাংবাদিকদের মুখোমুখি হয়ে সঞ্জয় রাউত বলেছেন, 'আমরা রাজ্যসভা নির্বাচনের তারিখ পিছিয়ে দিতে চেয়েছিলাম, যাতে কোনও ঘোড়া কেনাবেচা না হয়। বিজেপির উদ্দেশ্য পরিষ্কার, তাঁরা পরিবেশ নষ্ট করতে অর্থ ও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ব্যবহার করতে চায়। আমরা এখানে (মহারাষ্ট্র) ক্ষমতায় আছি, তাঁদের এটা ভুলে যাওয়া উচিত নয়।'

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি

উন্নত মুদ্রণ

সাদা, কালো, রঙিন

নতুন ধারায়

রেণ্বো প্রিন্টিং ওয়ার্কস

জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন

প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১

ফোন - ০৩৮১-২৩৮ ৪৯৮৪

ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

## 'ভোট-পরবর্তী হিংসা' মামলায় সিবিআইয়ে হাজির অনুব্রত-ঘনিষ্ঠ দুই তৃণমূল বিধায়ক

দুর্গাপুরে, ৪ জুন (হি. স.) : ভোট পরবর্তী হিংসার মামলায় অনুব্রত মণ্ডলের পর তৃণমূলের দুই বিধায়ককে তলব করল সিবিআই। শনিবার পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে সিবিআই-এর অস্থায়ী ক্যাম্পে হাজিরা দেন লাভপুরের বিধায়ক অভিজিতসিংহ এবং কেতুগ্রামের বিধায়ক শেখ শাহনওয়াজ।সিবিআই সূত্রে খবর, ইলামবাজারের বিজেপি কর্মী গৌরব সরকারের খুনের মামলায় হাজিরা দিতে বলে লাভপুরের তৃণমূল বিধায়ককে নোটিস পাঠানো হয়। জেলার রাজনীতিতে অনুব্রত মণ্ডলের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত দুই বিধায়ক। সিবিআই সূত্রে খবর, বিজেপি কর্মী গৌরব সরকারের খুনের মামলায় হাজিরা দেওয়ার জন্য তৃণমূল বিধায়কদের নোটিস পাঠানো হয়।গত কয়েক দিন ধরেই দুর্গাপুরে এনআইটি কামপাসে অস্থায়ী ক্যাম্প গড়ে রয়েছে সিবিআই। ইতিমধ্যে বেশ কিছু নেতাকেই সেখানে ডেকে পাঠানো হয়েছে। কাউকে এক ঘণ্টা, কাউকে দেড় ঘণ্টা, আবার কাউকে দু'ঘণ্টা জেরা করা হয়েছে। সমন পাঠিয়ে, মেসেজ করে এবং ফোন করে ডাকা হয় সকলকে। সিবিআই সূত্রে খবর, ঘটনার দিন যে বা যাঁরা অনুব্রতকে এক বা একাধিক বার ফোন করেছিলেন, তাঁদেরই ডাকা হচ্ছে। ফোনতালিকা মিলিয়ে একে একে সকলকে জিজ্ঞাসাবাদ করছেন কেন্দ্রীয় গোয়েন্দারা।

প্রসঙ্গত, এই মামলায় দিন কয়েক আগেই সিবিআইয়ের জিজ্ঞাসাবাদের মুখোমুখি হয়েছিলেন তৃণমূলের বীরভূম জেলা সভাপতি অনুব্রত। তাঁকে প্রায় সাড়ে ৫ ঘণ্টার ম্যারাথন জিজ্ঞাসাবাদ করেন সিবিআই আধিকারিকেরা। এর আগেও দুর্গাপুরের এনআইটি-র ক্যাম্পাসে বীরভূম এবং বর্ধমানের প্রায় আট জন বিধায়ক ও ব্লক সভাপতি-সহ তৃণমূল নেতা-কর্মীদের তলব করেছিল সিবিআই।

# রামবানে জলপ্রবাহে ডাম্পার পড়ে গিয়ে মৃত দুই, বানিহালে বাড়িতে ঢুকে পড়ল ট্যাঙ্কার

জম্মু, ৪ জুন (হি.স.): জম্মু ও কাশ্মীরের রামবান জেলায় পাহাড়ি রাস্তা থেকে নিয়ন্ত্রণ হারিয়ে জলপ্রবাহে পড়ে গেল একটি ডাম্পার। দুর্ঘটনায় মৃত্যু হয়েছে দু''জনের। মৃতদের নাম-চালক তারিক হুসেইন ও সুনীত সিং। শনিবার সকালে দুর্ঘটনাটি ঘটেছে রামবান জেলার রামসুর উখরাল এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে জলপ্রবাহে পড়ে যায় জে কে ২২ বি-৯২৯০ নম্বরের একটি ডাম্পার। কুঞ্চি গ্রামের কাছে এই দুর্ঘটনায় ঘটনাস্থলেই দু''জনের মৃত্যু হয়।

অন্যদিকে, জম্মু ও কাশ্মীরের রামবান জেলারই বানিহাল এলাকায় নিয়ন্ত্রণ হারিয়ে বাড়ির ভিতরে ঢুকে পড়ল একটি তেলের ট্যাঙ্কার। সৌভাগ্যবশত এক দুর্ঘটনায় কোনও জীবনহানির ঘটনা ঘটেনি। রাজস্থানের নম্বর প্লেটের একটি তেলের ট্যাঙ্কার ভাটিন্ডার দিকে যাচ্ছিল। শনিবার সকালে বানিহাল এলাকায় মুশতাক আহমেদ ভাটের বাড়িতে ঢুকে পড়ে ওই ট্যাঙ্কারটি। দুর্ঘটনার পরই সুযোগ বুঝে পালিয়ে যায় ট্যাঙ্কারের চালক।

# ২০৮ কিলোমিটার বিকল্প নতুন রেলপথের চূড়ান্ত সার্ভে সম্পূর্ণ করতে সবুজ সংকেত রেল বোর্ডের

হাফলং (অসম), ৪ জুন (হি.স.) : ধস ও বন্যার তাণ্ডবে লামডিং-বদরপুর পাহাড়লাইন সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে পড়ার পর এবার লংকা-শিলচর ভায়া চন্দ্রনাথপুর ২০৮ কিলোমিটার বিকল্প নতুন রেলপথের চূড়ান্ত সার্ভে সম্পূর্ণ করতে সবুজ সংকেত দিয়েছে রেলওয়ে বোর্ড। ইতিমধ্যে প্রস্তাবিত বিকল্প ওই রেলপথের চূড়ান্ত সার্ভের কাজ সম্পূর্ণ করে তুলতে রেলমন্ত্রক ৪৩ কোটি ২৩ লক্ষ টাকা বরাদ্দ করেছে বলে জানা গেছে।

লামডিং-বদরপুর রেলপথের কাজ শুরু হওয়ার অনেক আগেই লংকা-শিলচর ভায়া চন্দ্রনাথপুর বিকল্প রেলপথ নির্মাণের জন্য প্রাথমিক সার্ভে সম্পন্ন করা হয়েছিল। কিন্তু তৎকালীন কেন্দ্রীয় মন্ত্রী তথা কংগ্রেস নেতা প্রয়াত সন্তোষমহোন দেব এবং অসমের তৎকালীন মন্ত্রী তথা কংগ্রেস নেতা প্রয়াত গোবিন্দচন্দ্র লাংথাসা বিকল্প রেলপথের বিরোধিতা করেছিলেন। তাঁদের যুক্তি ছিল, তদানীন্তন উত্তর কাছাড় (অধুনা ডিমা হাসাও) জেলাকে উপেক্ষা করে যদি লংকা-শিলচর ভায়া চন্দ্রনাথপুর বিকল্প ব্রডগেজ রেলপথ নির্মাণ হয় তা-হলে পাহাড়ি জেলার মানুষ এবং লামডিং-বদরপুর হিল সেকশনের মধ্যে যে সব গ্রাম রয়েছে ওই সব গ্রামের মানুষের যোগাযোগের মাধ্যম বন্ধ হয়ে পড়বে। ফলে তাঁদের অনেক সমস্যার মুখে পড়তে হবে।

অবশেষে রেলমন্ত্রক বিকল্প ওই রেলপথ নির্মাণ থেকে সরে আসে এবং লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথ নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করে। দীর্ঘ দুই দশকের আন্দোলনের পর এবং ২০১৪ সালে কেন্দ্রে নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর মাত্র পাঁচ মাসের মধ্যে অসম্পূর্ণ পাহাড়লাইনের কাজ সম্পূর্ণ হয়। পরবর্তীতে অনেক পরীক্ষা-নিরীক্ষার পর ডিমা হাসাও এবং বরাক উপত্যকার মানুষ লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথে ট্রেনে চলার সুযোগ পেয়েছিলেন। তবে সাম্প্রতিক বৃষ্টিপাতের ফলে এই ব্রডগেজ রেলপথ সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে পড়ে। ২০১৪ সালে কেন্দ্রে বিজেপি সরকার ক্ষমতায় আসার পর প্রধানমন্ত্রী মোদীর কড়া নির্দেশে অতি তৎপরতার সঙ্গে লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথের কাজ সম্পূর্ণ হয়। ফলে ২০১৫ সালের ২১ নভেম্বর লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথে যাত্রীবাহী ট্রেন চলাচল শুরু হয়। কিন্তু এই রেলপথে ট্রেন চলাচল শুরু হওয়ার ৭ বছরের মাথায় ভূমিধস ও বন্যায় সম্পূর্ণ বিধ্বস্ত হয়ে পড়ে। এই রেলপথ শুরু হওয়ার আগে যে সিআরএস পরিদর্শন হয়েছিল এতে এই রেলসড়কের ভবিষ্যত ও স্থায়িত্ব নিয়ে সংশয় প্রকাশ করেছিলেন কমিশনার এবং রেলওয়ে সেফটি কমিশনার সুদর্শন নায়ক।

সুদর্শন নায়ক তাঁর রিপোর্টে উল্লেখ করেছিলেন, বড়াইল পাহাড়ের বুক চিড়ে ধাবিত এই রেলপথের প্রতিটি বাঁকে বিপদের ঝুঁকি রয়েছে এবং আগামী পাঁচ-ছয় বছরের মধ্যেই এই রেলপথ বিধ্বস্ত হয়ে পড়তে পারে। তাই লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথে যাত্রী ট্রেন চলাচল এখনই সম্ভব নয়। কিন্তু উত্তরপূর্ব সীমান্ত রেল কেন্দ্রীয় সরকারের চাপে কমিশনার অব রেলওয়ে সেফটি সূদর্শন নায়েকের রিপোর্ট অগ্রাহ্য করে ব্রডগেজ রেলপথে যাত্রীবাহী ট্রেন চলাচলের সবুজ সংকেত দিয়ে দেয়। কিন্তু লামডিং-বদরপুর রেলপথে যাত্রী ট্রেন শুরু হওয়ার সাত বছরের মধ্যেই প্রাকৃতিক দুর্যোগের কবলে পড়ে সম্পূর্ণ রেলপথটি বিধ্বস্ত হয়ে পড়ে।

এতেই পরিষ্কার, রেলওয়ে অব সেফটি কমিশনার সুদর্শন নায়কের রিপোর্ট অমূলক ছিল না। তাই এবার রেলমন্ত্রক লামডিং-বদরপুর ব্রডগেজ রেলপথের বিকল্প লংকা-শিলচর ভায়া চন্দ্রনাথপুর ২০৮ কিলোমিটার রেলপথ নির্মাণর জন্য চূড়ান্ত সার্ভে সম্পূর্ণ করার নির্দেশ দিয়েছে।

# রেলপথ আরও সম্প্রসারণে ত্রিপুরার অর্থনীতির ব্যাপক উন্নতির প্রয়াস নেওয়া হয়েছে : উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে

আগরতলা, ৪ জুন (হি. স.) : ত্রিপুরায় রেলপথ আরও সম্প্রসারণের মধ্য দিয়ে রাজ্যের অর্থনীতির ব্যাপক উন্নতির প্রয়াস নেওয়া হয়েছে। তাতে, পর্যটন ক্ষেত্রেও উন্নয়ন আরও ত্বরান্বিত হবে বলে আশা করা যাচ্ছে।

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য জন সংযোগ আধিকারিক সব্যসাচী দে জানিয়েছেন, ত্রিপুরার আগরতলা ও বাংলাদেশের আখাউরার মধ্যে ৯৬৮ কোটি টাকা ব্যয়ে ১৫ কিমি দীর্ঘ নতুন রেলওয়ে লাইন প্রকল্পটি খুব শীঘ্রই সম্পূর্ণ হবে। বাংলাদেশের সাথে সংযোগ স্থাপনের জন্য বিলোনিয়া-চিটাগাং ২.৯ কিমি, কৈলাসশহর হয়ে পেচারথল থেকে ধর্মনগর পর্যন্ত ৪৫ কিমি এবং ধর্মনগর থেকে পেচারথল, বিলোনিয়া হয়ে কমলপুর-খোয়াই থেকে আগরতলা পর্যন্ত ১৭০ কিমি নতুন বিজি লাইনের জন্য সমীক্ষা চালানো হচ্ছে। এই প্রকল্পগুলি একবার সম্পূর্ণ হয়ে গেলে ত্রিপুরার অর্থনীতি ব্যাপকভাবে উন্নতি ঘটবে। পাশাপাশি পর্যটন ক্ষেত্রেও উন্নয়ন আরও ত্বরান্বিত হবে।

তিনি জানান, উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে ত্রিপুরায় বিদ্যমান রেলওয়ে পরিবহণ ব্যবস্থা ও পর্যটন বৃদ্ধি ও সংযোগ ব্যবস্থার উন্নয়নের পরিকাঠামোমূলক বিকাশের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে। উত্তর, দক্ষিণ ও পশ্চিমে বাংলাদেশ দিয়ে এবং পূর্বে অসম ও মিজোরাম দিয়ে ঘেরা ত্রিপুরা হল উত্তর পূর্ব ভারতের অন্যতম দ্রুত বিকশিত একটি রাজ্য। রেলওয়ে ভারতীয় অর্থনীতির মুখ্য জীবনরেখা হওয়ায় স্থলবেষ্টিত ত্রিপুরা রাজ্যের জন্য রেলওয়ে পরিকাঠামোগুলি গুরুত্বপূর্ণ।

তাঁর কথায়, ২০১৪-২২ সময়সীমায় রেলওয়ে ক্ষেত্রে ত্রিপুরা মুখ্য উন্নয়নমূলক কাজ প্রত্যক্ষ করেছে। ২০১৪-২২-এ ত্রিপুরার সমগ্র রেলওয়ে নেটওয়ার্ক ব্রডগজ নেটওয়ার্কে রূপান্তরিত করা হয়েছিল, এর ফলে ত্রিপুরায় সমস্ত মিটার গজ রেলওয়ে লাইন লুপ্ত করা হয়েছে। সংযোগ ব্যবস্থা বৃদ্ধি করতে ত্রিপুরায় আগরতলা-উদয়পুর, উদয়পুর-গর্জি, গর্জি-শান্তিরবাজার, বিলোনিয়া-সাব্রুমের মতো বিভিন্ন সেকশন ব্রড গজ লাইনের সঙ্গে সংযুক্ত করা হয়েছে। এছাড়া ২০১৪-২২ সময়সীমায় ত্রিপুরায় ১১৫ কিমি নতুন ব্রডগজ লাইন চালু করা হয়েছে।

তাঁর দাবি, ২০১৬ সালের ৩১ জুলাই বহু প্রতীক্ষিত আগরতলা-আনন্দ বিহার ত্রিপুরা সুন্দরী এক্সপ্রেসের সূচনার দ্বারা ভারতের ব্রডগজ মানচিত্রের একটি স্থান সংরক্ষিত করতে সক্ষম হয় ত্রিপুরার রাজধানী আগরতলা। অত্যাধুনিক সুযোগ-সুবিধাযুক্ত তেজস টাইপ এসি স্লিপার কোচ সহ ভারতীয় রেলওয়ের প্রথম রাজধানী এক্সপ্রেস ২০২১ সালের ১৫ ফেব্রুয়ারি থেকে আগরতলা থেকে চালু করা হয়েছে। ইতিমধ্যে এটি সফল চলাচলের এক বছর সম্পূর্ণ করেছে। এছাড়াও আগরতলা থেকে সেকেন্দ্রাবাদ ও বাঙ্গালোর পর্যন্ত ট্রেন চালু করা হয়েছে। তিনি বলেন, ত্রিপুরা ও মণিপুর সংযোগী প্রথম ট্রেন তথা অসম হয়ে আগরতলা-জিরিবামের মধ্যে জনশতাব্দী এক্সপ্রেসেরও যাত্রা শুরু হয়েছে।

তাঁর বক্তব্য, ২০১৬ সালের জুলাই-আগস্ট মাসে ত্রিপুরায় ভয়াবহ ভূমিধসের ফলে সড়ক সংযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়েছিল। সেই সময় ত্রিপুরায় সড়ক বিচ্ছিন্নতার জন্য ইন্ধন সরবরাহের অভাব ঘটেছিল। তখন ফ্ল্যাট-ওয়াগন গুডস ট্রেনের উপর ইন্ধন বোঝাই ট্রাক পরিবহণের জন্য রোল অন-রোল অফ পরিষেবার দ্বারা ত্রিপুরাকে উদ্ধার করতে এগিয়ে এসেছিল উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে (এনএফআর)। রেলওয়ের পদক্ষেপে এমন ধরনের ট্রেন ভাঙ্গা (অসম) থেকে ত্রিপুরার চুরাইবাড়ি পৌঁছায়।

তিনি যোগ করেন, অসমের সাথে ত্রিপুরা সংযোগী সড়কের দুর্দশার জন্য ত্রিপুরায় পণ্যদ্রব্যের সরবরাহ বাধাপ্রাপ্ত হয়েছিল, ফলে ত্রিপুরায় তীব্র অভাব দেখা দেয়। রেলওয়ের এই সহায়তার ফলে ত্রিপুরা ইন্ধনের সমস্যা কাটিয়ে উঠতে সক্ষম হয়।

তাঁর দাবি, ২০১৪-২২ সময়সীমায় এনএফআর-এর পক্ষ থেকে ত্রিপুরার স্টেশন ও ট্রেনগুলিতে একাধিক নতুন সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে। ২০১৪-২২ সালে ০৫টি ফুট ওভার ব্রিজ, ১২৮টি বায়ো-টয়লেট, ২০টি ওয়াইফাই ত্রিপুরার বিভিন্ন স্টেশনে প্রদান করা হয়েছে। যাত্রীদের জন্য উন্নত সুবিধা প্রদান করতে লিফট ও এসকেলেটর নির্মাণ করা হয়েছে। তিনি বলেন, রেলওয়ে সম্পত্তি ও যাত্রীদের সুরক্ষা বৃদ্ধি করতে ২০১৪-২২ সালে ০২টি ট্রেনে আধুনিক সুবিধা সহ দ্রুত গতির এলএইচবি কোচ চালু করা হয়েছে। এবং ১২টি স্টেশনে ১২০টি সিসিটিভি মনিটরিং সিস্টেম প্রদান করা হয়েছে। যান্ত্রিক কোচ পরিষ্কারকরণ, হেভি ডিউটি স্ক্রাবার মেশিন, অন বোর্ড হাউজ কিপিং স্টাফ (ওবিএইচএস)-এর দ্বারা ট্রেন পরিষ্কারকরণ হলো স্বচ্ছতা উদ্যোগের একটি অংশ। তাঁর কথায়, ২০১৪-২২ সালে এনএফআর-এর গো-গ্রিন মিশনের অংশ হিসেবে ত্রিপুরার সমস্ত স্টেশনে ১০০ শতাংশ এলইডি লাইট প্রদান করা হয়েছে। বিভিন্ন গুরুত্বপূর্ণ পরিকাঠামোমূলক ও দীর্ঘদিনের অসম্পূর্ণ কাজগুলি লকডাউনের সময় সম্পূর্ণ করা হয়েছে এবং আগরতলায় ৩৫টি শ্রমিক স্পেশাল ট্রেন চালানো হয়, যেগুলির দ্বারা প্রায় ১৭ হাজার পরিযায়ী শ্রমিককে তাদের নিজের রাজ্য ত্রিপুরায় নিয়ে যাওয়া হয়েছিল।

# পিসিসি সভাপতি

● আটের পাতার পর

উচিত বলে মনে করেন তিনি।

প্রদেশ কংগ্রেস সভাপতি আরও বলেন, যেকোনো মূল্যে উপনির্বাচনে কংগ্রেস দলের প্রার্থীরা জয়ী হতে কোমর বেঁধে ময়দানে নামবে। তাঁর অভিযোগ, বিজেপি রাজ্যের জনগণকে যেসব প্রতিশ্রুতি দিয়ে শাসন ক্ষমতায় এসেছে সেই সব প্রতিশ্রুতি তারা পালন করতে সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। রাজ্যের জনগণ বিজেপির মিথ্যা প্রতিশ্রুতি সম্পর্কে পুরোপুরি ওয়াকিবহাল। জনগণের প্রতি বিজেপি বিশ্বাসঘাতকতা করেছে, কটাক্ষ কর বলেন তিনি।বাইক বাহিনীকে লেলিয়ে দিয়ে সন্ত্রাস চালিয়ে নির্বাচনে জয়ী হওয়ার স্বপ্ন ভুলে যাওয়ার জন্য বিজেপি দলকে স্পষ্ট বার্তা দিয়েছে কংগ্রেস দল। তাঁর সাফ কথা, রাজ্যের জনগণ উপনির্বাচনে শাসক দলকে উচিত শিক্ষা দিতে প্রস্তুত রয়েছেন। পাশাপাশি দলীয় নেতাকর্মীদের উদ্দেশ্যে প্রদেশ কংগ্রেসের তরফ থেকে বলা হয়েছে উপনির্বাচনের প্রতিটি কেন্দ্রে দলীয় প্রার্থীরা বিপুল ভোটে জয়ী হন সেজন্য সকলকেই সর্বশক্তি নিয়ে ময়দানে নামতে হবে। উপ-নির্বাচনে জয় দলের কাছে আত্মমর্যাদার লড়াই বলেও উল্লেখ করেন তিনি।

# মাঙ্কিপক্স সন্দেহে গাজিয়াবাদে আইসোলেশনে শিশুকন্যা

নয়ডা, ৪ জুন (হি.স.): মাঙ্কিপক্স ভাইরাসে আক্রান্ত সন্দেহে উত্তর প্রদেশে আইসোলেশনে রাখা হয়েছে বছর ৫-এর এক শিশুকন্যাকে। ওই শিশুকন্যার শরীর থেকে নমুনাও সংগ্রহ করা হয়েছে। ওই শিশুকন্যার শরীরে চুলকানি ও ফুসকুড়ি দেখা দিয়েছে, তবে তাঁর অন্য কোনও শারীরিক সমস্যা নেই। তাছাড়া বিগত এক মাসের মধ্যে ওই শিশু অথবা তাঁর পরিবারের কেউ বিদেশে ভ্রমণ করেননি।

জেলা সার্ভিলেন্স অফিসার ডাঃ রাকেশ গুপ্তা জানিয়েছেন, শুক্রবার মেয়েটিকে একটি ক্লিনিকে পরীক্ষা-নিরীক্ষা করা হয়। ওই শিশুকন্যার শরীরে চুলকানি ও ফুসকুড়ি দেখা দিয়েছে, তবে তাঁর অন্য কোনও শারীরিক সমস্যা নেই। নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য পাঠিয়েছে নয়ডার ন্যাশনাল ইন্সটিটিউট অফ বায়োলোজিক্যালস (এনআইবি)। শিশুকন্যাকে আপাতত নিভৃতবাসে রাখা হয়েছে।

# মালদার চাঁচলে দুঃসাহসিক ডাকাতি, বৃদ্ধ দম্পতিকে বেঁধে সর্বস্ব লুট

মালদা, ৪ জুন (হি.স.) : মালদা জেলার চাঁচলে বৃদ্ধ দম্পতিকে বেঁধে দুঃসাহসিক লুটপাট চালাল দুষ্কৃতীরা। বৃদ্ধ দম্পতিকে আগ্নেয়াস্ত্র দেখিয়ে বেঁধে রেখে তাণ্ডব চালায় ছয় জনের একটি ডাকাত দল। চাঁচলের উওর বসন্তপুরের সাহা পাড়ার ঘটনা। শনিবার ভোররাতে স্থানীয় বাসিন্দা মণিন্দ্র সাহার বাড়িতে দুঃসাহসিক ডাকাতির ঘটনাটি ঘটে। মনিন্দ্র সাহা ও তাঁর স্ত্রী বাড়িতে একাই থাকেন। তাঁদের ছেলে একজন সেনাকর্মী এবং চাকরি সূত্রে বাইরেই থাকেন। পুলিশ জানিয়েছে, শনিবার ভোররাত দু''''টো নাগাদ ছ''''জন সশস্ত্র দুষ্কৃতী বাড়ির সদর দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। বৃদ্ধ দম্পতিকে আগ্নেয়াস্ত্র দেখিয়ে দড়ি দিয়ে বেঁধে ফেলে তারা।

এরপর লুটপাট চালায়, বাধা দিতে গেলে ওই বৃদ্ধকে মারধরও করা হয় বলে অভিযোগ উঠেছে। প্রায় এক ঘন্টা ধরে তাণ্ডব চালায় ডাকাত দল। বাড়ি থেকে ছয় ভরি সোনার গয়না-সহ লক্ষাধিক টাকা নিয়ে চম্পট দেয় দুষ্কৃতীরা। ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান মহকুমা পুলিশ আধিকারিক শুভেন্দু মণ্ডল ও চাঁচল থানার আইসি সুকুমার ঘোষ। তাঁদের নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনীও পৌঁছয় ঘটনাস্থলে। ঘটনাকে ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে গোটা এলাকা জুড়ে। প্রশ্ন উঠছে পুলিশি নিরাপত্তা নিয়েও।

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
**জাগরণ**

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

# দক্ষিণবঙ্গে এখনই টানা বৃষ্টি নয় মেঘাচ্ছন্ন আকাশে বজায় থাকবে অস্বস্তি

কলকাতা, ৪ জুন (হি.স.): টানা বর্ষণের জন্য এখনও হাপিত্যেশ করতে হবে দক্ষিণবঙ্গকে। শুষ্ক গরম থেকে নিস্তার মিলবে না দক্ষিণবঙ্গবাসীর, তবে আকাশ আংশিক মেঘলা থাকায় তাপমাত্রা বাড়ার সম্ভাবনা নেই। কিন্তু বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আর্দ্রতাজনিত অস্বস্তি বজায় থাকবে। শনিবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ডিগ্রি ২৯.১ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি বেশি। এদিন তিলোত্তমা ও সংলগ্ন এলাকায় সর্বোচ্চ তাপমাত্রা থাকতে ৩৩.৭ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ ডিগ্রি কম।

সময়ের চেয়ে চার দিন আগে, শুক্রবারই বর্ষা ঢুকে পড়েছে উত্তরবঙ্গে। দক্ষিণ-পশ্চিম মৌসুমী বায়ুর সৌজন্যে বৃষ্টি বাড়বে উত্তরবঙ্গে। দার্জিলিং, জলপাইগুড়ি, কোচবিহার, কালিম্পং এবং আলিপুরদুয়ারে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। অন্যদিকে, রবিবার পর্যন্ত দক্ষিণবঙ্গের প্রায় সমস্ত জেলাতে হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। দক্ষিণবঙ্গে সাধারণত ১১ জুন বর্ষার আগমণ হয়, এবার হয়তো আগেই প্রবেশ করতে পারে।

## স্থগিত

● প্রথম পাতার পর

থেকে বঞ্চিত হয়ে রয়েছেন।

২০২১ সালের অক্টোবর মাসে একবার আন্দোলনের ডাক দিয়েছিল ডিপ্রাইভ রিটার্নিস মুভমেন্ট কমিটি। কিন্তু সেই সময় নির্বাচন থাকায় সরকারের অনুরোধে আন্দোলন প্রত্যাহার করা হয়েছিল। কিন্তু, এখনো দাবি পূরণে সরকারের সদিচ্ছা প্রতিফলিত না হওয়ায় ৫ জুন জাতীয় সড়ক অবরোধের ঘোষণা দেন তাঁরা।এ-বিষয়ে আজ অমৃত রিয়াং বলেন, জাতীয় সড়ক অবরোধের ডাক পরেই জনজাতি কল্যাণ দফতরের অধিকর্তা গত ৩১ মে আলোচনার জন্য আমাদের ডেকেছিলেন। কিন্ত, তাঁর সাথে আলোচনায় ফলপ্রসূ হয়নি। তিনি বলেন, সরকারের সিদ্ধান্ত আমাদের পক্ষে মেনে নেওয়া সম্ভব নয়। তাই, জাতীয় সড়ক অবরোধের সিদ্ধান্ত প্রত্যাহারে সম্মতি জানায়নি। কিন্ত, গত ১ জুন মুখ্যমন্ত্রীর দফতর থেকে আমাদের দাবি নিয়ে আলোচনার জন্য জানানো হয়েছে। আগামী ১৩ জুন মুখ্যমন্ত্রী সচিবালয়ে সকাল ১০টায় আমাদের দাবি নিয়ে আলোচনার জন্য সম্মতি দিয়েছেন। তাই, আগামী ৫ জুন প্রস্তাবিত জাতীয় সড়ক অবরোধ কর্মসূচী আপাতত স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছি, বলেন তিনি।তাঁর বক্তব্য, সরকার আমাদের সমস্ত দাবি মেনে নিলে অবরোধ আন্দোলন বাতিল করা হবে। নয়তো, আগামী ২১ জুন পূর্বের প্রস্তাবিত স্থানেই জাতীয় সড়ক অবরোধ করা হবে। সাথে তিনি যোগ করেন, আগামী ১৩ জুন মুখ্যমন্ত্রী আমাদের সাথে সাক্ষাতের সূচী বাতিল করলে ২১ জুন আমরা জাতীয় সড়ক অবরোধ করব।

## বাড়িতে

● প্রথম পাতার পর

পড়েন। তিনি নিজেও ইরানি থানার পুলিশকে খবর দেন দ্রুত ঘটনাস্থলে ছুটে আসার জন্য। পুলিশ ঘটনাস্থলে ছুটে এসে অভিযুক্ত বাবুল মিয়া সহ পরিবারের ৫ জন সদস্যকে গ্রেপ্তার করেছে। গ্রাম প্রধান ঘটনার সুষ্ঠু তদন্ত ক্রমে অভিযুক্তদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

তিনি বলেন, এ ধরনের ঘটনা কোনোভাবেই বরদাস্ত করা হবে না। কেন এ ধরনের ঘটনা সংঘটিত হয়েছে এ বিষয়ে অবশ্য বিস্তারিত তথ্য জানা যায়নি। ইরানি থানার পুলিশ ঘটনার তদন্ত অব্যাহত রেখেছে।

## কংগ্রেসের

● প্রথম পাতার পর

মোতাবেক দলের সাথে বিস্তারিত আলোচনার মাধ্যমে উপনির্বাচনে লড়াইয়ের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। আজ দলীয় প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।এদিকে, ত্রিপুরা প্রদেশ কংগ্রেস সুরমা কেন্দ্রে বিজেপিকে হারাতে সক্ষম দলের সাথে জোটের প্রস্তুতি নিয়েছে। সম্ভবত ওই কেন্দ্রে কংগ্রেস প্রার্থী দেবে না। এক্ষেত্রে আজই তিপরা মথার প্রার্থীর মনোনয়ন জমা যথেষ্ট ইঙ্গিতবহ বলেই মনে করা হচ্ছে। কারণ, তিপরা মথা বর্তমানে এডিসি-তে ক্ষমতায় রয়েছে।

## মৃত্যু

● প্রথম পাতার পর

গভীর শোকের ছায়া নেমে এসেছে। তার বাবা-মা শোকে পাথর হয়ে গেছেন।

## বোনকে

● প্রথম পাতার পর

সংঘটিত হয়েছে। এ ব্যাপারে বিশালগড় থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। তবে এখনও পর্যন্ত এই ঘটনায় গ্রেপ্তার এর সংবাদ দেই।

# চলন্ত ট্রেনে উঠতে গিয়ে পা ফসকে দুর্ঘটনার শিকার যুবতী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।** ।উদয়পুর রেল স্টেশনে চলন্ত ট্রেনে উঠতে গিয়ে পা ফসকে নিচে পড়ে গিয়ে গুরুতর ভাবে আহত হয়েছেন এক যুবতী। আহত যুবতীর নাম তসলিমা আক্তার(২১)।

জানা গেছে, আগরতলাগামী রেলটি যখন উদয়পুর স্টেশনে পৌঁছে তখনোই রেলে ওঠার চেষ্টা করেন ওই যুবতী। রেলটি পুরোপুরি থামার আগেই রেলে ওঠার চেষ্টা করলে ট্রেনের নিচে পড়ে যান তিনি। স্টেশনে অবস্থানরত অন্যান্য রেল যাত্রীরা ঘটনা প্রত্যক্ষ করে তাকে উদ্ধার করার চেষ্টা করেন। বহু চেষ্টার পর তাকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় গোমতী জেলা হাসপাতালে। বর্তমানে ওই যুবতী জেলা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

ঘটনাকে কেন্দ্র করে উদয়পুর রেল স্টেশন চত্বরে রীতিমতো চাঞ্চল্যের সৃষ্টি হয়। প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, রেল দাঁড়ানোর আগেই ওই যুবতী ওঠার চেষ্টা করায় পা ফসকে নিচে পড়ে গিয়ে এই ভয়াবহ দুর্ঘটনাটি ঘটেছে। তবে অল্পেতে প্রাণে বেঁচেছেন তিনি।

## কাঁটাতারের

● প্রথম পাতার পর

এলাকাবাসীর অভিযোগ, সীমান্তে কাঁটাতারের বেড়া থাকা সত্ত্বেও বাংলাদেশ থেকে চোরেরা কাঁটাতারের বেড়া কেটে এ ধরনের চুরির ঘটনা সংঘটিত করে চলেছে। বিএসএফের নজরদারির অভাবে বাংলাদেশের চোরের দল এ ধরনের ঘটনা সংঘটিত করতে সক্ষম হচ্ছে বলে অভিযোগ। সীমান্ত এলাকায় বসবাসকারী জনগণের প্রত্যাশা ছিল যেহেতু সীমান্তে কাঁটাতারের বেড়া রয়েছে এবং সীমান্ত পাহারা দায়িত্বে বিএসএফ জওয়ানরা রয়েছে সেহেতু তারা নিশ্চিন্তে রাতে ঘুমোতে পারবেন। কিন্তু এ ধরনের চুরির ঘটনায় তাদের রাতের ঘুম উবে গেছে।সীমান্ত এলাকায় বসবাসকারী জনগণের রাত্রিকালীন নিরাপত্তা নিয়ে সংশয় ক্রমশ বেড়ে চলেছে। খোয়াই সীমান্তবর্তী এলাকায় বসবাসকারী জনগণ সহ শহর এলাকার জনগণও চোরের দৌরাত্মে রীতিমতো অতিষ্ঠ। এলাকায় রাত্রিকালীন নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য এলাকাবাসীর দাবি জানিয়েছেন।

## মিছিলের

● প্রথম পাতার পর

চেষ্টা হচ্ছে। কাজ, খাদ্য, শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট তৈরি সহ দৈনন্দিন সমস্যা সম্পর্কে মানুষ যখন কথা বলার চেষ্টা করছে তখনই নানা ভাবে প্রতিবন্ধকতা সৃষ্টি করা হচ্ছে। রাজ্যে গণতান্ত্রিক পরিবেশ নেই বলেও তিনি অভিযোগ করেন। গণতন্ত্র পুনরুদ্ধার এবং সাধারণ মানুষের অধিকার সুরক্ষিত রাখার দাবিতে এই সিপিআইএমের তরফ থেকে মধুপুর এলাকায় মিছিল করার জন্য পুলিশের কাছে অনুমতি চাওয়া হয়েছিল। আশ্চর্যজনকভাবে পুলিশ তাদের নিরাপত্তা নিশ্চিত করার বদলে মিছিল করার অনুমতি দিতে অস্বীকার করে। স্বাভাবিক কারণেই বিরোধী দল সিপিএমের নেতাকর্মীদের মধ্যে তীব্র ক্ষোভের সঞ্চার হয়। প্রতিবাদে সোচ্চার হয়ে থানা ঘেরাওকোলে দলীয় নেতৃবৃন্দ স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন আগামী দিনে এ ধরনের পক্ষপাতমূলক আচরণ করা হলে এবং মিছিল-মিটিং করার অনুমতি না দিলে আরও বৃহত্তর আন্দোলন সংগঠিত করা হবে। পুলিশকে স্পষ্ট বার্তা দিয়ে সিপিআইএম নেতা সিদ্দিকুর রহমান বলেছেন আগামী দিনে অনুমতি না পেলে ধৈর্যের বাঁধ ভেঙ্গে যাবে। অনুমতি ছাড়াই বিরোধীদল মিছিল করবে। তাতে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটলে প্রশাসনকে দায়ী থাকতে হবে বলেও তারা স্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন।

## ২টি লোকসভা

● প্রথম পাতার পর

বিবৃতিতে বিজেপির জাতীয় সাধারণ সম্পাদক অরুণ সিং বলেন, কেন্দ্রীয় নির্বাচন কমিটি লোকসভা এবং বিধানসভা উপনির্বাচনের জন্য নাম অনুমোদন করেছে। উত্তরপ্রদেশের দুটি লোকসভা কেন্দ্রের জন্য, বিজেপি যথাক্রমে আজমগড় এবং রামপুর থেকে "নিরহুয়া" এবং লোধিকে প্রার্থী করেছে। দিল্লির রাজিন্দর নগর বিধানসভা আসন থেকে বিজেপির প্রাক্তন রাজ্য সাধারণ সম্পাদক রাজেশ ভাটিয়াকে প্রার্থী করেছে। গঙ্গোত্রী কুজুর ঝাড়খণ্ডের মান্দার বিধানসভা কেন্দ্র থেকে বিজেপি প্রার্থী এবং অন্ধ্র প্রদেশের আত্মাকুর বিধানসভা আসন থেকে গুন্ডলাপল্লী ভরথ কুমার যাদব। লোকসভা ও বিধানসভা উপনির্বাচনের জন্য মনোনয়ন দাখিলের শেষ দিন ৬ জুন। ২৩ জুন ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এবং ২৬ জুন ভোট গণনা হবে।

# ক্রীড়া

## ফুটবল থেকে অবসরের ইঙ্গিত ভারত অধিনায়ক সুনীল ছেত্রীর

এএফসি এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বেই কি ভারতীয় দলের জার্সি গায়ে শেষ ম্যাচ খেলবেন সুনীল ছেত্রী? শুক্রবার দুপুরে রাজারহাটের টিম হোটেলে বাছাই করা সংবাদমাধ্যমের সামনে সেই জল্পনাই যেন উসকে দিলেন ভারত অধিনায়ক। সভাপতি প্রফুল্ল পটেলকে সরিয়ে সম্প্রতি সুপ্রিম কোর্ট তিন সদস্যের কমিটি (সিওএ) গড়ে দিয়েছে সর্বভারতীয় ফুটবল ফেডারেশন পরিচালনার জন্য। অনেকেরই আশঙ্কা, এর ফলে ফিফা নির্বাসিত করতে পারে ভারতকে। সুনীল বললেন, "এই খবরটা শোনার পরে আমিও আতঙ্কিত হয়ে পড়েছিলাম। কারণ, এ রকম কিছু হলে দেশ জুড়ে চরম অস্থিরতা সৃষ্টি হত। তা ছাড়া আমার বয়স এখন ৩৭। জানি না, আর কত দিন খেলতে পারব। এটাই আমার শেষ ম্যাচ হবে কি না, তা-ও জানি না। তবে আমার সামান্য জ্ঞান দিয়ে যা বুঝেছি, চিন্তিত হওয়ার কারণ নেই। আশা করছি, ফিফা নির্বাসিত করবে না। সব কিছু নিয়ন্ত্রণেই রয়েছে।"

এএফসি এশিয়ান কাপের মূল পর্বে যোগ্যতা অর্জনকে পাখির চোখ করার পাশাপাশি, নিজের জীবনের ভবিষ্যৎ পরিকল্পনাও সেরে ফেলেছেন ভারত অধিনায়ক। বললেন, "এই মুহূর্তে আমাদের প্রত্যেকের একমাত্র লক্ষ্য এশিয়ান কাপের মূল পর্বে যোগ্যতা অর্জন করা। অনেকেই আমাকে প্রশ্ন করেন, এটাই আমার শেষ এশিয়ান কাপ কি না। অবশ্য পাঁচ বছর আগেও এই প্রশ্নই শুনতে হয়েছিল। হয়তো আমার নিজের কাছেও এই প্রশ্নের উত্তর নেই। এখনও আমি সমান ভাবে উপভোগ করি উদান্তর (সিংহ) সঙ্গে দৌড়নো। জিঙ্ঘনের (সন্দেশ) সঙ্গে হেডের লড়াই। গুরপ্রীতকে গোল দেওয়া। যত দিন উপভোগ করব, ফুটবল চালিয়ে যাব। যে দিন থেকে খেলে আনন্দ পাব না, ছেড়ে দেব। এই কারণেই প্রত্যেকটি ম্যাচকেই আমার শেষ ম্যাচ মনে করে মাঠে নামি।"

অবসর নেওয়ার পরে কোচিং না ফুটবল প্রশাসনে দেখা যাবে তাঁকে? সুনীল বললেন, "আমার ইচ্ছে জঙ্গলের মধ্যে একটা বাড়ি বানাব। কোলাহল, মোবাইল ফোন থেকে অনেক দূরে থাকতে চাই। প্রচুর বই পড়ব। জীবনকে উপভোগ করব। আর আত্মজীবনী লিখব।"

সুনীল ছেত্রীর জীবন নিয়ে চলচ্চিত্র হবে না? ভারত অধিনায়কের কথায়, "অনেকেই আমার বায়োপিক করতে আগ্রহ দেখিয়েছেন। কিন্তু আমি খুব একটা উৎসাহী নই। আমার ইচ্ছে আত্মজীবনী লেখার। তবে সেটা ফুটবল ছাড়ার পরেই।"

সরকারি ভাবে এখনও ঘোষণা না হলেও এএফসি এশিয়ান কাপের যোগ্যতা অর্জন পর্বের ম্যাচ দেখতে যুবভারতী ক্রীড়াঙ্গনে নাকি মাত্র ১২ থেকে ১৫ হাজার দর্শককে খেলা দেখার অনুমতি দেওয়া হবে। কারণ, ভারতের সব ম্যাচ যে হেতু রাত সাড়ে আটটায়, তাই সেই সময় হাজার তিনেকের বেশি দর্শক নাকি মাঠে আসবেন না। এই কারণেই মাত্র ১২ হাজার বিনামূল্যের টিকিট বিলি করা হবে। এই খবর শুনে রীতিমতো বিস্মিত ভারতীয় দলের অধিনায়কের প্রশ্ন, "তা হলে ম্যাচ আয়োজনের দায়িত্ব পেয়ে কী লাভ হল আমাদের?"

## অমরপুরে নববীর, সমীরের পারফরম্যান্স প্রথম জয়ের স্বাদ বয়া-খা-বাখসার

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।। প্রথম জয়ের স্বাদ পেয়েছে বয়া-খা-বাখসা। সমীর জমাতিয়ার বিধ্বংসী বোলিং। সঙ্গে নববীর ও বিশ্বজিতের বোলিং দাপটে তৃতীয় ম্যাচের মাথায় প্রথম জয়ের স্বাদ পেয়েছে বয়া-খা-বাখসা। লো স্কোরিং ম্যাচ। সহজ জয়। তবে এই সহজ করার পেছনে বোলারদের সম্মিলিত প্রয়াস দারুন। মোটকথা, অমরপুরে খেলার শুরুতে আবহাওয়া ভালোই ছিল। ম্যাচ হয়েছে। বয়া-খা-বাখসা জিতেছে। অমরপুর ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত সিনিয়র ক্রিকেট টুর্নামেন্ট চলছে। রাঙ্গামাটি গ্রাউন্ডে গুরুত্বপূর্ণ ম্যাচে আজ বয়া-খা-বাখসা হারিয়েছে আজাদ হিন্দ ক্লাবকে। বয়া-খা-বাখসা ৫ উইকেটের ব্যবধানে জয়ী হয়েছে। সকালে ম্যাচ শুরুতে টস জিতে বয়া-খা-বাখসা প্রথমে বোলিংয়ের সিদ্ধান্ত নেয়। আজাদ হিন্দ ক্লাবকে আমন্ত্রণ জানায় ব্যাটিং করার জন্য। ২৪ ওভার খেলে আজাদ হিন্দ ক্লাব সবকটি উইকেট হারিয়ে ৭৫ রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে পীযূষ দাস সর্বাধিক ২৪ রান পায়। অতিরিক্ত ১৫ রান না পেলে আজাদ হিন্দ-এর স্কোর আরও কম হতো। পীযূষ ২১ বল খেলে ২টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি মেরে ২৪ রান সংগ্রহ করে। এছাড়া, অধিনায়ক শুভঙ্কর দাস পেয়েছে ১১ রান। বয়ান-খা-বাখসা''র সমীর জমাতিয়া ১৫ রানে একাই পাঁচটি উইকেট তুলে নেয়। এছাড়া, নববীর জমাতিয়া ৩৩ রানে তিনটি এবং বিশ্বজিৎ জমাতিয়া ১৬ রানে দুটি উইকেট পেয়েছে। জবাবে ব্যাট করতে নেমে বয়া-খা-বাখসা ১৩.৫ ওভার খেলে ৫ উইকেট হারিয়ে জয়ের প্রয়োজনীয় রান সংগ্রহ করতে সক্ষম হয়। দলের পক্ষে নববীর জমাতিয়ার অনবদ্য বেটিং দলকে জয় এনে দেয়। ৩৯ বল খেলে নববীর ৮ টি বাউন্ডারি ও একটি ওভার বাউন্ডারি হাঁকিয়ে নববীর ৪৫ রান সংগ্রহ করে। অতিরিক্ত খাতে এসেছে ১৬ রান। আজাদ হিন্দ ক্লাবের বোলার পীযূষ দাস ৩৫ রানে ৩ উইকেট তুলে নেয়। এছাড়া সাগর দাস এবং শুভঙ্কর দাস একটি করে উইকেট পেয়েছে। এককথায়, নববীর, সমীরের অলরাউন্ড পারফরম্যান্সের সৌজন্যে বয়া-খা-বাখসা ৫ উইকেটের ব্যবধানে দারুন জয় পেয়েছে। তিন ম্যাচে ৬ পয়েন্ট পেয়ে আপাতত বাখসা দ্বিতীয় শীর্ষে রয়েছে। দুই ম্যাচে ৮ পয়েন্টে শীর্ষে রয়েছে আরসিসি।

## অনির্দিষ্ট কালের জন্য স্থগিত আসর বৃষ্টি বাচিয়ে দিলো রিক্রিয়েশন সেন্টারকে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ মে।। বৃষ্টিতে হলো না ম্যাচ। মাঝপথেই বন্ধ হয়ে গেলো। মহকুমা ক্রিকেট সংস্থা আয়োজিত প্রসেনজিৎ স্মৃতি সিনিয়র ক্রিকেট প্রতিযোগিতার প্রথম সেমিফাইনালে। শনিবার জামজুরি মাঠে মুখোমুখি হয়েছিলো রাজারবাগ প্লে সেন্টার এবং রিক্রিয়েশন সেন্টার। এদিন সকাল থেকেই আকাশ ছিলো গুমরা মুখে। এরই মধ্যে শুরু হয়েছিলো ম্যাচ। সকালে রাজারবাগ প্লে সেন্টারের অধিনায়ক কৃতিদীপ্ত দাস টসে জয়লাভ করে মোক্ষম কাজটি করে নেন। এরই সুফল তুলেন দলের বোলাররা। এদিন মুষলধারে বৃষ্টির জন্য যখন খেলা বন্ধ হয় তখন রিক্রিয়েশন সেন্টার ছিলো খাদের কিনারায়। ২৬ ওভার ব্যাট করে ৫ উইকেট হারিয়ে স্কোর বোর্ডে মাত্র ছিলো ৩৯ রান। এদিনের বৃষ্টি কার্যত পরাজয় থেকে বাচিয়ে দিলো রিক্রিয়েশন সেন্টারকে। রাজারবাগারে দুই বোলার কাশেম মিঁয়া এবং কমল দাসের ভেলকিতে কুপোকাৎ হয়ে গিয়েছিলো রিক্রিয়েশন সেন্টার। ২২ গজে দলের কোনও ব্যাটসম্যান তেমন কোনও প্রতিরোধ গড়ে তুলতে পারেননি। ৭ নম্বরে ব্যাট করতে নেমে সিদ্ধেশ্বর শীল কিছুটা অক্সিজেন দেন দলকে। ৪৯ বল খেলে সিদ্ধেশ্বর ১২ রানে অপরাজিত থেকে যান। এছাড়া দল অতিরিক্ত খাতে পায় ১২ রান। এছাড়া দলের কোনও ব্যাটসম্যান ২২ গজে বিপক্ষের বোলারদের সামনে মাথা তুলে দাড়াতে পারেননি। রাজারবাগ প্লে সেন্টারের পক্ষে কমল দাস (২/২) এবং কাশেম মিঁয়া (২/৮) সফল বোলার। আজ পুনরায় নতুন করে শুরু হবে ম্যাচটি। তবে এদিন প্রায় সারাক্ষণই বৃষ্টি হয়। ফলে আজ ম্যাচ হবে কীনা তা নিয়েও রয়েছে যথেষ্ট সন্দেহ। এদিকে মহকুমা ক্রিকেট সংস্থার পক্ষ থেকে অনির্দিষ্ট কালের জন্য স্থগিত রাখা হয়েছে আসর। পরবর্তী সময়ে দুটি সেমিফাইনাল এবং ফাইনাল ম্যাচের দিনক্ষণ ঘোষনা করা হবে জানানো হয়েছে।

## ফ্রান্স-এমবাপ্পের দুঃস্বপ্নের রাতে বেনজেমার চোখধাঁধানো গোল

করিম বেনজেমার দিকে নজর থাকারই কথা। ছয় দিন আগে এই স্তাদ দো ফ্রান্সেই রিয়াল মাদ্রিদ ১৪তম চ্যাম্পিয়নস লিগ জিতেছে, ফাইনালে গোল না পেলেও রিয়ালের এবারের লিগ আর চ্যাম্পিয়নস লিগ শিরোপা তো বেনজেমার হাত ধরেই এসেছে।

সম্পূর্ণ ভিন্ন কারণে নজর ছিল কিলিয়ান এমবাপ্পের দিকেও। পুরো মৌসুম গুঞ্জন ছিল, এই মৌসুম শেষে পিএসজিতে তাঁর চুক্তি শেষ, এরপর রিয়াল মাদ্রিদে যাবেন এমবাপ্পে। কিন্তু মৌসুমজুড়ে দলবদলের গুঞ্জনের পর মৌসুম শেষে এসে পিএসজির সঙ্গেই চুক্তি নবায়ন করেছেন ২১ বছর বয়সী ফরাসি তারকা।

নজর থাকার কথা ছিল বেনজেমা আর এমবাপ্পের রসায়নের দিকেও। এমনিতে মাঠে ও মাঠের বাইরে দুজনের দারুণ সম্পর্ক। কিন্তু বেনজেমা মৌসুমে বেশ কয়েকবারই রিয়ালে এমবাপ্পের সঙ্গে খেলার সম্ভাবনা নিয়ে রোমাঞ্চের কথা জানানোর পর যখন এমবাপ্পে পিএসজিতেই থেকে গেলেন, সেটি মাঠে দুজনের রসায়নে কেমন প্রভাব ফেলে, তা নিয়ে আগ্রহ ছিল।

কিন্তু সেটি দেখার আর সুযোগই তেমন পাওয়া গেল কোথায়! নেশনস লিগে ডিফেন্ডিং চ্যাম্পিয়ন ফ্রান্স কাল নিজেদের মাঠ স্তাদ দো ফ্রান্সে এবারের নেশনস লিগের প্রথম ম্যাচ খেলতে নেমেছে, তাতে বেনজেমার রাতটা অসাধারণ কেটেছে। চোখধাঁধানো এক গোল করেছেন। কিন্তু ফ্রান্স আর এমবাপ্পের রাতটা কেটেছে দুঃস্বপ্নের মতো। এমবাপ্পে চোট নিয়ে বিরতিতেই মাঠ ছেড়েছেন। আর এগিয়ে গিয়েও ফ্রান্স হেরে গেছে ২-১ গোলে। বাবা মারা যাওয়ায় ফ্রান্স কোচ দিদিয়ের দেশম কাল দলের সঙ্গে ছিলেন না। তবে ফলটা বাদ দিলে ম্যাচজুড়ে ফ্রান্সের খেলা দেখে তাঁর তৃপ্তই হওয়ার কথা। কাসপার হিউলমান্ডের অধীন ডেনমার্কের গতিশীল আক্রমণাত্মক ফুটবল তো গত ইউরোতেই নজর কেড়েছে, তাদের সঙ্গে লড়াইটা ফ্রান্সের জন্য সহজ হবে না, সেটা অনুমিতই ছিল। কিন্তু পার্ক দো ফ্রান্সে কাল ম্যাচজুড়ে দাপট ফ্রান্সেরই ছিল। ৬০ শতাংশ বলের দখল ফ্রান্সের, ডেনমার্কের ৮টি শটের বিপরীতে বেনজেমারা শট নিয়েছেন ১৯টি। ডেনমার্ক গোলকিপার কাসপার স্মাইকেল দারুণ কিছু সেভ না করলে হয়তো বড় ব্যবধানে ম্যাচটা ফ্রান্সই জিতত।তা হয়নি, উল্টো আন্দ্রেয়াস কর্নেলিয়াসের জোড়া গোলে হেরেই গেছে ফ্রান্স। অথচ গোলশূন্য প্রথমার্ধের পর দ্বিতীয়ার্ধে শুরুটা কী দারুণ হয়েছে ফ্রান্সের। বেনজেমার সৌজন্যেই। ৫১ মিনিটে স্তাদ দো ফ্রান্সকে বিস্ময় আর উল্লাসের জোড়া অনুভূতিতে ভাসিয়েছেন এবারের ব্যালন ডি'অরের সবচেয়ে বড় দাবিদার।ডান দিক থেকে ঢুকে ফ্রান্সের উঠতি তারকা ক্রিস্তোফার এনকুনকুর সঙ্গে ওয়ান-টু খেলে ভেতরে ঢুকেছেন, কিন্তু সেখানেই শেষ নয়। বক্সে দুই ড্যানিশ ডিফেন্ডারকে কাটিয়ে বেনজেমার দারুণ ফিনিশিং অনেক দিন চোখে লেগে থাকবে নিশ্চিত।চোটের কারণে এমবাপ্পে বিরতির পর আর মাঠে না নামলেও দ্বিতীয়ার্ধে ডেনমার্কের রক্ষণের কঠিন পরীক্ষা নিয়েছে ফ্রান্স। কিন্তু ৬৮ মিনিটে গোল খেয়েছে তারাই। পিয়ের এমিল হইবিয়ার পাসে ডেনমার্ককে সমতায় ফেরান কর্নেলিয়াস। ৮১ মিনিটে ফ্রান্সকে আবার এগিয়ে দেওয়ার দারুণ সুযোগ হাতছাড়া করেন এনগোলো কান্তে। তাঁর বাঁকানো শট পোস্টে লেগে ফেরেকিন্তু পাল্টা আক্রমণে ভয়ংকর ডেনমার্কও সুযোগ কম পায়নি। ক্রিস্টিয়ান এরিকসেন সামনে শুধু ফ্রান্স গোলকিপার উগো লরিস থাকলেও শটটা লরিসের গায়েই মেরেছেন। তবে কর্নেলিয়াস সুযোগ হাতছাড়া করেননি। অফসাইডের ফাঁদ এড়িয়ে ইউরোতে আলো ছড়াতে লেফটব্যাক জোয়াকিম মেলের লম্বা পাস ধরে এগিয়ে যান, লরিসকে ফাঁকি দিতে তাঁর জোরাল শটই যথেষ্ট ছিল।'যেমনটা ভেবেছিলাম তার চেয়েও ভালো কিছু হয়েছে আজ। অসাধারণ! এখানে এসে ৮০ হাজার মানুষের সামনে বিশ্বের সেরা দলকে হারিয়েছি আমরা'সম্প্রচারক প্রতিষ্ঠান টিভি টু-তে কর্নেলিয়াসের ম্যাচ শেষের তাৎক্ষণিক প্রতিক্রিয়া। তাঁর পরের কথাটা ফ্রান্স তো বটেই, বিশ্বকাপে আর্জেন্টিনাকেও হুঁশিয়ার করে দেবে। বিশ্বকাপে ডেনমার্ক-আর্জেন্টিনা একই গ্রুপে কিনা! কর্নেলিয়াসের কথা, 'আমাদের দেশটা ছোট, তবে আমরা সেরাদের সঙ্গে লড়াই করতে পারি।'

## শব্দ, সমারোহ ও আলোর বর্ণচ্ছটায় হরিয়ানায় খেলো ইন্ডিয়া''র উদ্বোধন

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।। শব্দের সুরেলা প্রক্ষেপণ, সঙ্গে আলোর বর্ণচ্ছটা। সব মিলে বর্ণাঢ্য অনুষ্ঠানের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন হলো খেলো ইন্ডিয়া''র। হরিয়ানার তাও দেবিলাল স্টেডিয়ামে দশ দিন ব্যাপি চতুর্থ খেলো ইন্ডিয়া যুব গেমস এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। অনুষ্ঠানে হরিয়ানার মুখ্যমন্ত্রী মনোহর লাল খট্টার, কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ ঠাকুর ও ক্রীড়া রাষ্ট্রমন্ত্রী নিশীথ প্রামানিক প্রমুখ উপস্থিত ছিলেন। অন্যান্য অতিথিদের মধ্যে হরিয়ানার উপ-মুখ্যমন্ত্রী দুস্মন্ত চৌতলা, ক্রীড়া মন্ত্রী সন্দীপ সিং প্রমূখদের উপস্থিতি অনুষ্ঠানকে আরও বিশেষ মাত্রা এনে দিয়েছে। পাঁচটি ট্রেডিশনাল ইভেন্ট সহ মোট ২৫টি ইভেন্টে, অফিসিয়াল, খেলোয়ার নিয়ে প্রায় পাঁচ হাজারেরও বেশি অ্যাথলেটদের সমারোহে পুরো পঞ্চকুলা যেন প্রস্ফুটিত হয়ে উঠেছে। পঞ্চকুলায় এর আনুষ্ঠানিক উদ্বোধন হলেও আরো চারটি ভেন্যু চন্ডিগড়, সাহবাদ, আম্বালা ও দিল্লিতেও কয়েকটি ইভেন্টের লড়াই হবে।

## রেকর্ডই রোনালদোর পেছনে ছোটে

কথাটা ইব্রাহিমোভিচের মুখেই বেশি মানাত। ফুটবলে দাম্ভিক কথাবার্তা বলায় যে সুইডিশ স্ট্রাইকারের ধারেকাছেও নেই কেউ। কিন্তু কথাটা ইব্রা নন, বলেছেন ক্রিস্টিয়ানো রোনালদো নিজেই।

বিশ্ব ফুটবলের যত রেকর্ড ক্রিস্টিয়ানো রোনালদো আর লিওনেল মেসি নিজেদের মধ্যেই যেন ভাগাভাগি করে নেওয়ার পণ করেছেন। ক্লাব ফুটবলে মেসির দাপট বেশি আর আন্তর্জাতিক ফুটবলে রোনালদোর। পাঁচবারের ব্যালন ডি'অরজয়ী সবচেয়ে আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন, সবচেয়ে বেশি আন্তর্জাতিক গোলও তাঁর। সদ্য শেষ হওয়া মৌসুমে পেশাদার ফুটবলে সবচেয়ে বেশি গোলের রেকর্ডটাও হয়ে গেছে তাঁর।

৩৭ বছর বয়সেও এখনো আগের মতো গোলক্ষুধা রোনালদোর। সদ্য শেষ হওয়া মৌসুমে নিজের প্রিয় ক্লাব ম্যানচেস্টার ইউনাইটেডে ফিরেছেন, সব প্রতিযোগিতা মিলে করেছেন ২৪ গোল। কিন্তু এতেও ইউনাইটেডের কোনো লাভ হয়নি। ২০১৭ সালের পর থেকে শিরোপা—খরায় ভোগা ক্লাবের ভাগ্য বদলায়নি। আগামী মৌসুমে ইউরোপা লিগে খেলতে হবে ইউনাইটেডকে। ক্লাবে থেকে গেলে ক্যারিয়ারে এই প্রথম চ্যাম্পিয়নস লিগ খেলা হবে না রোনালদোর। তবু ক্লাব ছাড়তে চান না রোনালদো।

নতুন কোচ এরিক টেন হাগ তাঁকে রাখতে চান কি না, সে প্রশ্ন উঠে গিয়েছিল। তবে টেন হাগ জানিয়েছেন, এমন কিংবদন্তির সঙ্গে কাজ করার অপেক্ষায় আছেন। আগামী মৌসুমে নতুন কোচের সঙ্গে কাজ করতে রোনালদোও যে মুখিয়ে আছেন, সেটা জানিয়েছেন ইউনাইটেডের নিজস্ব অনুষ্ঠান 'প্লেয়ারস ডায়েরি'তে। সেখানেই রেকর্ড নিয়ে নিজের গর্বটা এভাবে প্রকাশ করেছেন রোনালদো, 'রেকর্ড স্বাভাবিকভাবে আসে। আমি রেকর্ডের পেছনে ছুটি না, রেকর্ড আমার পেছনে ছোটে। এটা ভালো।'

পেশাদার ফুটবলে সবচেয়ে বেশি গোল, আন্তর্জাতিক ফুটবলে সবচেয়ে বেশি গোল, চ্যাম্পিয়নস লিগে সবচেয়ে বেশি গোল...রেকর্ড তো কম করেননি রোনালদো। ক্লাব ফুটবলে সম্ভাব্য সবকিছু জিতেছেন। জাতীয় দলেও দুটি শিরোপা পেয়েছেন। তবু থামার কোনো ইঙ্গিত দেখাচ্ছেন না।

রোনালদো জানিয়ে দিয়েছেন, তেমন কোনো ইঙ্গিত খুব শিগগির দেখার সম্ভাবনাও নেই, 'এটাই আমার চালিয়ে যাওয়ার প্রেরণা। শুধু পরিশ্রম করে যাও। এই খেলার জন্য আমার আবেগ এখনো আগের মতো। এই পথে ম্যানচেস্টার ইউনাইটেড ও আমার সতীর্থরা সাহায্য করেছে। যারা ক্রিস্টিয়ানোকে সাহায্য করেছে, তাদের ধন্যবাদ দিতেই হবে। কিন্তু আমার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, ম্যাচ জেতা এবং কিছু লিগ বা কাপ শিরোপা জেতা। আমার বিশ্বাস যেখানে থাকা উচিত, সেখানেই যাবে ম্যানচেস্টার ইউনাইটেড। মাঝেমধ্যে সময় লাগে, কিন্তু আমি বিশ্বাস রাখি।'

## পুনেতে অনূর্ধ-২০০০ দাবা সম্পন্ন, রেটিং বাড়ালো বিষ্ময় বালিকা আর্শিয়া

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ মে।। রেটিং বাড়ালো বিষ্ময় বালিকা দাবাড়ু আর্শিয়া দাস। পুনেতে অনুষ্ঠিত প্রথমবর্ষ অনূর্ধ-২০০০ রেটিং দাবা প্রতিযোগিতায়। ৯ রাউন্ডের আসর শেষ হয় শনিবার। তাতে অংশ নিয়েছিলেন দেশের ৪৫৭ জন দাবাড়ু। আসরে ৯ রাউন্ডে সাড়ে ৫ পয়েন্ট করে চমক দেয় ত্রিপুরার আর্শিয়া (১৪৭১)। আসর থেকে ৪৬ এলো রেটিং বাড়িয়েছে হোলিক্রশ স্কুলের ছাত্রীটি। আসরে ৫ ম্যাচে জয় এবং ১ টি ম্যাচে ড্র করার পাশাপাশি ৩ টি ম্যাচে দুর্দান্ত লড়াই করে হেরে যায় পূর্ণেন্দু এবং অর্ণিশা দাসের একমাত্র মেয়েটি। আসরে সঞ্জীব মিশ্রা (১৭৪৭), শ্রেয়শ হাপসে (১৬৩৩) মতো দাবাড়ুদের হারিয়ে নিজের অভিজ্ঞতা অনেকটা বাড়িয়ে নেয় আর্শিয়া। আজ রাজ্যে ফিরছে আর্শিয়া। নিজ রাজ্যে ফিরেই রাজ্য অনূর্ধ-১৭ এবং ১৯ আসরে অংশ নেবে সে। নিজের পারফরম্যান্সে খুশি আর্শিয়া। আগামীদিনে আরও ভালো খেলতে বদ্ধপরিকর সে।

## আন্তর্জাতিক বিচারক ত্রিপুরার তনয়

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ৪ মে।। রাজ্যের প্রথম। আন্তর্জাতিক বিচারক হওয়ার গৌরব অর্জন করলেন ত্রিপুরা বডি বিল্ডার্স সংস্থার সচিব তনয় দাস। বিশ্ব বডি বিল্ডিং এবং ফিজিক্স স্পোর্টস সংস্থার উদ্যোগে হয়েছিলো পরীক্ষা। ২২ মে হিমাচল প্রদেশে অনুষ্ঠিত হয়েছিলো আন্তর্জাতিক বিচারকের পরীক্ষা। শনিবার ওই পরীক্ষার ফলাফল ঘোষনা করা হয়। তাতে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হয়েছেন তনয়। এর আগে ৬ জানুয়ারি তেলেঙ্গানার খাম্মামে অনুষ্ঠিত হয়েছিলো জাতীয় বিচারকের পরীক্ষা। তাতে সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হওয়ার পরই আন্তর্জাতিক বিচারক পরীক্ষায় বসার অনুমতি চেয়েছিলেন তনয়। সাফল্যের সঙ্গে উত্তীর্ণ হওয়ায় খুশি তনয়।


গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিমিটেড
আগরতলা ডেয়ারী : ইন্দ্রনগর

জি.এম.ইউ/একাউন্টস/২০২১ তারিখ : ০৪/০৬/২০২২

-: বিজ্ঞপ্তি :-

গোমতী কো-অপারেটিভ মিল্ক প্রোডিউসার্স ইউনিয়ন লিমিটেডের সমস্ত সভ্য সমিতি, দেনাদার, পাওনাদার ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে ২০২০-২০২১ ইং বছরের মিল্ক ইউনিয়নের হিসাব পত্র পরীক্ষার কাজ শুরু হয়েছে।

উপরোক্ত সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুরোধ করা যাচ্ছে যে, আগামী ০৭.০৬.২০২২ এবং ০৮.০৬.২০২২ ইং তারিখ সকাল ১১ টা হতে বিকাল ৩ টার মধ্যে মিল্ক ইউনিয়নের অফিসে উপস্থিত হয়ে ইউনিয়নের নিরীক্ষকের নিকট দাখিলকৃত হিসাবের সাথে নিজস্ব হিসাব মিলিয়ে নেন। অন্যথায় মিল্ক ইউনিয়নের দেয়া হিসাবপত্র চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ICA/D/351/22 চিফ ম্যানেজিং ডিরেক্টর



**PRESS NOTICE INVITING RE-TENDER**

Sealed re-tender are hereby invited by the undersigned on behalf of the Governor of Tripura from the bonafied Fish Seed Growers (Individual/ Fishery Based SHGs /MSS Ltd.) of Charilam R.D. Block under Bishalgarh Sub-Division producing available quantity fish fingerlings in their owned/ leased out water bodies for supply of mixed Major Carp fingerlings (7cm and above) in all the GP/VC areas under Charilam Block during the year 2022-23. The tenderer, who are residential of the Charilam R.D. Block, Bishalgarh Sub-Division, will be eligible for submitting the tender only. The last date for the submission of tender is 13th June, 2022 up to 4.00 PM. The interested tenderer may contact with the Office of the undersigned between 11.00 am to 4.00 P.M., from 4th June, 2022 on any working days for collection of tender form and details terms & condition.

Sd/-(S.ROY)
SUPDT. OF FISHE RS
BISHALGARH SUB-DIVISION

ICA-C-802-22



**PRESS NOTICE INVITING SHORT QUOTATION NO.:- 02/DPC/KH/Samagra/2021-22, dt.25/05/2022.**

On behalf of the 'Governor of Tripura' sealed separated quotations are invited from genuine owners of Vehicle having Commercial permit for hiring of ''MARUTI VAN/EECO'' for use of the District Project Coordinator (District Education Officer), Khowai District, Tripura to perform office duty within the jurisdiction of Tripura.

| SL NO | Description of Work | Quantity | Cost of tender document | Quotation dropping center | Last date and Time for receipt of application | Last date of issue of tender form | Date & time for dropping of quotation | Date & time for Opening of quotation |
|---|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 1 | Hiring of 01 (one) No. " MARUTI EECO along with valid commercial licence, driver & fuel for the use of different official works of the District Project Coordinator (District Education Officer) Khowai District for a period of 1(one) year (Manufacturing not before 2018 made). DNIT No-01/DPC/KH/21-22 | 01 (One) nos. | Rs. 500 (Rupees Five Hundred) only | O/o, the District Project Coordinator (District Education Office) Khowai District, 1st Floor of Khowai Govt. HS School. | 08/06/2022 to 10/06/2022 up to 03:00 PM. | 10/06/2022 | 08/06/2022 to 10/06/2022 up to 03:00 PM. | 10/06/2022 at 04:00 PM. (If Possible) |

Interested bidders can view the quotation documents in the O/o, the District Project Coordinator (District Education Office) Khowai District, 1st Floor of Khowai Govt. HS School, Khowai, Tripura in working days.

Sd/-
(Samarendrantah Das)
25/05/2022
District Project Coordinator
District Education Office
Khowai District, Tripura

ICA-C-798-22

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# নিহত বিজেপি কর্মীর মৃতদেহ ময়নাতদন্ত নিয়ে দলীয় নেতাদের মধ্যে অসন্তোষ

**নিজস্ব প্রতিনিধি, বিলোনীয়া, ৪ জুন।।** বিলোনীয়া মহকুমার পিআর বাড়ি থানাধীন রাধানগর বাজারে রাজনৈতিক সংঘর্ষে নিহত প্রদীপ দে (৪৫) র মৃতদেহ ময়নাতদন্ত ছাড়াই আগরতলা জিবিপি হাসপাতাল থেকে ছেড়ে দিল এমনই অভিযোগ উঠলো বিজেপি দলের পক্ষ থেকে। গত ১ লা জুন সিপিআইএম ও বিজেপি দলের মধ্যে রাজনৈতিক সংঘর্ষ ঘটে রাধানগর বাজার এলাকায়।

এ সংঘর্ষের ফলে উভয় পক্ষেরই আহত হয়। পরিস্থিতি স্বাভাবিক করতে পুলিশ লাঠি চার্জ সহ ফাটানো হয় তিনটি কাঁদানে গ্যাস। এই রাজনৈতিক সংঘর্ষে গুরুতরভাবে আহত হয় প্রদীপ দে নামে এক বিজেপি কর্মী। গুরুতর আহত অবস্থায় প্রদীপ দে কে নিয়ে আসা হয় বিলোনিয়া মহকুমা হাসপাতালে। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক পাঠিয়ে দেয় শান্তির বাজার জেলা হাসপাতালে। সেখান থেকেও আহত প্রদীপ দে কে আগরতলা জিবি পি হাসপাতালে পাঠিয়ে দেয় কর্তব্যরত চিকিৎসক।

চিকিৎসা চলাকালীন সময়ই শনিবার ভোররাতে মৃত্যু হয় প্রদীপ দে র। ময়না তদন্ত ছাড়াই মৃতের স্ত্রী প্রীতিবালা দে সহ পরিবারের লোকজনের হাতেই জিবিপি হাসপাতালের কর্তৃপক্ষ তুলে দেয় প্রদীপ দে র মরদেহ। সেখান থেকে নিজ বাড়িতে নিয়ে আসার পরেই দলের নেতৃত্বদের নির্দেশে নিহত প্রদীপ দের মরদেহ ময়না তদন্তের জন্য নিয়ে আসা হয় বিলোনিয়া হাসপাতালে। ঘটনার খবর পেয়ে বিলোনিয়া হাসপাতালে ছুটে আসে, বিধায়ক অরুণ চন্দ্র ভৌমিক, সহ বিজেপি দলের নেতৃত্বরা। কথা বলেন বিলোনিয়া মহকুমা পুলিশ আধিকারিক, অতিরিক্ত পুলিশ সুপার সহ পি আর বাড়ি থানার ওসির সাথে।

# সিআইটিইউর ৩০তম প্রতিষ্ঠা দিবস পালিত



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** ত্রিপুরা অটো রিক্সা ওয়ার্কার্স ইউনিয়নের ৩০ তম প্রতিষ্ঠা দিবস শনিবার রাজ্যে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এ উপলক্ষে মূল অনুষ্ঠানটি হয় অফিস লেনে সি আই টি ইউ কার্যালয়ে। এদিন এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সি আই টি ইউর রাজ্য সভাপতি প্রাক্তন মন্ত্রী মানিক দেসহ অন্যান্য বিশিষ্ট নেতৃবৃন্দ। সংগঠনের পতাকা উত্তোলন এবং শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে দিবসটি সূচনা হয়। ত্রিপুরা অটো রিক্সা ওয়ার্কার্স ইউনিয়নের ৩০ তম প্রতিষ্ঠা দিবসের তাৎপর্য বিশ্লেষণ করে বক্তব্য রাখেন মানিকবাবু। তিনি বলেন শ্রমিকদের অধিকার সুরক্ষিত করার তাগিদে এই সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। আগরতলা ছাড়াও রাজ্যের অন্যান্য স্থান থেকে দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালিত হওয়ার খবর মিলেছে।

# বিশালগড় থেকে দুই নেশা কারবারিকে গ্রেপ্তার করল শান্তিরবাজার থানার পুলিশ

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৪ জুন।।** তদন্তের মাধ্যমে নেশাকারবারের সাথে যুক্ত ২ অভিযুক্তকে গ্রেপ্তার করলো শান্তির বাজার থানার পুলিশ। রাজ্য সরকার নেশামুক্ত ত্রিপুরা গঠনে কাজ করে যাচ্ছে শান্তির বাজার থানার ওসি বিশ্বজিৎ দেববর্মা। ওসির নেতৃত্ব প্রতিনিয়ত নেশা কারবারীদের আটক করা হচ্ছে। এরই মধ্যে শান্তির বাজার থানার কেইস নং ৪৯/ ২০২১ এর তদন্তের মাধ্যমে দুই অভিযুক্তকে শুক্রবার রাত্রিবেলায় বিশালগড় থানা এলাকা থেকে গ্রেপ্তার করতে সক্ষম হয় শান্তির বাজার থানার পুলিশ। ওসি বিশ্বজিৎ দেববর্মা ও কেইসের আই ও সঞ্জয় দের্বমার যৌথ অভাযানে সাফল্য অর্জন করলো।

বিশালগড় থেকে আটক করা দুই নেশা কারবারী হলো অসিত মজুমদার ও সঞ্জীত দাস। এই বিষয়ে শান্তির বাজার থানার ওসি বিশ্বজিৎ দের্বমা জানান গত ১১/১১/২০২১ এ বেতাগাথেকে বিশ্বজিৎ বৈষ্ণব নামে এক ব্যক্তিকে নেশাসামগ্রী সহ গ্রেপ্তার করলো শান্তির বাজার থানার পুলিশ। পরবর্তী সময় তদন্তক্রমে উঠে আসে বিশালগড়ের দুই অভিযুক্তের নাম।

শুক্রবার রাত্রি বেলায় সাফল্য অর্জন করলো শান্তির বাজার থানার পুলিশ। অভিযুক্তদের বিরুদ্ধে ২১ ( সি )/ ২৫ / ২৯ এক্টে মামলা গ্রহন করা হয়েছে। অভিযুক্তদের পুলিশ রিমান্ড চেয়ে বিলোনিয়া জেলা ও দায়রা আদালতে প্রেরন করাহবে বলে জানান ওসি বিশ্বজিৎ দেববর্মা।

# মধ্যপ্রদেশে পৃথক দুর্ঘটনায় ৩ মহিলা সহ মৃত ৭, আহত কমপক্ষে ১৫

ভোপাল, ৪ জুন (হি.স.): মধ্যপ্রদেশের খাণ্ডোয়া ও সিংরাউলী জেলায় পৃথক দু’’টি দুর্ঘটনায় প্রাণ হারালেন ৩ মহিলা ও শিশু-সহ ৭ জন। পৃথক দুর্ঘটনায় আহত হয়েছেন কমপক্ষে ১৫ জন। খাণ্ডোয়া জেলায় একটি ট্রাক্টর-ট্রলি উল্টে মৃত্যু হয়েছে দু’’টি শিশু, ৩ মহিলার, আহত হয়েছেন ১৫ জন। সাব-ডিভিশনাল অফিসার অফ পুলিশ রবীন্দ্র ভাসকালে জানিয়েছেন, শুক্রবার রাতে দুর্ঘটনাটি ঘটেছে রোশনি পুলিশ পোস্টের অধীনে খিরকিয়া-খালওয়া রোডে ধনোরা গ্রামের কাছে। হারসুদে একটি অনুষ্ঠানে যোগ দেওয়ার পর ট্র্যাক্টর-ট্রলিতে চেপে মেধাপানি গ্রামে যাচ্ছিলেন ৩৫ জন। তখন ট্র্যাক্টর-ট্রলি উল্টে মৃত্যু হয়েছে দু’’টি শিশু ও ৩ মহিলার। আহতদের মধ্যে ৬ জনের অবস্থা আশঙ্কাজনক।

অন্যদিকে, সিংরাউলী জেলায় শুক্রবার রাতের দুর্ঘটনায় মৃত্যু হয়েছে এক ব্যক্তি ও বালকের। মাদা থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্তা নগেন্দ্র সিং জানিয়েছেন, মোটরবাইকে নিয়ন্ত্রণ হারিয়ে ধাক্কা মারে একটি ট্রাক। তাতেই মৃত্যু হয় বাইকে থাকা ওই ব্যক্তি ও বালকের। মৃতরা সম্পর্কে বাবা ও ছেলে। দুর্ঘটনায় আহত হয়েছেন তাঁদের মা, তিনিও বাইকে ছিলেন।

# ৫ জুন মৃত্তিকা সংরক্ষণ আন্দোলন অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৪ জুন (হি.স.) : রবিবার, ৫ জুন বিশ্ব পরিবেশ দিবস। বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে রবিবার দিল্লির বিজ্ঞান ভবনে আয়োজিত ""“মৃত্তিকা সংরক্ষণ আন্দোলন"""" অনুষ্ঠানে অংশ নেবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বেলা এগারোটা নাগাদ মাটি সংরক্ষণ আন্দোলন’-এ অংশ নিয়ে বক্তব্যও রাখবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রীর দফতর (পিএমও)-র পক্ষ থেকে শনিবার জানানো হয়েছে, মৃত্তিকা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি ও প্রসারের লক্ষ্যে ""”মাটি সংরক্ষণ আন্দোলন"""" একটি বৈশ্বিক আন্দোলন। ২০২২ সালের মার্চ মাসে সদগুরু এই আন্দোলন শুরু করেছিলেন, যিনি ২৭টি দেশের মধ্য দিয়ে ১০০ দিনের মোটরবাইক যাত্রা শুরু করেছিলেন।

# তেলিয়ামুড়ায় দুঃসাহসিক চুরি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** তেলিয়ামুড়া শহরের প্রাণকেন্দ্র পুরাতন টিআরটিসি অফিস সংলগ্ন গ্রামীণ ব্যাংকের পাশে গতকাল রাতে একটি দোকানে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। জানা যায় সুজিত ঘোষ নামে এক ব্যক্তির দোকানে চোরেরা হানা দিয়ে কয়েক হাজার টাকার জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে। শনিবার সকালে দোকানে সুজিত ঘোষ দোকান খুলতে এসে লক্ষ করেন দরজার তালা ভাঙ্গা। দোকানের ভেতর থেকে বিভিন্ন জিনিসপত্র চুরি করে নিয়ে গেছে চোরেরা। সঙ্গে সঙ্গে বিষয়টি তিনি তেলিয়ামুড়া থানার পুলিশকে জানান। খবর পেয়ে তেলিয়ামুড়া থানার পুলিশ ঘটনাস্থলে ছুটে আসে এবং ঘটনা তদন্ত করে। তবে চুরি যাওয়া জিনিসপত্র উদ্ধার কিংবা চোরকে আটক করার কোনো খবর নেই। তেলিয়ামুড়া শহরের প্রাণকেন্দ্রে এ ধরনের চুরির ঘটনাকে কেন্দ্র করে অন্যান্য ব্যবসায়ী ও সাধারণ মানুষের মধ্যে রীতিমতো আতঙ্কের সৃষ্টি হয়েছে। রাত্রিকালীন নিরাপত্তাব্বস্থা জোরদার করার দাবি উঠেছে।

# শান্তিরবাজার পুর পরিষদে কর সংগ্রহের সূচি পরিবর্তন

**নিজস্ব প্রতিনিধি, শান্তিরবাজার, ৪ জুন।।** খবরের জেরে অবশেষে শান্তির বাজার পৌর পরিষদে সঠিক পরিষেবা প্রদানে এগিয়ে আসলো আধিকারিকরা। ঘটনার বিবরণে জানা যায় শান্তির বাজার পৌর পরিষদে বিগতদিনে টেক্সের দায়িত্বে থাকা রামবাবু রিয়াংকে অন্য কাজের দায়িত্ব দেওয়ায় লোকজনের সঠিকভাবে পৌরপরিষদের পরিষেবা পাচ্ছিলেন না। সাপ্তাহে দুইদিন পরিষেবা প্রদান করার ফলে লোকজনেরা বিশেষ অসুবিধার সম্মুখিন হতে হচ্ছিল। এই বিষেয় বৃহস্পতিবার সংবাদপ্রকাশের পর বিষটি পৌর পরিষদের সিও তথা শান্তির বাজার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য ও ডেপুটে সিও তথা ডি সি এম প্রীতম সরকারে নজরে আসার সঙ্গে সঙ্গে এই বিষয়ে পদক্ষেপ গ্রহন করলেন। জানা যায় টেক্স আদায়ের রামবাবু রিয়াং এর পাশাপাশি অপর একজনকে রাখা হয়েছে। এতে করে দুইজন সপ্তাহে তিন দিন করে ছয়দিন লোকজনদের পরিষেবা প্রদান করবে। এতে করে লোকজনেরা কিছুটা স্বস্তি ফিরে পেল।

# একদিনে টিকা পেলেন ১১.৬৭-লক্ষাধিক

নয়াদিল্লি, ৪ জুন হি.স.): কোভিড টিকাকরণ অভিযানের আওতায় ১৯৩.৯৬-কোটির বেশি টিকাকরণ সম্পন্ন হয়েছে ভারতে। দেশব্যাপী টিকাকরণ অভিযানের আওতায় বিগত ২৪ ঘন্টায় ভারতে করোনার ভ্যাকসিন পেয়েছেন ১১ লক্ষ ৬৭ হাজার ০৩৭ জন প্রাপক, ফলে ভারতে শনিবার সকাল আটটা পর্যন্ত ১,৯৩,৯৬,৪৭, ০৭১ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে।

ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ৩ জুন সারা দিনে ভারতে ৪, ৪৫,৮১৪ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। সবমিলিয়ে ভারতে করোনা-টেস্টের সংখ্যা ৮৫, ২২,০৯,৭৮৮-এ পৌঁছে গিয়েছে। পরীক্ষিত ৪,৪৫, ৮১৪ জনের মধ্যে বিগত ২৪ ঘন্টায় ভারতে কোভিড-১৯ ভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩, ৯৬২ জন।

# উপনির্বাচনে ইঙ্গিতে ইঙ্গিতে লড়াই হবে ঃ পিসিসি সভাপতি

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ৪ জুন।।** রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ইঙ্গিতে ইঙ্গিতে লড়াই হবে বলে সুর চড়িয়েছে প্রদেশ কংগ্রেস। শনিবার দুপুরে আগরতলা কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে প্রদেশ কংগ্রেস সভাপতি বীরজিত সিনহা বলেন, উপনির্বাচনে সবকটি আসনেই কংগ্রেস প্রার্থীদের জয়ী করার জন্য কংগ্রেস দলের নেতা-কর্মীরা সর্বাত্মক প্রয়াস জারী রাখবে। যেকোনো ধরনের সন্ত্রাস প্রতিহত করতেও কংগ্রেস কর্মী সমর্থকরা প্রস্তুত রয়েছেন বলে জোর গলায় বলেন তিনি।



সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ কংগ্রেস সভাপতি সহ অন্যান্য নেতৃত্বরা। ছবি নিজস্ব।

প্রদেশ কংগ্রেস সভাপতি বিজেপির বাইক বাহিনী ও হেলমেট বাহিনীকে সতর্ক করে দিয়ে বলেন, তারা যদি কোন ধরনের সন্ত্রাসী কার্যকলাপ সংঘটিত করার চেষ্টা করে কংগ্রেস দল তার যোগ্য জবাব দেবে। বাইক বাহিনীকে সতর্ক হতে আহ্বান জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। তাদের উদ্দেশ্যে বার্তা দিতে গিয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, মন্ত্রী, বিধায়ক সহ নেতাদের ছেলেমেয়েরা আনন্দ উল্লাসে রাজকীয় ভাবে জীবন যাপন করছে। অথচ বেকার সহ একাংশের যুবককে সন্ত্রাসী কার্যকলাপ সংগঠিত করার জন্য যেভাবে লেলিয়ে দেওয়া হচ্ছে তাতে তাদের জীবন সংশয় হতে পারে। সময় থাকতে তাদেরকে এ বিষয়ে সচেতন হতে আহ্বান জানিয়েছেন তিনি। কারোর প্ররোচনায় এ ধরনের কার্যকলাপ শামিল হওয়া কোনোভাবেই সমুচিন নয় বলেও পরামর্শ দিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি। রাজ্যের সার্বিক পরিস্থিতি বিবেচনা করেই তাদেরকে সংযমী মনোভাব গ্রহণ করা ☞ ৬ এর পাতায় দেখুন

# মোদী সরকারের আট বছর পূর্তি উপলক্ষে বিভিন্ন প্রকল্পের সুফল জানালেন মন্ত্রী শান্তনা চাকমার

**নিজস্ব প্রতিনিধি, চুরাইবাড়ি, ৪ জুন।।** বিজেপি সরকার অর্থাৎ মোদী সরকারের আট বছর পূর্তি উপলক্ষে শনিবার দুপুরে উত্তর জেলার ধর্মনগর বিজেপি জেলা কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন মন্ত্রী সান্তনা চাকমা। তাছাড়া উপস্থিত ছিলেন বিজেপির উত্তর জেলার সভা নেত্রী মলিনা দেবনাথ,উত্তর জেলার সহ সভাপতি জহর চক্রবর্তী প্রমুখ। এদিনের সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শান্তনা চাকমা বলেন, দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির শাসনকালে সাধারণ মানুষের স্বার্থে কি কি উন্নয়ন মূলক কাজ করা হয়েছে তার বিবরণ তুলে ধরাই এই সাংবাদিক সম্মেলনে মূল বিষয়বস্তু। এর পূর্বে অনান্য জেলায় সাংবাদিক সম্মেলনের মধ্য দিয়ে তা তুলে ধরা হয়েছে। তিনি বলেন, ভারতবর্ষে মোদী জির নেতৃত্বাধীন সরকার আসার পরে ১২ শতাংশ দারিদ্র্যতার হার কমেছে। পূর্বে সাধারণ মানুষের বাৎসরিক আয় ছিল ৭৯ হাজার টাকা। বর্তমানে তা দাঁড়িয়েছে ১.৫ লাখ টাকা। তাছাড়া ভারত স্বাধীনের পর প্রাইমারি স্কুলের সংখ্যা ছিল ৬.৩৭ লাখ, কিন্তু মোদী জির সরকারের আমলে তা বেড়ে দাঁড়িয়েছে ৬.৫৩ লাখ। তিনি বলেন, মোদীর নেতৃত্বাধীন সরকারের আমলে দেশের মানোন্নয়ন হয়েছে।পূর্বে প্রতিবেশী দেশ পাকিস্তান,চিন ভারতবর্ষের সাথে বিবাদে জড়াতো। কিন্তু বর্তমানে পাকিস্তানে ঢুকে সার্জিক্যাল স্ট্রাইক করে ভারত। তাছাড়া মুখ্যমন্ত্রী মাতৃপুষ্টি উপহার যোজনা একটি ভালো দিক।সেই যোজনায় কেন্দ্র ও রাজ্য সরকারের সাহায্যে গর্ভবতী মায়েরা পুষ্টিকর খাবার খেয়ে একটি সুস্থ সবল সন্তান জন্ম দিতে পারছেন।প্রধানমন্ত্রী আত্মনির্ভর দেশ গঠনের যে যে প্রয়াস চালিয়ে যাচ্ছেন তা বাস্তবায়নে পাঁচটি পিলারের উপর নির্ভর করে।পাঁচটি পিলার হল, অর্থনীতি, জনসংখ্যা, চাহিদা, ব্যাবসা ও পরিকাঠামো। পাশাপাশি সেল্ফ হেল্প গ্রুপের মাধ্যমে মহিলারা আত্মনির্ভর হচ্ছেন। সাথে প্রধানমন্ত্রীর বেটি বাঁচাও বেটি পড়াও এই স্কিমটি গোটা দেশের সাথে রাজ্যের দক্ষিণ ত্রিপুরা জেলায় চালু রয়েছে।সাথে বাকি সাতটি জেলায় মুখ্যমন্ত্রী আওতায় বেটি বাঁচাও বেটি পড়াও যোজনা চালু রয়েছে। মন্ত্রী আরো বলেন, বিগত দিনে মানুষ ব্যাঙ্ক মুখী ছিলনা। কিন্তু বর্তমান সরকারাধীন আমলে ৪৫ কোটি ব্যাঙ্ক একাউন্ট হয়েছে। পাশাপাশি সচ্ছ ভারত মিশনে গোটা দেশে ১১ কোটি শৌচালয় তৈরি হয়েছে।মন্ত্রী আরো বলেন, মোদী সরকারের আমলে উজ্জ্বলা যোজনায় গ্যাস বিতরণ সহ নানা জনকল্যাণ মুখি প্রকল্প চালু হয়েছে, যা বিরল থেকে বিরল।

# দৈনিক-সংক্রমণ একটু কমে ৩,৯৬২; ভারতে একদিনে মৃত ২৬

নয়াদিল্লি, ৪ জুন (হি.স.): আগের দিনের তুলনায় একটু কমলেও, ভারতে চিন্তা বাড়াচ্ছে দৈনিক করোনা-আক্রান্তের সংখ্যা। মৃত্যুও আগের দিনের তুলনায় বেড়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, বিগত ২৪ ঘন্টায় ভারতে নতুন করে করোনায় আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৯৬২ জন, এই সময়ে মৃত্যু হয়েছে ২৬ জনের। ভারতে দৈনিক সংক্রমণের হার এই মুহূর্তে কমে ০.৮৯ শতাংশে পৌঁছেছে।বিগত ২৪ ঘন্টায় ভারতে চিকিৎসাধীন করোনা-রোগীর সংখ্যা বেড়ে ২২,৪১৬-এ পৌঁছেছে, শেষ ২৪ ঘন্টায় সক্রিয় রোগীর সংখ্যা বেড়েছে ১,২৩৯ জন। এই মুহূর্তে শতাংশের নিরিখে ০.০৫ শতাংশ রোগী চিকিৎসাধীন রয়েছেন।

ভারতে বিগত ২৪ ঘন্টায় করোনাভাইরাসের টিকা পেয়েছেন ১১ লক্ষ ৬৭ হাজার ০৩৭ জন প্রাপক, ফলে ভারতে শনিবার সকাল আটটা পর্যন্ত ১, ৯৩,৯৬,৪৭,০৭১ জনকে কোভিড টিকা দেওয়া হয়েছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, বিগত ২৪ ঘন্টায় ২৬ জনের মৃত্যুর পর ভারতে কোভিড-১৯ ভাইরাসে মৃতের সংখ্যা বেড়ে হল ৫,২৪,৬৭৭ জন (১.২২ শতাংশ)। শুক্রবার সারা দিনে ভারতে সুস্থ হয়েছেন ২,৬৯৭ জন। শনিবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,২৬,২৫,৪৫৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৭৩ শতাংশ।

কোভিড-সংক্রমণ ফের দ্রুততার সঙ্গে বাড়ছে আমেরিকায়, মার্কিন মুলুকে করোনায় মৃত্যুর সংখ্যাও দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। আমেরিকায় করোনায় মৃত্যুর সংখ্যা বাড়তে বাড়তে ১০ লক্ষ ৩৩ হাজারের গণ্ডি ছাড়িয়ে গিয়েছে। বিগত ২৪ ঘন্টায় আমেরিকায় নতুন করে করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছেন ১ লক্ষ ০৩ হাজার ২২১ জন, নতুন করে ১,০৩,২২১ জন সংক্রমিত হওয়ার পর আমেরিকায় এযাবৎ ৮৬,৪৫০,৬০৩ জন করোনায় আক্রান্ত হয়েছেন।

আমেরিকায় বিগত ২৪ ঘন্টায় মৃত্যু হয়েছে ৩১৬ জনের। নতুন করে ৩১৬ জনের মৃত্যুর পর আমেরিকায় মোট মৃত্যু হয়েছে ১০ লক্ষ ৩৩ হাজার ৩৬৯ জনের। আমেরিকায় এখনও পর্যন্ত করোনা-মুক্ত হয়েছেন ৮২,৪৬৩, ৫০৬ জন। আমেরিকায় এই মুহূর্তে সক্রিয় রোগীর সংখ্যা বেড়ে ২৯,৫৩,৭২৮-এ পৌঁছেছে।

# অনন্তনাগ এনকাউন্টারে নিকেশ হিজবুল কমান্ডার, ৩ সৈনিক-সহ আহত ৪ জন

শ্রীনগর, ৪ জুন (হি.স.): কাশ্মীরে জঙ্গি নিকেশ অভিযানে ফের বড়সড় সাফল্য পেল সুরক্ষা বাহিনী। জম্মু ও কাশ্মীরের অনন্তনাগ জেলায় সুরক্ষা বাহিনীর অভিযানে নিকেশ হয়েছে কুখ্যাত এক হিজবুল মুজাহিদিন কমান্ডার। নিহত সন্ত্রাসবাদীর নাম-নিসার খান্দে। এই অভিযানে আহত হয়েছেন ৩ জন সেনা জওয়ান ও একজন সাধারণ নাগরিক। অনন্তনাগ জেলার রিশিপোরা এলাকায় শুক্রবার সন্ধ্যা থেকে শুরু হওয়া এই অভিযান চলতে থাকে সারারাত, শনিবার সকালে কাশ্মীর পুলিশ জানিয়েছে, এনকাউন্টারে নিকেশ হয়েছে হিজবুল মুজাহিদিন কমান্ডার নিসার খান্দে।

জঙ্গিদের গতিবিধি সম্পর্কে বিশেষ সূত্রে খবর পাওয়ার পর শুক্রবার সন্ধ্যা থেকে অনন্তনাগ জেলার রিশিপোরা এলাকায় অভিযান চালায় সুরক্ষা বাহিনী। রাতেই এনকাউন্টার চলাকালীন আহত হয়েছেন ৩ জন সেনা জওয়ান ও একজন সাধারণ নাগরিক। চারিদিক থেকে গোটা এলাকা ঘিরে ফেলে সুরক্ষা বাহিনী। এরপর শনিবার সকালে কাশ্মীরের ইন্সপেক্টর জেনারেল অফ পুলিশ (আইজিপি) বিজয় কুমার জানিয়েছেন, অনন্তনাগ এনকাউন্টারে হিজবুল মুজাহিদিন কমান্ডার নিসার খান্দে নিরস্ত্র হয়েছে। একটি একে-৪৭ রাইফেল ও গোলাবারুদ উদ্ধার হয়েছে।

# হাফলঙে যুবতীর শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার পনদেশ সেংইয়ং

হাফলং (অসম), ৪ জুন (হি.স.) : অবশেষে যুবতীর শ্লীলতাহানির অভিযোগে গ্রেফতার করা হয়েছে পনদেশ সেংইয়ং ওরফে জিপসিংকে। গতকাল বিকেলে পনদেশ সেংইয়ংকে হাফলঙের পার্শবর্তী শনটিলা থেকে গ্রেফতার পুলিশ গ্রেফতার করেছিল। আজ তাকে আদালতে পেশ করার কথা।

পনদেশ সেংইয়ংকে মোট ওয়ানটেড ঘোষণা করা হয়েছিল। কোনও ব্যক্তি যদি তার খবর দিতে পারেন তা-হলে সংশ্লিষ্টের নামধাম পরিচয় গোপন রেখে নগদ ৫০ হাজার টাকা দিয়ে পুরস্কৃত করা হবে বলেও হাফলং পুলিশ ঘোষণা করেছিল।

পনদেশ সেংইয়ং নামের এই ব্যক্তি সম্প্রতি হাফলং শহরের ডিএসএ রোডের কাছে পথচারী জনৈক যুবতীর কাছে এসে নিজের গাড়ি থামিয়ে তাঁর শ্লীলতাহানি করেছিল বলে অভিযোগ করে হাফলং থানায় এক এজাহার দাখিল করেছিলেন নিগৃহীতা। ওই ঘটনার পর থেকে পনদেশ কেম্প্রাই পালিয়ে গা ঢাকা দিয়েছিল। এত দিন পলাতক থেকেও শুক্রবার শেষ রক্ষা হয়নি। হাফলং পুলিশ হাফলঙের পার্শবর্তী শনটিলা থেকে পনদেশকে গ্রেফতার করে।

এদিকে অন্য সূত্রের খবরে প্রকাশ, যুবতীর শ্লীলতাহানী মামলায় অভিযুক্ত পনদেশ সেংইয়ং ঘটনা পর গুয়াহাটি উচ্চ আদাতল থেকে ১০ হাজার টাকা বন্ডে অগ্রিম জামিন লাভ করেছিলেন। অগ্রিম জামিনপ্রাপ্ত অভিযুক্ত পনদেশকে কীভাবে বা কোন অভিযোগে গ্রেফতার করা হয়েছে, সে সম্পর্কে। কোনও তথ্য পুলিশের কাছ থেকে এখনও পাওয়া যায়নি।

# কেকে-র মৃত্যুতে প্রশাসনকে দুষলেন রাজ্যপাল

বাগডোগরা, ৪ জুন (হি.স.): বিশিষ্ট সঙ্গীতশিল্পী কেকে-র আকস্মিক প্রয়াণে বেদনা প্রকাশ করলেন রাজ্যপাল জগদীপ ধনখড়। কেকে-র মৃত্যুর জন্য রাজ্য প্রশাসনকে ""”পরোক্ষভাবে"""" দায়ী করে রাজ্যপাল বলেছেন, কেকে-র মৃত্যুতে আমার হৃদয় ব্যথিত। প্রসঙ্গত, কলকাতায় একটি কলেজের অনুষ্ঠানে গান করতে এসে অসুস্থ হয়ে পড়েছিলেন গায়ক কেকে, পরে তাঁর মৃত্যু হয়।

কেকে-র মৃত্যু প্রসঙ্গে শনিবার বাগডোগরায় সাংবাদিকদের মুখোমুখি হন রাজ্যপাল জগদীপ ধনখড়। তিনি বলেছেন, ‘কেকে-র মৃত্যু বেদনাদায়ক। অনেকেই আমাকে ভিডিও পাঠিয়েছিলেন, সেই সমস্ত ভিডিও আমি দেখেছি। আমার হৃদয় ব্যথিত। অব্যবস্থা মোটেও কাম্য নয়। এটি প্রশাসনের বড় ব্যর্থতা।’

রাজ্যপাল আরও বলেছেন, ‘আমরা যদি প্রতিটি দিক বিবেচনা করি, যাদের সেখানে ব্যবস্থাপনা বজায় রাখার কথা ছিল, উপস্থিত মানুষজনের সংখ্যা নিয়ন্ত্রণ করার কথা, সংকটের ক্ষেত্রে কিছু প্রতিকারমূলক পদক্ষেপ, সব ক্ষেত্রেই ব্যর্থতা ছিল। যাঁদের তদারকি করার কথা ছিল তাঁদের অবশ্যই জবাবদিহি করতে হবে।’

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।